a) উন্নত জাতের চা

b) উন্নত জাতের ইক্ষু

c) উন্নত জাতের পাট

d) উন্নত জাতের ধান　　***ans.* D**

**Solution:** কিছু উন্নত জাতের ধান হলোঃ ইরাটম, হরিধান, ব্রিশাইল, চান্দিনা ইত্যাদি।

| উন্নত জাতের ইক্ষু | উন্নত জাতের পাট | উন্নত জাতের গম |
|---|---|---|
| ঈশ্বরদী-১/৫৩, ঈশ্বরদী-২/৫৪, | ওকারপাস, এইচসি-২, এইচএস-২৪ | আকবর, অগ্রণী, বলাকা, দোয়েল, কাঞ্চন |

**Q. পেট্রোলের আগুন পানি দ্বারা নিভানো যায় না কেন?**

a) পেট্রোলের সাথে পানি মিশে যায়
b) পেট্রোল পানির সাথে মিশে না
c) পেট্রোল পানির চেয়ে হালকা
d) B ও D উভয়ই **ans. D**

**Solution:** পেট্রোল পানির চেয়ে হালকা হওয়ায় পেট্রোলের আগুনে পানি ঢেলে দিলে পেট্রোল পানির উপড়ে ভাসতে থাকে। তাই পানি দ্বারা এ আগুন নিভে না।

**Q. রক্ত জমাট বাঁধতে কোনটি কাজ করে?**

a) লোহিত কণিকা b) অনুচক্রিকা
c) শ্বেতকণিকা d) লসিকা কোষ **ans. B**

**Solution:** দেহের কোন স্থান কেটে গেলে অনুচক্রিকা সে স্থানে রক্ত জমাট বাধায়। ফলে ক্ষতস্থান থেকে রক্তপাত বন্ধ হয়।

**Q. কোন শব্দ শোনার পর কত সেকেন্ড এর রেশ মস্তিষ্কে থাকে?**

a) ১ সেকেন্ড b) ০.১ সেকেন্ড
c) ০.০১ সেকেন্ড d) ০.০০১ সেকেন্ড **ans. B**

**Solution:** কোনো উৎস থেকে সৃষ্ট শব্দ যখন দূরবর্তী কোন মাধ্যমে বাধা পেয়ে উৎসের কাছে ফিরে আসে তখন মূল ধ্বনির যে পুনরাবৃত্তি হয় তাকে শব্দের প্রতিধ্বনি বলে। কোন শব্দ শোনার পর প্রায় ০.১ সেকেন্ড পর্যন্ত এর রেশ আমাদের মস্তিষ্কে থাকে। এই সময়কে শব্দানুভূতির স্থায়িত্বকাল বলে। শব্দের প্রতিধ্বনি শোনার জন্য উৎস ও প্রতিফলকের মধ্যবর্তী শব্দের প্রতিধ্বনি দূরত্ব ন্যূনতম ১৬.৬ মিটার হওয়া প্রয়োজন। শব্দের প্রতিধ্বনি ব্যবহার করে সমুদ্র ও কুয়ার গভীরতা নির্ণয় করা যায়।

**Q. থার্মোমিটারে পারদ ব্যবহার করা হয়, কারণ-**

a) গলনাংক কম b) স্ফুটনাংক বেশি
c) অল্প তাপে বৃদ্ধি পায় d) তরল ধাতু **ans. C**

**Solution:** থার্মোমিটারে পারদ বা মার্কারি (Hg) ব্যবহৃত হয়। থার্মোমিটার তৈরিতে পদার্থের উষ্ণতামিতিক ধর্মকে কাজে লাগানো হয়। তাপমাত্রা পরিবর্তনে পদার্থের যে বিশেষ বিশেষ ধর্ম নিয়মিত পরিবর্তিত হয় এবং যে ধর্মের পরিবর্তন লক্ষ করে সহজে ও সঠিকভাবে তাপমাত্রা নির্ণয় করা যায় তাকে উষ্ণতামিতিক ধর্ম বলে। আর যে সকল পদার্থ উষ্ণতামিতিক ধর্ম ব্যবহার করে থার্মোমিটার তৈরি করা হয় তাকে উষ্ণতামিতিক পদার্থ বলে। পারদ একটা উষ্ণতামিতিক পদার্থ। আর পারদ একমাত্র তরল ধাতু হওয়ায় পারদের প্রসারণ ধর্মকে কাজে লাগিয়ে সহজেই তাপমাত্রা নির্ণয় করা হয়।

**Q. প্রাথমিক বর্ণ নয় কোনটি?**

a) নীল b) সবুজ
c) লাল d) বেগুনী **ans. D**

**Q. যে মসৃণ তলে আলোর নিয়মিত প্রতিফলণ ঘটে তাকে কী বলে?**

a) দর্পণ b) লেন্স
c) প্রিজম d) বিম্ব **ans. A**

**Solution:** যে মসৃণ তলে আলোর নিয়মিত প্রতিফলন ঘটে তাকে দর্পণ বলে। সাধারণত কাঁচের একদিকে ধাতুর (সাধারণত রূপা অথবা মার্কারির) প্রলেপ দিয়ে দর্পণ তৈরি করা হয়। কাঁচের উপর ধাতুর প্রলেপ দেওয়াকে পারা লাগান বা সিলভারিং বলে।

**Q. টেম্পোরারি ফাইল বেশি হলে কী ঘটে?**

a) কম্পিউটার স্লো হয়ে যায়
b) কম্পিউটারের গতি বেড়ে যায়
c) এন্টিভাইরাস কাজ করে না
d) ইন্টারনেটে প্রবেশ করা যায় না। **ans. A**

**Q. একটি ধাতুর উপর জিঙ্ক প্রলেপ দেওয়াকে কী বলে?**

a) ইলেক্ট্রোপ্লেটিং b) ভলকানাইজিং
c) গ্যালভানাইজিং d) টিনপ্রোটিন **ans. C**

**Solution:** লোহার জিনিসকে মরিচার হাত থেকে রক্ষার জন্য জিঙ্ক ধাতুর প্রলেপ দেয়া হয়, একে গ্যালভানাইজিং বলে। ঘরের চালে যে টিন ব্যবহার করা হয় তা জিঙ্কের প্রলেপযুক্ত ইস্পাতের পাত।

**Q. একখণ্ড বরফকে উত্তপ্ত করে পানিতে পরিণত করলে আয়তন**

a) বাড়বে b) প্রথমে কমবে পরে বাড়বে
c) কমবে d) একই থাকবে **ans. C**

**Q. সাধারণ তাপমাত্রার কোন মৌলিক ধাতু তরল অবস্থায় থাকে?**

a) সীসা b) পারদ
c) ক্যালসিয়াম d) লিথিয়াম **ans. B**

**Solution:** পারদ একমাত্র মৌলিক ধাতু যা সাধারণ তাপমাত্রায় তরল থাকে। যার প্রতীক হলো Hg এবং পারমাণবিক সংখ্যা ৮০।

**Q. সূর্য থেকে পৃথিবীতে তাপ আসে কোন পদ্ধতিতে?**

a) বিকিরণ পদ্ধতিতে b) পরিবহণ পদ্ধতিতে
c) পরিচলন পদ্ধতিতে d) সব উপায়ে **ans. A**

**Q. কোনটি চার্জবিহীন?**

a) ইলেকট্রন b) প্রোটন
c) নিউট্রন d) পজিট্রন **ans. C**

**Solution:** মৌলিক পদার্থের সবচেয়ে ক্ষুদ্রতম অংশ হলো পরমাণু। পরমাণুর অভ্যন্তরে থাকে নিউক্লিয়াস। নিউক্লিয়াসের ভেতরে থাকে প্রোটন ও নিউট্রন। প্রোটন ধনাত্মক চার্জ বহন করে, নিউট্রন চার্জহীন। স্বাভাবিক অবস্থায় যে কোন পরমাণুর ইলেকট্রন ও প্রোটনের সংখ্যা সমান। নিউক্লিয়াসের প্রোটনের সংখ্যা হলো মৌলিক পদার্থটির পরিচয়পত্র।

**Q. কোনটি সবচেয়ে মূল্যবান ধাতু?**

a) লিথিয়াম b) প্লাটিনাম
c) গোল্ড d) ম্যাগনেসিয়াম **ans. B**

**Solution:** পৃথিবীতে সবচেয়ে মূল্যবান ও ভারী ধাতু প্লাটিনাম; বেশি প্রাপ্ত ধাতু লোহা। উল্লেখ্য,

| | |
|---|---|
| পটাসিয়াম | সবচেয়ে হালকা ধাতু লিথিয়াম; সক্রিয় ধাতু |
| সোডিয়াম | পানি অপেক্ষা হালকা ধাতু |
| পারদ | সবচেয়ে ভারি তরল |
| গলনাংক | পারদের গলনাংক সবচেয়ে কম |
| টাংস্টেন | সর্বোচ্চ গলনাংকের ধাতু |
| অ্যালুমিনিয়াম | ধাতু হিসেবে প্রকৃতিতে সবচেয়ে বেশি পাওয়া যায় |
| দস্তা | সবচেয়ে ক্ষয়প্রাপ্ত ধাতু |
| স্বাভাবিক তাপমাত্রায় তরল ধাতু পারদ ও সিজিয়াম। | |

***Q.*** **ফিউজ তার কিসের সংকর?**

a) টিন ও লোহা
b) টিন ও সীসা
c) সোনা ও রূপা
d) সোনা ও ব্রোঞ্জ ***ans.* B**

**Solution:** ফিউজ একটি খাটো, সরু এবং কম গলনাঙ্ক বিশিষ্ট তার, যা বিদ্যুৎ পরিবহন করে অনির্দিষ্ট সময়ের জন্য। বেশি বিদ্যুৎ প্রবাহিত হলে তারটি গলে গিয়ে বৈদ্যুতিক বর্তনীকে বিদ্যুৎ সরবরাহ হতে বিচ্ছিন্ন রাখে।

***Q.*** **এক্সরে আবিষ্কার করেন কে?**

a) মার্কনি
b) নিউটন
c) রন্টজেন
d) ফ্যারাডে ***ans.* C**

**Solution:** ১৮৯৫ সালে উইলিয়াম রন্টজেন এক্স-রে রশ্মি আবিষ্কার করেন। উল্লেখ্য, রঞ্জন রশ্মি ক্ষুদ্র তরঙ্গদৈর্ঘ্য বিশিষ্ট এক ধরনের তাড়িত চৌম্বক বিকিরণ। এর অপর নাম এক্স-রে (X-ray)। রঞ্জন রশ্মির তরঙ্গ দৈর্ঘ্য (সাধারণত ১০-০.০১ ন্যানোমিটার) সাধারণ আলোর চেয়ে অনেক কম বলে দর্শন অনুভূতি সৃষ্টি করতে পারে না। তরঙ্গদৈর্ঘ্য যত ছোট হয় পদার্থ ভেদ করার ক্ষমতা তত বেশি হয়। চিকিৎসাক্ষেত্রে রোগ নির্ণয়ে যুগান্তকারী পরিবর্তন এনেছে রঞ্জনরশ্মি।

***Q.*** **জীনের বংশগতির বৈশিষ্ট্য বহন করে-**

a) নিউক্লিয়াস
b) নিউক্লিওলাস
c) ক্রোমোসোম
d) নিউক্লিওপ্লাজম ***ans.* C**

**Solution:** কোষের নিউক্লিয়াসে অবস্থিত সূক্ষ্ম জিন দ্বারা গঠিত ক্রোমোসোম জীবের বংশগতির বৈশিষ্ট্য বহন করে।

***Q.*** **সাবমেরিন ক্যাবল প্রযুক্তিতে নিম্নের কোন ধরণের মাধ্যম ব্যবহৃত হয়?**

a) VAST
b) অপটিক্যাল ফাইবার
c) চুম্বক তরঙ্গ
d) শব্দতরঙ্গ ***ans.* B**

**Solution:** সমুদ্রের তলদেশ দিয়ে স্থাপিত আন্তঃমহাদেশীয় ফাইবার অপটিক কমিউনিকেশনের জন্য সাবমেরিন ক্যাবল স্থাপিত হয়। এ সাবমেরিন ক্যাবল ব্যবহারের কারণ ইন্টারনেট সংযোগ। ফাইবার অপটিক কমিউনিকেশনের মাধ্যমে ইন্টারনেটের ডেটা আলোর গতিতে স্থানান্তরিত হয়।

***Q.*** **কম্পিউটার ভাইরাস কি?**

a) একটি ক্ষতিকারক জীবাণু
b) একটি ক্ষতিকারক সার্কিট
c) একটি ক্ষতিকারক ডিভাইস
d) একটি ক্ষতিকারক প্রোগ্রাম ***ans.* D**

**Solution:** কম্পিউটার ভাইরাস এ ধরনের প্রোগ্রাম যা স্বয়ংক্রিয়ভাবে নির্বাহ (Self Executed), সংক্রমণ (Self Extracted), নিজস্ব সংখ্যাবৃদ্ধি (Self Replicated) করে। এই প্রোগ্রাম কিছু নির্দেশ বহন করে যা কম্পিউটারের সিপিইউ কর্তৃক গ্রহণ করে কম্পিউটারকে অস্বাভাবিক, অগ্রহণযোগ্য এবং অস্বস্তিদায়ক কাজ করতে বাধ্য করে। এই প্রোগ্রামের উদ্দেশ্য কম্পিউটার ব্যবহারকারীকে বিড়ম্বনায় ফেলা। কম্পিউটারের পরিভাষায় ভাইরাস (Virus) শব্দটির পূর্ণরূপ হলো Vital Information Resources Under Seize অর্থাৎ গুরুত্বপূর্ণ উৎসগুলো বাজেয়াপ্ত করা হয়েছে। গবেষক ফ্রেডরিক কোহেন (Frederick Cohen) এই ভাইরাসের নামকরণ করেন। এটি একটি Software বা প্রোগ্রাম যা দ্বারা কম্পিউটারের অপারেটিং সিস্টেম ক্ষতিসাধন করে।

***Q.*** **সাবান উৎপাদনে কারখানায় উপজাত হিসেবে কি উৎপন্ন হয়?**

a) ফ্যাটি এসিড
b) ডিটারজেন্ট
c) গ্লিসারিন
d) সোডা ***ans.* C**

**Solution:** ক্ষার ও ফ্যাটি অ্যাসিড বা স্নেহ পদার্থের বিক্রিয়ায় তৈরি হয় সাবান। বিজ্ঞানের পরিভাষায় এই প্রক্রিয়াটিকে বলা হয় স্যাপোনিফিকেশন। সাবান তৈরির সময় এর উৎপাদন বিক্রিয়ার একটি উপজাত পদার্থ হিসেবে তৈরি হয় গ্লিসারিন। এই গ্লিসারিনের জন্যই সাবান আর্দ্রতা তৈরি করতে পারে।

***Q.*** **গ্রিন হাউজ ইফেক্টের জন্য বাংলাদেশে কোন ধরণের ক্ষতি হতে পারে?**

a) নিম্নভূমি নিমজ্জিত হবে
b) তাপমাত্রা বৃদ্ধি পাবে
c) বৃষ্টিপাত কমবে
d) বৃষ্টিপাত বাড়বে ***ans.* A**

**Solution:** পৃথিবীর তাপমাত্রা বেড়ে গেলে পাহাড়ের শীর্ষে এবং মেরু অঞ্চলে জমে থাকা বরফ গলে গিয়ে সমুদ্রতলের উচ্চতা বেড়ে যেতে পারে। ফলে, সমুদ্র উপকূলবর্তী নিম্নভূমি নিমজ্জিত হতে পারে। গ্রীন হাউস ইফেক্টের পরিণতিতে বাংলাদেশের নিম্নভূমি নিমজ্জিত হতে পারে।

***Q.*** **কম্পিউটারে ডাটাবেজ তৈরির জন্য কোন সফটওয়্যারটি বেশি উপযোগী?**

a) এমএস এক্সেল
b) পাওয়ার পয়েন্ট
c) এমএস এক্সেস
d) নোটপ্যাড ***ans.* A**

**Solution:** এমএস এক্সেল দ্রুত হিসাব-নিকাশ করার জন্য ব্যবহৃত হয়। এখানে ৬৫,৫৩৬টি রো বা সারি থাকে এবং ২৫৬টি কলাম এবং ১,৬৭,৭৭,২১৬টি ঘর বা ছেল থাকে।

***Q.*** **কী বোর্ডের Key কোন টি সাধারণতঃ Help key হিসেবে ব্যবহৃত হয়?**

a) F12
b) F5
c) F1
d) F2 ***ans.* C**

**Solution:** Key board এর মধ্যে বর্ণ, সংখ্যা এবং বিশেষ চিহ্নের বিভিন্ন Key গুলো সারিবদ্ধভাবে সাজানো থাকে। বর্তমানে প্রচলিত Key board গুলোতে সর্বোচ্চ ১০৫টি

Key রয়েছে। এর মধ্যে যোগ (+), বিয়োগ (-), গুণ (*), ভাগ (/) সহ 0 থেকে 9 পর্যন্ত মোট ১৭টি Numeric Key রয়েছে। আর F1 থেকে F12 পর্যন্ত মোট এই ১২টি Function Key রয়েছে।

| নাম | কি কাজে ব্যবহৃত হয় |
|---|---|
| F1 | যেকোন প্রোগ্রামের Help মেনু দেখতে |
| F2 | কোনো File বা Folder এর নাম পরিবর্তন (Rename) করতে |
| F3 | কোনো কিছু Search করার জন্য |
| F4 | MS Word এর Last action performed repeat এবং Alt+F4 চেপে সক্রিয় সব প্রোগ্রাম বন্ধ করা যায় |
| F5 | এটি MS Word এ Find, Replace, Go to উইন্ডো খোলা হয়। তাছাড়া যে কোন Page রিফ্রেশ, পাওয়ার পয়েন্টে স্লাইড শো শুরু ও বন্ধ করা |
| F6 | মাউসের কারসরকে ইন্টারনেট ব্রাউজারের অ্যাড্রেসবারে নিয়ে যেতে চাইলে এই বাটন ব্যবহার করা হয় |
| F7 | MS Word এ লেখা বানান ও ব্যাকরণ সঠিক করা; Shift+F7 চেপে মাইক্রোসফট ওয়ার্ডে কোনো নির্বাচিত শব্দের প্রতিশব্দ, বিপরীত শব্দ, শব্দের ধরণ ইত্যাদি জানার Dictonary চালু করা হয় |
| F8 | অপারেটিং সিস্টেম Safe Mood এ চালু করার জন্য |
| F9 | কোয়ার্ক এক্সপ্রেসের মেজারমেন্ট টুলবার চালু করার জন্য |
| F10 | ইন্টারনেট ব্রাউজার বা কোনো খোলা উইন্ডোজ মেনুবার নির্বাচন করার জন্য |
| F11 | যেকোনো সক্রিয় উইন্ডো পর্দাজুড়ে দেখতে এবং স্বাভাবিক অবস্থায় আনতে |
| F12 | MS Word এ Save as উইন্ডো চালু করা হয়। কম্পিউটারে শুধু F12 চেপে বাংলা থেকে ইংরেজি বা ইংরেজি থেকে বাংলা মুডে যাওয়া যাবে। ল্যাপটপে Fn+F12 চাপতে হবে |

***Q.*** **ইলেকট্রিক বাল্বের ফিলামেন্ট কী দিয়ে তৈরি হয়?**

a) আয়রন b) কার্বন
c) টাংস্টেন d) লেড ***ans.* C**

**Solution:** বৈদ্যুতিক বাল্বের ভিতরে ফিলামেন্ট নামক বিশেষ এক ধরনের তারের কুণ্ডলী থাকে যার মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হলে তাপ ও আলো উৎপন্ন হয়। এ ফিলামেন্টটি টাংস্টেন নামক এক প্রকার ধাতুর তৈরি।

***Q.*** **কোন পানিতে অক্সিজেন এর পরিমাণ বেশি?**

a) নদী b) সমুদ্র
c) লেক d) বিল ***ans.* A**

**Solution:** নদীর পানিতে সাধারণত অক্সিজেনের পরিমাণ বেশি থাকে। কারণ নদীর পানি প্রবাহিত হয় এতে ঢেউ ও স্রোতের কারণে পানি বাতাসের সংস্পর্শে বেশি আসে যার কারণে অক্সিজেনের মাত্রা বৃদ্ধি পায়। অপর দিকে লেক ও বিলের পানি স্থির থাকে বলে অক্সিজেন কম মিশতে পারে এবং সমুদ্রের গভীরতা ও লবণাক্ততার কারণে সেখানে অক্সিজেনের পরিমাণ তুলনামূলক কম।

***Q.*** **কম্পিউটারকে হ্যাকিং থেকে রক্ষাকারি-**

a) Virus b) Backup
c) Antivirus d) Firewall ***ans.* D**

**Solution:** সাইবার আক্রমন এড়াতে Firewall ব্যবহার করা যায়। Firewall প্রোটেক্টেড সিস্টেমে সাধারণ নেটওয়ার্কের ভিতর থেকে বাহিরের সবকিছু ব্যবহার করা যায়, তবে অন্য কোন অনাদিষ্ট ব্যবহারকারী এই নেটওয়ার্কে প্রবেশ করতে পারে না। শুধু বৈধ ব্যবহারকারীগণ এটি ব্যবহার করতে পারেন।

***Q.*** **ভোল্টেজ উঠানামা রোধ করার জন্য কী ব্যবহার করা হয়?**

a) অ্যামিটার b) গ্যালভানোমিটার
c) স্টাবিলাইজার d) অ্যাডাপ্টার ***ans.* C**

***Q.*** **অপটিক্যাল ফাইবারে আলোর কোন ঘটনাটি ঘটে?**

a) প্রতিসরণ b) অভ্যন্তরীণ প্রতিফলন
c) অপবর্তণ d) বিচ্ছুরণ ***ans.* B**

**Solution:** অপটিক্যাল ফাইবার হলো অন্তরক পদার্থের (সিলিকা; সোডা বোরো সিলিকেট, সোডা লাইম সিলিকেট, সোডা অ্যালুমিনা সিলিকেট ইত্যাদি মাল্টি কমপোনেন্ট কাঁচ; ডাই-ইলেকট্রিক পদার্থ) তৈরি এক ধরনের আঁশ, যা আলো নিবদ্ধকরণ ও পরিবহণে সক্ষম। এতে ভিন্ন প্রতিসরাংকের ডাই-ইলেকট্রিক পদার্থ ব্যবহৃত হয়। এর গুণগত বৈশিষ্ট্য হলো অতি স্বচ্ছতা, রাসায়নিক সুস্থিরতা বা নিষ্ক্রিয়তা ও সহজ প্রক্রিয়াকরণ যোগ্যতা। ফাইবার অপটিকের তিনটি অংশ থাকে এগুলো হলোঃ কোর, ক্ল্যাডিং এবং জ্যাকেট।

***Q.*** **একটি গবেষণাগারে সংযুক্ত কম্পিউটারগুলো কোন নেটওয়ার্কে সংযুক্ত?**

a) LAN b) MAN
c) WAN d) PAN ***ans.* A**

**Solution:** LAN শব্দটির পূর্ণরূপ Local Area Network. LAN স্বল্প পরিসরের জায়গার জন্য ব্যবহৃত হয়। সাধারণত ১০ কিলোমিটার এর কম পরিসরের জায়গার মধ্যে প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার সংযুক্ত করে যে নেটওয়ার্ক তৈরি করা হয় তাকে LAN বলে। বেশির ভাগ LAN বিল্ডিং বা দুই তিনটি পাশাপাশি অবস্থিত বিল্ডিং এর মধ্যে নেটওয়ার্ক প্রতিষ্ঠা করতে ব্যবহৃত হয়। এটি সাধারণত স্কুল, কলেজ বা বিশ্ববিদ্যালয়, কোনো বড় অফিস বিল্ডিংয়ে ব্যবহার করা হয়।

***Q.*** **উইন্ডোজ কোন ধরণের অপারেটিং সিস্টেম?**

a) বর্ণভিত্তিক b) চিত্রভিত্তিক
c) উভয়ই d) কোনটি নয় ***ans.* B**

***Q.*** **অভিকর্ষ হল বস্তুর উপর -**

a) উর্ধ্বমুখী বল b) নিম্নমুখী বল
c) কেন্দ্রমুখী বল d) সবগুলো ***ans.* C**

**Solution:** পৃথিবী ও তার নিকটস্থ বস্তুর মধ্যে যে টান তাকে অভিকর্ষ বা মাধ্যাকর্ষণ বলে। মূলতঃ অভিকর্ষ বলে কোন বস্তুকে পৃথিবীর কেন্দ্রের দিকে আকর্ষণ করে। তাই অভিকর্ষ হলো বস্তুর উপর কেন্দ্রমুখী বল। মাধ্যাকর্ষণ শক্তির ধারণা আবিস্কার করেন বিজ্ঞানী নিউটন। অভিকর্ষ বল বা মাধ্যাকর্ষণ বলের কারণে পৃথিবীর ঘূর্ণনকালীন সময়ে আমরা ছিটকে পড়ি না।

***Q.*** **কোনটি মাল্টিমিডিয়া সফটওয়্যার?**

a) মাইক্রোসফট ওয়ার্ড
b) মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট
c) মাইক্রোসফট এক্সেল
d) মাইক্রোসফট এক্সেস ***ans.* B**

**Solution:** Microsoft PowerPoint হলো মাইক্রোসফট Corporation এ তৈরিকৃত একটি Presentation Design Software যার মাধ্যমে অত্যাধুনিক প্রযুক্তির কোন বিষয়কে দর্শকদের কাছে বড় পর্দায় প্রেরণ করার জন্য Slide তৈরি করে Slide Show করা হয়।

এটি এমন একটি কম্পিউটার প্রোগ্রাম যা গতিশীল দৃশ্যমান প্রেজেন্টেশন তৈরি ও গঠন করতে পারে এবং যার মধ্যে নিম্নলিখিত বিষয়বস্তুগুলো অন্তর্ভুক্ত করা যায়। যেমনঃ রঙিন ছবি বা ইমেজ, শব্দ, সচল চিত্র বা এনিমেশন, চার্ট ও গ্রাফ এবং যা শ্রোতাদের জন্য লিখিত বক্তব্য তৈরি করে দেবে। প্রেজেন্টেশনের প্রতিটি স্লাইড নিজ কম্পিউটারের সাহায্যে চালানো যাবে। Microsoft PowerPoint এগুলো সবই করতে সক্ষম। শুধু তাই নয়, আরও অনেক কিছুই করতে সক্ষম।

***Q.*** **দূরবর্তী স্থানে ইন্টারনেট সংযোগ দিতে ব্যবহার করা হয়**
a) Dial-up b) Satellite
c) Modem d) DSL ***ans.* B**

**Solution:** স্যাটেলাইট প্রযুক্তি বর্তমানে সবচেয়ে বেশি ব্যবহারযোগ্য এবং যেকোন স্থানে সহজেই সংযোগ করতে সক্ষম। যদিও দূরবর্তী স্থানে ইন্টারনেট সংযোগের জন্য কোন প্রযুক্তি উপযুক্ত হবে তা নির্ভর করে এলাকার ভৌগলিক অবস্থান, প্রযুক্তির প্রাপ্যতা, এবং খরচের উপর।

***Q.*** **বিশ্বের বৃহত্তম হ্রদ কোনটি?**
a) কাস্পিয়ান সাগর b) সুপিরিয়র হ্রদ
c) ভিক্টোরিয়া হ্রদ d) বৈকাল হ্রদ ***ans.* A**

**Solution:** এশিয়া ও ইউরোপের মাঝে অবস্থিত কাস্পিয়ান সাগর। তৎকালীন সময়ে পৃথিবীর পূর্নাঙ্গ মানচিত্র না থাকায় একে সাগর মনে করে ভুল করা হতো। চারদিকে ভূমি দ্বারা বেস্টিত কাস্পিয়ান সাগর আয়তন অনুসারে পৃথিবীর বৃহত্তম আবদ্ধ জলাশয়। এর আয়তন ৩৭১,০০০ বর্গ কিলোমিটার। এজন্যই একে পৃথিবীর বৃহত্তম হ্রদ হিসেবে আখ্যায়িত করা হয়েছে যার আয়তন একটি সম্পূর্ণ সাগরের সমান। কাস্পিয়ান সাগরকে ঘিরে থাকা এশিয়া ও ইউরোপের দেশগুলো হলো কাজাখস্তান, আজারবাইজান, ইরান, তুর্কমেনিস্তান ও রাশিয়া।

***Q.*** **বাংলাদেশের কোন উপজাতির সংখ্যা বেশি?**
a) মারমা b) গারো
c) সাওতাল d) চাকমা ***ans.* D**

**Solution:** বাংলাদেশের বৃহত্তম উপজাতি চাকমা। এদের বসবাস পার্বত্য চট্টগ্রামে। দেশের দ্বিতীয় বৃহত্তম উপজাতি সাঁওতাল। এদের বসবাস রাজশাহী, রংপুর, বগুড়া ও দিনাজপুর জেলায়।

***Q.*** **কোনটি জি-৮ ভুক্ত দেশ?**
a) নাইজেরিয়া b) জাপান
c) দক্ষিণ কোরিয়া d) তুরস্ক ***ans.* B**

**Solution:** 'জি-৮ বা গ্রুপ অব এইট' বিশ্বের আটটি শিল্পোন্নত দেশের নাম হলোঃ ফ্রান্স, রাশিয়া, কানাডা, জার্মানি, ইটালি, জাপান, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র।

***Q.*** **মেক্সিকোর মুদ্রার নাম-**
a) দিনার b) ডলার
c) দিরহাম d) পেসো ***ans.* D**

**Solution:** মেক্সিকোর মুদ্রার নাম পেসো।

| মুদ্রার নাম | দিনার | দিরহাম | পেসো |
|---|---|---|---|
| দেশের নাম | মেসিডেনিয়া, সার্বিয়া, বাহরাইন, ইরাক, জর্ডান, কুয়েত | সংযুক্ত আরব আমিরাত | আর্জেন্টিনা, চিলি, কলম্বিয়া, উরুগুয়ে |

***Q.*** **কোন দুর্যোগটি শুধু সাগরে সংঘঠিত হয়?**
a) কালবৈশাখী b) সুনামি
c) ভূমিকম্প d) বন্যা ***ans.* B**

***Q.*** **বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য?**
a) ১৬৬ b) ১৫৬
c) ১৪৬ d) ১৩৬ ***ans.* D**

**Solution:** ১৯৭৪ সালের মধ্যেই বাংলাদেশ বিশ্বের অধিকাংশ রাষ্ট্র ও জাতিসংঘসহ প্রায় সকল আন্তর্জাতিক সংস্থার স্বীকৃতি লাভ করে। সাধারণ পরিষদের সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী ১৭ সেপ্টেম্বর ১৯৭৪ সালের বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম সদস্য হিসেবে যোগদান করে।

***Q.*** **কোন নদী বাংলাদেশে উৎপন্ন হয়ে বাংলাদেশেই সমাপ্ত হয়েছে?**
a) সুরমা b) হালদা
c) সাঙ্গু d) কর্ণফুলী ***ans.* B**

**Solution:** হালদা নদী পার্বত্য অঞ্চল খাগড়াছড়ির রামগড় উপজেলার ১ নং পাতাছড়া ইউনিয়নের পাহাড়ি ক্রিক থেকে উৎপন্ন হয়ে পাহাড়ের বাঁকে বাঁকে বয়ে ফটিকছড়ি, হাটহাজারী, রাউজান, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম শহরের চাঁদগাঁও হয়ে পড়েছে ইতিহাস খ্যাত আরেক নদী কর্ণফুলীতে।

***Q.*** **বাংলাপিডিয়া কারা প্রকাশ করে?**
a) ঢাকা বিশ্ববিদ্যালয়
b) বাংলা একাডেমী
c) শিল্পকলা একাডেমী
d) এশিয়াটিক সোসাইটি ***ans.* D**

**Solution:** বাংলাপিডিয়া এশিয়াটিক সোসাইটির (১৯৫২ সালে প্রতিষ্ঠিত হয়) উদ্যোগে গঠিত হয়েছে। বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি

## ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লি. (মেট্রোরেল)

পদের নামঃ টিকেট মেশিন অপারেটর
তারিখঃ ১৬.১১.২০২৪: সময়ঃ ৬০ মিনিট: পূর্ণমানঃ ৮৫

***Q.*** **IoT মানে কী?**
a) Internet of Technologies
b) Internet of Things
c) Internet of Transmission
d) Internet of Technologies ***ans.* B**

**Solution:** ইন্টারনেট অব থিংস (IoT) হলো ইলেকট্রনিকস, সফটওয়্যার, সেন্সর ও নেটওয়ার্ক সংযোগের সঙ্গে যুক্ত ফিজিক্যাল অবজেক্ট। এটি এমন একটি নেটওয়ার্ক, যেখানে এম্বেডেড সেন্সর ব্যবহার করে তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং পরিবর্তন করা সম্ভব। এর মাধ্যমে অনেক ডিভাইস একটি আরেকটির সঙ্গে ইন্টারনেট দ্বারা যুক্ত থাকে এবং তাদের মধ্যে ডাটা আদান-প্রদান করে।

***Q.*** **MS Word এ একটা নতুন Document খোলার জন্য কোন Key combination ব্যবহার করতে হবে।**
a) Ctrl + W b) Shift + N
c) Ctrl + N d) Alt + N ***ans.* C**

**Solution:** MS Word এ কিছু শর্টকার্ট কমান্ডঃ

| কীবোর্ড কমান্ড | কাজ |
|---|---|
| Ctrl + S | Save |
| Ctrl + C | Copy |
| Ctrl + X | Cut |
| Ctrl + V | Paste |
| Ctrl + Z | Undo |
| Ctrl + Y | Redo |
| Ctrl + P | Print |

| কীবোর্ড কমান্ড | কাজ |
|---|---|
| Ctrl + E | Central Alignment |
| Ctrl + L | Left Alignment |
| Ctrl + R | Right Alignment |
| Ctrl + J | Justify Alignment |
| Ctrl + N | Open a new window |
| Ctrl + H | Replace |
| Ctrl + F | Find |

***Q.*** **LINUX কী?**

a) Malware b) Operating System
c) Application Program d) Firmware ***ans.* B**

**Solution:** Open Source Operating System হলো ঐ ধরনের একটি Operating System সোর্স কোড যা সবার জন্য উন্মুক্ত, বিনামূল্যে সংগ্রহ করা যায় এবং যে কেউ এই সকল কোড তার খুশীমত পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন ইত্যাদি করে নিজে ব্যবহার ও অন্যকে ব্যবহারের জন্য বিতরণ করতে পারে। যেমনঃ Linux (Ubuntu, Debian, Redht, Fedora, Suse etc) Open Solaries, Haiku, Darwin, Plan 9 ইত্যাদি।

***Q.*** **কোন ই- মেইলে 'CC' এর অর্থ কী?**

a) Close Circuit b) Carbon Copy
c) Close Contact d) Close Copy ***ans.* B**

**Solution:** 'CC' দিয়ে Carbon Copy বুঝায়। উল্লেখ্য, 'CC' এর ঘরে সে সমস্ত ঠিকানা টাইপ করতে হয় যাদের বরাবর প্রেরক ই-মেইল কপি পাঠাতে চায়। এখানে ই-মেইল ঠিকানাগুলো পরপর কমা দিয়ে টাইপ করতে হয়।

***Q.*** **MS Excel এ সঠিক ভাবে লেখা ফর্মুলা কোনটি?**

a) Sum (C9 : C12)
b) Sum (C9 + C12)
c) Sum (C9 : C12)
d) = Sum (C9 : C12) ***ans.* D**

**Solution:** MS Excel এ সঠিক ভাবে লেখা ফর্মুলা হলো = Sum (C9 : C12). উল্লেখ্য, ফর্মুলা হলো ইকুয়েশন যা ওয়ার্কসিটের ভেলুর ক্যালকুলেশন করে। কোনো সেলে বিভিন্ন সেলের সংখ্যার ক্যালকুলেশন বের করার জন্য ঐ সেলে কার্সর রেখে = (সমান চিহ্ন) লিখে যেসব সেলের সংখ্যার ক্যালকুলেশন বের করতে হবে সেসব সেল অ্যাড্রেসের সাথে গাণিতিক অপারেটর ব্যবহার করে ফর্মুলা লিখতে হয়।

***Q.*** **MS Word এ 'λ' চিহ্নটি কিভাবে আনা যাবে?**

a) Insert > Symbol
b) Tools > Symbol
c) Macro > Symbol
d) Format > Symbol ***ans.* A**

***Q.*** **মেট্রোরেলের চলমান অংশের নাম কি?**

a) লাইন ১ b) লাইন ২
c) লাইন ৫ d) লাইন ৬ ***ans.* D**

**Solution:** মেট্রোরেলের চলমান প্রকল্পের নাম হলো MRT Line-6; মেট্রোরেলের দৈর্ঘ্য ২১.২৬ কিলোমিটার; ৪ নভেম্বর ২০২৩ সালে দেশের প্রথম মেট্রোরেলের আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত উদ্বোধন করা হয়। এর আগে ২৮ ডিসেম্বর ২০২২ সালে রাজধানী ঢাকার দিয়াবাড়ি থেকে আগারগাঁও অংশে প্রথম মেট্রোরেল চালু হয়।

***Q.*** **ভাদ্র ও আশ্বিন এই দুই মাস নিয়ে —— কাল।**

a) বর্ষা b) শরৎ
c) হেমন্ত d) বসন্ত ***ans.* B**

**Solution:** বাংলাদেশে মোট ঋতুর সংখ্যা ৬টি। সেগুলো হলোঃ

| গ্রীষ্ম | বর্ষা | শরৎ | হেমন্ত | শীত | বসন্ত |
|---|---|---|---|---|---|
| বৈশাখ ও জ্যৈষ্ঠ | আষাঢ় ও শ্রাবণ | ভাদ্র ও আশ্বিন | কার্তিক ও অগ্রহায়ণ | পৌষ ও মাঘ | ফাল্গুন ও চৈত্র |

***Q.*** **বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে শহিদ আবু সাঈদ জুলাই মাসের কোন তারিখে গুলিবিদ্ধ হন?**

a) ১৬ b) ১৭
c) ১৮ d) ১৯ ***ans.* A**

**Solution:** বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে পুলিশের গুলিতে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদের শহিদ হন ১৬ জুলাই ২০২৪ সালে।

***Q.*** **'বগা লেক' কোন জেলায়?**

a) সিলেট b) কুমিল্লা
c) নেত্রকোনা d) বান্দরবান ***ans.* D**

**Solution:** 'বগা লেক', বান্দরবান জেলায় অবস্থিত। বাংলাদেশে উল্লেখযোগ্য হ্রদসমূহঃ

| হ্রদের নাম | আয়তন | অবস্থান |
|---|---|---|
| কাপ্তাই লেক | ১,৭২২ কিমি | কাপ্তাই, রাঙামাটি |
| বগা লেক | ১৫ একর (প্রায়) | রুমা, বান্দরবান |
| ফয়'স লেক | ৩৩৬ একর | খুলশী, চট্টগ্রাম |
| মহামায়া লেক | ১১ বর্গ কিমি | মীরসরাই, চট্টগ্রাম |
| মহালছড়ি হ্রদ | | খাগড়াছড়ি |
| মাধবপুর লেক | | কমলগঞ্জ, মৌলভীবাজার |

উল্লেখ্য, দেশের বৃহত্তম কৃত্রিম লেক বা হ্রদ হলো কাপ্তাই লেক বা হ্রদ (আর ২য় বৃহত্তম মহামায়া লেক, চট্টগ্রাম)।

***Q.*** **পুরানো ঢাকা দিয়ে কোন Metro Line যাবে?**

a) লাইন-১ b) লাইন-২
c) লাইন-৪ d) লাইন-৬ ***ans.* B**

**Solution:** একনজরে এমআরটি লাইন বৃত্তান্তঃ

| নাম | রুট | দৈর্ঘ্য | স্টেশন | ধরন |
|---|---|---|---|---|
| লাইন-১ | বিমানবন্দর, পূর্বাচল, কমলাপুর | ৩১.২৪ | ২১টি | উড়াল ও পাতাল |
| লাইন-২ | গাবতলী-চট্টগ্রাম রোড | ২৪ | | উড়াল ও পাতাল |
| লাইন-৪ | কমলাপুর-নারায়ণগঞ্জ | ১৬ | | উড়াল |
| লাইন-৫(উত্তরা) | হোমায়েতপুর-ভাটারা | ২০ | ১৪টি | উড়াল ও পাতাল |
| লাইন-৫(দক্ষিণ) | গাবতলী-দাশেরকান্দি | ১৭.৪০ | ১৬টি | উড়াল ও পাতাল |
| লাইন-৬ | উত্তরা-কমলাপুর | ২১.০২৬ | ১৭টি | উড়াল |

সরকার ২০৩০ সালের মধ্যে এই ৬টি মেট্রোরেল প্রকল্প সম্পন্ন করার পরিকল্পনা করেছে। এতে মোট মেট্রোরেলের মোট দৈর্ঘ্য হবে ১২৯.৯০১ কিমি এবং স্টেশন হবে ১০৫টি।

**Q.** বাংলাদেশে মেট্রোরেলের কোচ কোন দেশ থেকে আমদানি করা হয়েছে?

a) জাপান b) চীন

c) ফ্রান্স d) যুক্তরাজ্য ***ans.* A**

**Solution:** বাংলাদেশে মেট্রোরেলের কোচ জাপান থেকে আমদানি করা হয়েছে। উল্লেখ্য, কোচগুলো জাপানের কাওয়াসাকি-মিতসুবিশি কনসোর্টিয়াম কোম্পানি লিমিটেড তৈরি করছে। বাংলাদেশে এই কোচ আমদানিকারক প্রতিষ্ঠান ঢাকা মাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)। ৪ মার্চ ২০২১ সালে বাংলাদেশ সময় বিকেল তিনটায় জাপানের কোবে বন্দর থেকে ঢাকার উদ্দেশে যাত্রা শুরু করে কোচের সেটগুলো। ৩১ মার্চ ২০২১ সালে বিকেল সাড়ে চারটায় মোংলা বন্দরে পৌঁছে।

**Q.** নোবেল পুরস্কারের প্রবর্তক দেশ কোনটি?

a) সুইডেন b) যুক্তরাষ্ট্র

c) ফ্রান্স d) জার্মানি ***ans.* A**

**Solution:** নোবেল পুরস্কারের প্রবর্তক দেশ হলো সুইডেন। উল্লেখ্য, ১৯০১ সাল থেকে বিজ্ঞানী আলফ্রেড নোবেল এর নামানুসারে চালু হয় বিশ্বের অন্যতম সম্মানজনক পুরস্কার 'নোবেল'। প্রতিবছর সারা পৃথিবীর বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সফল এবং অনন্যসাধারণ গবেষণা উদ্ভাবন ও মানবকল্যাণমূলক কর্মকাণ্ডের জন্য তাঁর সম্পত্তির অর্থ দিয়ে পুরস্কার প্রদান করা হবে। পাঁচটি ক্ষেত্রে পদার্থবিজ্ঞান, রসায়ন, চিকিৎসা, সাহিত্য, শান্তিতে পুরস্কারের কথা বলে যান তিনি। আলফ্রেড নোবেল উইলে পাঁচটি বিষয়ে নোবেল পুরস্কার দেওয়ার কথা উল্লেখ করেন। সেখানে তিনি অর্থনীতিতে নোবেল পুরস্কার নিয়ে কিছু বলেননি। ১৯৬৮ সালে সুইডিশ কেন্দ্রীয় ব্যাংক সেভেরিজেস রিক্সব্যাংক তাঁদের ৩০০ বছর পূর্তিতে নোবেল ফাউন্ডেশনকে একটি বিরাট অঙ্কের অর্থ দান করে। এই অর্থ দিয়ে আলফ্রেড নোবেল এর সম্মান রক্ষার্থে একটি নতুন পুরস্কার প্রদান করা হবে বলে ঠিক করা হয়। ১৯৬৯ সাল থেকে অর্থনীতিতে নোবেল পুরস্কার প্রদান করা হয়।

**Q.** তুরস্কের মুদ্রার নাম কী?

a) ইউরো b) লিরা

c) পাউন্ড d) দিনার ***ans.* B**

**Solution:** কয়েকটি দেশের মুদ্রার নাম নিচে দেয়া হলেঃ

| দেশের নাম | মুদ্রার নাম | দেশের নাম | মুদ্রার নাম |
|---|---|---|---|
| উজবেকিস্তান | সোম | ভুটান | গুলট্রাম |
| তুরস্ক | লিরা | উত্তর ও দক্ষিণ কোরিয়া | ওন |
| তাজিকিস্তান | সোমনি | লাওস | কিপ |
| থাইল্যান্ড | বাথ | মালয়েশিয়া | রিঙ্গিত |
| তুর্কমেনিস্তান, আজারবাইজান | মানাত | ফিলিপাইন | পেসো |
| ভিয়েতনাম | ডং | ইসরাইল | শেকেল |

**Q.** কানাডার রাজধানী কোনটি?

a) মন্ট্রিল b) টরেন্টো

c) ভ্যাঙ্কুভার d) অটোয়া ***ans.* D**

**Solution:**

| দেশ | তুরস্ক | চীন | কানাডা |
|---|---|---|---|
| রাজধানী | আঙ্কারা | বেইজিং | অটোয়া |

**Q.** আগ্নেয়গিরি থেকে বের হওয়া গলিত শিলা কী নামে পরিচিত?

a) ছাই b) ম্যাগমা

c) লাভা d) গ্রানাইট ***ans.* B**

**Q.** সূর্য্য রশ্মিতে কোন ভিটামিন থাকে?

a) A b) B

c) C d) D ***ans.* D**

**Solution:** সূর্যকিরণ হতে ভিটামিন ডি পাওয়া যায়। সূর্যকিরণের অতি-বেগুনী রশ্মি (UV- ray) ত্বকে ভিটামিন ডি তৈরিতে সাহায্য করে। এজন্য শিশুদেরকে কিছুক্ষণের জন্য রোদে খেলাধুলা করতে দেওয়া উচিত। ভোজ্য তেল, দুধ, দুগ্ধজাত খাদ্য (মাখন, ঘি প্রভৃতি), মাছের তেল, ডিমের কুসুম ভিটামিন ডির প্রধান উৎস। ভিটামিন ডি পরিশোষণে স্নেহ জাতীয় পদার্থ অপরিহার্য। ভিটামিন ডি অস্থি এবং দন্ত গঠনে সহায়তা করে। ভিটামিন ডি এর অভাবে ছোটদের রিকেটস এবং বড়দের অস্টিওম্যালাশিয়া রোগ হয়।

**Q.** ADB এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

a) ফিলিপাইন b) ফ্রান্স

c) জাপান d) চীন ***ans.* A**

**Solution:** ADB (Asian Development Bank) এর সদর দপ্তর ফিলিপাইনের ম্যানিলায় এবং এর সদস্য দেশ ৬৮টি। এটি প্রতিষ্ঠিত হয় ২২ আগস্ট ১৯৬৬ সালে।

**Q.** ভূপৃষ্ঠ থেকে উপরে উঠলে বস্তুর ওজন —

a) বাড়ে b) কমে

c) যে কোনোটি হতে পারে d) একই থাকে ***ans.* B**

**Q.** বাংলাদেশে ড্রাইভিং লাইসেন্স দেয় কোন সংস্থা?

a) BTRC b) BRTC

c) BRTA d) BSTI ***ans.* C**

**Q.** বর্তমানে বাংলাদেশ ব্যাংকের গর্ভনর কে?

a) আহসান এইচ মনসুর b) সালেহ উদ্দিন

c) ওয়াহিদ উদ্দিন মাহমুদ d) আশিক চৌধুরী ***ans.* A**

**Solution:** বাংলাদেশ ব্যাংকের ১৩তম গভর্নরের দায়িত্ব পেয়েছেন বিশিষ্ট গবেষক আহসান এইচ মনসুর।

**Q.** মধ্যপ্রাচ্যে MBS নামে পরিচিত ব্যক্তিটি কে?

a) সৌদি ক্রাউন প্রিন্স b) দুবাইয়ের শাসক

c) মিশরের প্রেসিডেন্ট d) জর্ডানের রাজা ***ans.* A**

**Q.** ভারতের বর্তমান পররাষ্ট্র মন্ত্রী কে?

a) অরুন জেটলি b) সুষমা রাজ

c) রাজনাথ সিং d) এস জয়শঙ্কর ***ans.* D**

**Solution:** ভারতের বর্তমান পররাষ্ট্র মন্ত্রী হলেন এস জয়শঙ্কর।

**Q.** Post Script হলো একটি:

a) প্রিন্টার b) স্ক্যানার

c) প্রিন্টারের ভাষা d) কোনটিই নয় ***ans.* C**

**Q.** ঢাকা মেট্রোরেল কবে চালু হয়?

a) ২৬ নভেম্বর, ২০২২ b) ১৮ জানুয়ারি, ২০২২

c) ২৮ ডিসেম্বর, ২০২২ d) ২৫ মার্চ, ২০২৩ ***ans.* C**

**Solution:** দেশের প্রথম মেট্রোরেল উদ্বোধন করা হয় ২৮ ডিসেম্বর ২০২২ সালে। উল্লেখ্য, জাপানের আর্থিক ও কারিগরি সহযোগিতায় উত্তরার দিয়াবাড়ি থেকে কমলাপুর পর্যন্ত ২১ দশমিক ২৬ কিলোমিটার মেট্রোরেল নির্মাণের এ প্রকল্প বাস্তবায়ন করছে সরকার। নির্মাণকাজ চলার মধ্যে প্রথম দফায় উত্তরা থেকে আগারগাঁও পর্যন্ত মেট্রোরেল উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। বৃহস্পতিবার (২৮ ডিসেম্বর ২০২২) থেকে ১১ দশমিক ৭৩ কিলোমিটার দীর্ঘ এই পথে বৈদ্যুতিক ট্রেনে চলাচল করা শুরু করে।

## পল্লী বিদ্যুৎ সমিতি, দিনাজপুর

পদের নামঃ মিটার রিডার কাম মেসেঞ্জার

তারিখঃ ৩০.১১.২০২৪: সময়ঃ ৫০ মিনিট: পূর্ণমানঃ ৬০

**Q. বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার গঠিত হয়েছিল কত তারিখে?**

a) ৫ আগস্ট ২০২৪ b) ৭ আগস্ট ২০২৪
c) ৮ আগস্ট ২০২৪ d) কোনোটিই নয় ***ans.* C**

**Q. রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র কোন দেশের সহায়তায় তৈরি করা হচ্ছে?**

a) আমেরিকা b) চীন
c) জাপান d) কোনোটিই নয় ***ans.* D**

**Solution:** রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র কারিগরি সহায়তায় প্রকল্পটি বাস্তবায়ন করছে রাশিয়ার এটমস্ট্রয় এক্সপোর্ট নামে একটি প্রতিষ্ঠান। বাংলাদেশে প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র হলো রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র।

| | |
|---|---|
| নাম | RNPP যার পূর্ণরূপ হলো Ruppur Nuclear Power Plant বা রূপপুর পরমাণু বিদ্যুৎ কেন্দ্র। |
| অবস্থান | পাবনার ঈশ্বরদী উপজেলার অন্তর্গত (পদ্মা নদীর তীরবর্তী) পাকশী ইউনিয়নের রূপপুর গ্রামে |
| বাস্তবায়নকারী প্রতিষ্ঠান | NPCBL (বাংলাদেশ) GCNEP (ভারত) ROSATOM (রাশিয়া) |
| উৎপাদন ক্ষমতা | ২ হাজার ৪ শত মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন |

**Q. বাংলাদেশের সংবিধান কবে কার্যকর হয়?**

a) ১০ জানুয়ারি ১৯৭১ b) ১০ জুন ১৯৭২
c) ১৬ ডিসেম্বর ১৯৭২ d) কোনোটিই নয় ***ans.* C**

**Solution:** ১৬ ডিসেম্বর ১৯৭২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ আইন। এটি একটি লিখিত দলিল। ১৯৭২ খ্রিষ্টাব্দের ৪ নভেম্বর তারিখে বাংলাদেশের জাতীয় সংসদে এই সংবিধান গৃহীত হয় এবং একই বছরের ১৬ ডিসেম্বর অর্থাৎ বাংলাদেশের বিজয় দিবসের প্রথম বার্ষিকী হতে এটি কার্যকর হয়।

**Q. বাংলাদেশের মহান স্বাধীনতার যুদ্ধে বীরত্বের জন্য কতজন বীর মুক্তিযোদ্ধাকে 'বীর বিক্রম' উপাধি প্রদান করা হয়েছিল?**

a) ৭ জন b) ৬৮ জন
c) ৪২৬ জন d) ১৭৫ জন ***ans.* D**

**Solution:** মুক্তিযুদ্ধে খেতাবপ্রাপ্ত যোদ্ধার সংখ্যা মোট ৬৭৬ জন। তাদের মধ্যে বীরশ্রেষ্ঠ ৭ জন, বীর উত্তম ৬৮ জন, বীর বিক্রম ১৭৫ জন এবং বীর প্রতীক ৪২৬ জন।

**Q. 'ইজমির' শহরটি কোন দেশে অবস্থিত?**

a) তুরস্ক b) রাশিয়া
c) ইউক্রেন d) স্পেন ***ans.* A**

**Q. বাংলাদেশের সীমান্তবর্তী ভারতের রাজ্য নয় কোনটি?**

a) আসাম b) বিহার
c) ত্রিপুরা d) মেঘালয় ***ans.* B**

**Solution:** বাংলাদেশের সীমান্তবর্তী ভারতের রাজ্য নয় বিহার। উল্লেখ্য, বাংলাদেশের সীমান্তবর্তী ভারতের রাজ্য ৫টি। এগুলো হলোঃ মেঘালয়, আসাম, পশ্চিমবঙ্গ, ত্রিপুরা এবং মিজোরাম।

**Q. কোন প্রতিষ্ঠান বিদ্যুৎ বিতরণকারী সংস্থা নয়?**

a) BREB b) DESCO
c) BPDB d) BERC ***ans.* D**

**Solution:** BERC বিদ্যুৎ বিতরণকারী সংস্থা নয়। বাংলাদেশে ৬টি বিদ্যুৎবিতরণকারী প্রতিষ্ঠান আছে। এগুলো হলোঃ BPDB, BREB, DPDC, DESCO, NESCO, WZPDCL

**Q. বাংলাদেশের জাতীয় খেলা কোনটি?**

a) ফুটবল b) ক্রিকেট
c) হাডুডু d) হকি ***ans.* C**

**Solution:** বিশ্বের বিভিন্ন দেশের জাতীয় খেলাঃ

| | |
|---|---|
| ক্রিকেট | অস্ট্রেলিয়া, বারমুডা, বার্বাডোস, ইংল্যান্ড, এন্টিগুয়া অ্যান্ড , গ্রানাডা, গায়ানা, বার্বাডোস জ্যামাইকা। |
| ফুটবল | আর্মেনিয়া, আলবেনিয়া, বাহরাইন, ফ্রান্স, জার্মানি, গ্রিস, ঘানা, বলিভিয়া, বুলগেরিয়া, ক্যামেরুন, কলম্বিয়া, চেক প্রজাতন্ত্র, ডেনমার্ক, ইকুয়েডর, পেরু, ইরাক, উগান্ডা। |
| হকি | ভারত, পাকিস্তান |
| হাডুডু/ কাবাডি | বাংলাদেশ |
| টেবিল টেনিস | চীন |

**Q.** **কোন মুঘল সম্রাটের সময় লালবাগ দুর্গ নির্মাণ করা হয়েছিল?**

a) আকবর　　b) শাহজাহান

c) জাহাঙ্গীর　　d) আওরঙ্গজেব　　***ans.* D**

**Solution:** লালবাগ দুর্গের আগে নাম ছিল কেল্লা আওরঙ্গবাদ। ১৬৭৮ সালে ঢাকার সুবেদারের বাসস্থান হিসেবে এ দুর্গের নির্মাণকাজ শুরু করেন মুঘল সম্রাট আওরঙ্গজেবের তৃতীয় পুত্র আজম শাহ। নির্মাণকাজ শেষ হওয়ার আগেই মারাঠা বিদ্রোহ দমনের জন্য সম্রাট আওরঙ্গজেব তাঁকে দিল্লি ডেকে পাঠান। নবাব শায়েস্তা খাঁ ১৬৮০ সালে ঢাকায় এসে আবার এর নির্মাণকাজ শুরু করেন। কন্যা পরী বিবির মৃত্যুর পর ১৬৮৪ সালে এর নির্মাণ বন্ধ করে দেন শায়েস্তা খাঁ।

**Q.** **বাংলাদেশের আইন অনুযায়ী পুরুষ ও নারীর বিয়ের সর্বনিম্ন বয়স কত?**

a) ১৬ ও ১৮ বছর　　b) ১৮ ও ২১ বছর

c) ২১ ও ১৮ বছর　　d) কোনোটিই নয়　　***ans.* C**

**Solution:** বাংলাদেশের আইন অনুযায়ী, পুরুষের জন্য বিয়ের সর্বনিম্ন বয়স ২১ বছর এবং নারীর জন্য ১৮ বছর। এই বয়সের নিচে বিয়ে করা আইনত নিষিদ্ধ এবং বাল্যবিবাহ হিসেবে গণ্য হয়, যা দণ্ডনীয় অপরাধ। তবে, ২০১৭ সালের বাল্যবিবাহ নিরোধ আইনের ১৯ নম্বর ধারায় বিশেষ বিধান রাখা হয়েছে, যেখানে আদালতের নির্দেশ এবং পিতা-মাতা বা অভিভাবকের সম্মতিক্রমে নির্দিষ্ট প্রক্রিয়া অনুসরণ করে বিশেষ প্রেক্ষাপটে ১৮ বছরের নিচে মেয়েদের বিয়ের অনুমতি দেওয়া হতে পারে। এটি শুধুমাত্র বিশেষ পরিস্থিতিতে প্রযোজ্য এবং সাধারণ নিয়ম নয়।

**Q.** **কোন উদ্ভিদের শ্বাসমূল আছে?**

a) কেয়া　　b) গজারী

c) সুন্দরী　　d) বট　　***ans.* C**

**Solution:** শ্বাসমূল (Pneumatophore) হলো বিশেষ ধরণের মূল যা সাধারণত জলাবদ্ধ বা লবণাক্ত অঞ্চলের গাছপালায় দেখা যায়। এগুলি শ্বাস নিতে সাহায্য করে। উদাহরণস্বরূপঃ ম্যানগ্রোভ গাছপালা (সুন্দরবনের গরান গাছ, কেওড়া গাছ, সুন্দরী)। জলাবদ্ধ বা লবণাক্ত মাটিতে বেড়ে ওঠা উদ্ভিদে শ্বাসমূল দেখা যায়। শ্বাসমূল সাধারণত মাটির উপরিভাগে উঠে আসে এবং বাতাস থেকে অক্সিজেন সংগ্রহ করে। এটি এমন অঞ্চলে গাছের টিকে থাকার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**Q.** **কোন ভিটামিনের অভাবে চুল পড়ে যায়?**

a) ভিটামিন বি　　b) ভিটামিন সি

c) ভিটামিন ডি　　d) ভিটামিন এ　　***ans.* C**

**Solution:** ভিটামিন ডি এর অভাবে চুল পড়ে যায়। উল্লেখ্য,

| | |
|---|---|
| **Vitamin A** | জেরপথালমিয়, রাতকানা রোগ প্রতিরোধ করে। উৎস: দুধ, মাখন, ডিম, কড মাছ, গাজর, টমেটো, লালশাক পুঁইশাক ইত্যাদি। |
| **Vitamin C** | এর অভাবে স্কার্ভি, সর্দি ও কাশি সহজে আক্রমণ, ত্বক খসখসে হয়ে যায়, চুলকায়, ঘা দেরিতে শুকায়। উৎস: লেবু, কমলালেবু, মাল্টা, জাম্বুরা, টক জাতীয় ফল, আমলকি, আমড়া, ফুলকপি, পালং শাক ইত্যাদি। |
| **Vitamin D** | অস্থি ও দন্ত গঠনে সহায়তা করে। এর অভাবে ছোটদের রিকেটস ও বড়দের অস্টিওম্যালাশিয়া রোগ হয়। উৎস: ভোজ্য তেল, দুধ, দুগ্ধজাত খাদ্য, মাছের তেল, ডিমের কুসুম ইত্যাদি। |

**Q.** **বিদ্যুৎ শক্তির বাণিজ্যিক একক কোনটি?**

a) ওয়াট　　b) ওয়াট-ঘণ্টা

c) কিলোওয়াট-ঘণ্টা　　d) জুল　　***ans.* C**

**Solution:** এক কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন একটি তড়িৎযন্ত্র এক ঘণ্টায় যে শক্তি ব্যয় করে তাকে এক কিলোওয়াট-ঘণ্টা বলে। এটি বিদ্যুৎ শক্তি পরিমাপের ব্যবহারিক একক। সারা বিশ্বে তড়িৎ সরবরাহকারী প্রতিষ্ঠানগুলো উল্লেখিত একক অনুযায়ী তড়িৎশক্তি পরিমাপ করে। আমরা বিদ্যুৎ বিল পরিশোধ করার সময় শক্তি হিসেবে কিলোওয়াট-ঘণ্টায় বিল পরিশোধ করি। একে বোর্ড অপ ট্রেড ইউনিট (B.O.T Unit) বা সংক্ষেপে ইউনিট বলে। ১ কিলোওয়াট-ঘণ্টা = ৩,৬০০ কিলো জুল। একে বাণিজ্যিক এককও (Commercial Unit) বলা হয়।

**Q.** **ভারত-শ্রীলংকাকে পৃথক করেছে কোন প্রণালি?**

a) ডোভার প্রণালি　　b) পক প্রণালি

c) বেরিং প্রণালি　　d) কোনোটিই নয়　　***ans.* B**

**Solution:** পক প্রণালি 'ভারত ও শ্রীলংকা' এই দুটি দেশকে পৃথক করেছে। উল্লেখ্য,

| নাম | ইংরেজি নাম | পৃথক করেছে | সংযুক্ত করেছে |
|---|---|---|---|
| ডোভার প্রণালি | Strait of Dover | ফ্রান্স-ব্রিটেন | ইংলিশ চ্যানেল-উত্তর সাগর |
| বেরিং প্রণালি | Bering Strait | এশিয়া-উত্তর আমেরিকা | উত্তর সাগর-বেরিং সাগর |
| মালাক্কা প্রণালি | Strait of Malacca | সুমাত্রা-মালয়েশিয়া | বঙ্গোপসাগর-জাভা সাগর |

**Q.** **বাংলাদেশ কত সালে জাতিসংঘের সদস্য পদ লাভ করে?**

a) ১৯৭২ b) ১৯৭৩

c) ১৯৭৪ d) ১৯৭৫ ***ans.* C**

**Solution:** ১৭ সেপ্টেম্বর ১৯৭৪ সালে জাতিসংঘের ২৯তম সাধারণ অধিবেশনে বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম দেশ হিসেবে সদস্য পদ লাভ করে। বাংলাদেশের সাথে ১৩৭ এবং ১৩৮ তম দেশ হিসেবে জাতিসংঘের সদস্যপদ লাভ করে যথাক্রমে গ্রানাডা এবং গিনি বিসাউ।

**Q.** **'বঙ্গভঙ্গ রদ' হয় কোন সালে?**

a) ১৯০৫ সালে b) ১৯১৬ সালে

c) ১৯১৭ সালে d) ১৯১১ সালে ***ans.* D**

**Solution:** হিন্দু জাতীয়তাবাদের তীব্র আন্দোলনের প্রেক্ষিতে ১২ ডিসেম্বর ১৯১১ রাজা পঞ্চম জর্জ দিলি দরবারে বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন। এ ঘোষণা কার্যকর হয় ১৯১২ সালের ২০ জানুয়ারি। উল্লেখ্য, ১৯০৫ সালের ১৬ অক্টোবর লর্ড কার্জনের ঘোষণার মাধ্যমে কার্যকর হয় বঙ্গভঙ্গ।

**Q.** **সূর্যের নিকটতম গ্রহ কোনটি?**

a) বুধ b) শুক্র

c) বৃহস্পতি d) মঙ্গল ***ans.* A**

**Solution:** সূর্যের নিকটতম গ্রহ বুধ। সূর্য হতে বুধের দূরত্ব ৫.৮ কোটি কিলোমিটার। এটি সূর্যকে ৮৮ দিনে প্রদক্ষিণ করে। এটি সবচেয়ে কম সময়ে সূর্যকে প্রদক্ষিণ করে। এটি দ্রুততম ও সূর্যের নিকটতম গ্রহ। এর গতিবেগ ৪৭.৩৬ কিলোমিটার/সেকেন্ড। এর ব্যাস ৪,৮৮০ কিলোমিটার এবং ওজন পৃথিবীর ওজনের ০.৬ অংশ। এই গ্রহটি সৌরজগতের সবচেয়ে ছোট গ্রহ।

## বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর

পদের নামঃ অফিস সহকারী

তারিখঃ ১৩.১২.২০২৪: সময়ঃ ৯০ মিনিট: পূর্ণমানঃ ৭০

**Q.** **এশিয়ার ক্ষুদ্রতম দেশ কোনটি?**

a) ভুটান b) নেপাল

c) শ্রীলংকা d) মালদ্বীপ ***ans.* D**

**Solution:** এশিয়ার ক্ষুদ্রতম দেশ মালদ্বীপ (২৯৮ বর্গকিমি)। আয়তনে পৃথিবীর সবচেয়ে ছোট দেশ ভ্যাটিকান সিটি। আর বৃহত্তম দেশ রাশিয়া। আয়তনে ক্ষুদ্রতম দেশ:

| দেশ | আয়তন (বর্গ কিমি) | অবস্থান |
|---|---|---|
| ভ্যাটিকান সিটি | ০.৪৪ | ইউরোপ |
| মোনাকো | ২ | ইউরোপ |
| নাউরু | ২১ | ওশেনিয়া |
| টুভ্যালু | ২৬ | ওশেনিয়া |
| সান ম্যারিনো | ৬১ | ইউরোপ |

**Q.** **এশিয়া মহাদেশে দেশের সংখ্যা কয়টি?**

a) ৩৩টি b) ৩৫টি

c) ৫৩টি d) ৪৪টি ***ans.* D**

**Solution:** এশিয়া মহাদেশে মোট ৪৪টি দেশ রয়েছে। তবে এটি জাতিসংঘ এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থার স্বীকৃতি অনুযায়ী কিছুটা ভিন্ন হতে পারে। এশিয়া মহাদেশকে সাধারণত ৫টি অঞ্চলে ভাগ করা হয়:

| | |
|---|---|
| পূর্ব এশিয়া (East Asia) | ৫টি |
| দক্ষিণ-পূর্ব এশিয়া (Southeast Asia) | ১১টি |
| দক্ষিণ এশিয়া (South Asia) | ৯টি |
| মধ্য এশিয়া (Central Asia) | ৫টি |
| পশ্চিম এশিয়া (West Asia) | ১৪টি |

এশিয়ার দেশগুলোর মধ্যে জনসংখ্যা এবং ভৌগোলিক বৈচিত্র্য অত্যন্ত উল্লেখযোগ্য।

**Q.** **পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গ কোনটি?**

a) কাঞ্চনজঙ্গা b) অন্নপূর্ণ

c) এভারেস্ট d) মাউন্ট ব্ল্যাঙ্ক ***ans.* C**

**Solution:** মহাদেশভিত্তিক সর্বোচ্চ পর্বতশৃঙ্গের নামঃ

| | | |
|---|---|---|
| এশিয়া | মাউন্ট এভারেস্ট | ৮,৮৪৮.৮৬ মিটার |
| ইউরোপ | মাউন্ট এল্‌ব্রুস | ৫,৬৩৩ মিটার |
| আফ্রিকা | কিলিমাঞ্জারো | ৫,৯৬৩ মিটার |
| উত্তর আমেরিকা | মাউন্ট ডেনালি | ৬,১৯৪ মিটার |
| দক্ষিণ আমেরিকা | অ্যাকাঙ্কাগুয়া | ৬,৯৫৯ মিটার |
| ওশেনিয়া | পুঁসাক জায়া | ৪,৮৮৪ মিটার |
| এন্টার্কটিকা | ভিনসন ম্যাসিক | ৪,৮৯৭ মিটার |

**Q.** **ইন্টারনেট কবে চালু হয়?**

a) ১৯৮১ b) ১৯৭০

c) ১৯৬০ d) ১৯৬৯ ***ans.* D**

**Solution:** ইন্টারনেট চালু হয় ১৯৬৯ সালে। টেলিযোগাযোগ প্রযুক্তিকে ব্যবহার করে কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানের প্রযুক্তিকে ইন্টারনেট বলা হয়। ইন্টারনেট এর শব্দগত বিশ্লেষণ করলে তাকে International Network এর সংক্ষিপ্ত রূপ হিসেবে পাওয়া যায়। ইন্টারনেটের ব্যাপক ব্যবহার ১৯৯০ সাল থেকে শুরু হলেও এর প্রকৃত যাত্রা আরম্ভ হয় ১৯৬৯ সাল

থেকে। যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর সে বছর Advance Research Projects Agency Network (ARPAnet) চালু করে। এটি কম্পিউটার নেটওয়ার্ক জগতে মানুষের প্রথম পদক্ষেপ। উল্লেখ্য, বাংলাদেশে প্রথম ইন্টারনেট চালু হয় ১৯৯৬ সালে।

**Q. ইন্টারনেট ব্যবহারে বর্তমানে শীর্ষ দেশ কোনটি?**

a) চীন　　b) জার্মানি
c) শ্রীলংকা　　d) ভারত　　***ans.* A**

**Q. চীনের মহাপ্রাচীরের দৈর্ঘ্য কত?**

a) ২০০০ কি.মি
b) ২৪০০ কি.মি
c) ৩০০০ কি.মি
d) ২৯০০ কি.মি　　***ans.* Note**

***Solution:*** চীনের মহাপ্রাচীরের মোট দৈর্ঘ্য প্রায় ২১,১৯৬ কিলোমিটার (১৩,১৭১ মাইল)। এটি বিভিন্ন সময়ে বিভিন্ন রাজবংশ দ্বারা নির্মিত হয়েছিল, যার মধ্যে বেশিরভাগই মিং রাজবংশের সময় নির্মিত। মহাপ্রাচীরটি মূলত সামরিক প্রতিরক্ষার জন্য নির্মিত হলেও এটি ঐতিহাসিক এবং সাংস্কৃতিক দৃষ্টিকোণ থেকেও অত্যন্ত গুরুত্বপূর্ণ। উল্লেখ্য, বর্তমানে এর অস্থিত্ব আছে ৮,৮৪৮ কিলোমিটার।

**Q. অলিম্পিক পতাকার কয়টি রং থাকে?**

a) ৫টি　　b) ২টি
c) ৪টি　　d) ৭টি　　***ans.* Note**

***Solution:*** অলিম্পিক গেমসের ৫টি বৃত্ত দ্বারা ৫টি মহাদেশকে বুঝানো হয়। অলিম্পিকের পতাকায় রিংসগুলি হলো সাদা পটভূমির উপর নীল, হলুদ, কালো, সবুজ এবং লাল রংঙের পাঁচটি পরস্পর আলিঙ্গনাবদ্ধ চাকতি, যা অলিম্পিক রিংস নামে পরিচিত। অলিম্পিক গেমসের চিহ্নটি ১৯১২ সালে দে কোবার্টিন তৈরি করেন ঐক্যের প্রতীক হিসাবে।

**Q. প্রথম সাফ গেমস কোথায় অনুষ্ঠিত হয়?**

a) ঢাকা　　b) নয়াদিল্লী
c) কলম্বো　　d) কাঠমাণ্ডু　　***ans.* D**

***Solution:*** ১৯৮৩ সালে দক্ষিণ এশীয় ক্রীড়া সংস্থা গঠন করা হয়। সংস্থার নির্বাহী পরিচালনা পরিষদ কর্তৃক সর্বপ্রথম এ প্রতিযোগিতাটি ১৯৮৪ সালে নেপালের কাঠমান্ডুতে অনুষ্ঠিত হয়। ২০০৪ সাল পর্যন্ত এ প্রতিযোগিতার পূর্বেকার নাম ছিল দক্ষিণ এশীয় ফেডারেশন গেমস বা সাফ গেমস।

**Q. হিরোশিমায় নিক্ষিপ্ত আনবিক বোমার নাম কি?**

a) স্কাড　　b) প্যাট্রিয়ট
c) লিটল বয়　　d) ডেস্ট্রয়ার　　***ans.* C**

***Solution:*** দ্বিতীয় বিশ্বযুদ্ধে যুক্তরাষ্ট্র জাপানের হিরোশিমায় "লিটল বয়" নামক পারমাণবিক বোমা ফেলে ৬ই আগস্ট ১৯৪৫ সালে আর নাগাসাকিতে "ফ্যাট ম্যান" নামক আরেকটি পারমাণবিক বোমা ফেলে ঐ একই বছরের ৯ই আগস্টে।

**Q. জাতীয় বিশ্ববিদ্যালয় কোথায় অবস্থিত?**

a) রাঙ্গুনিয়া　　b) সাভার
c) ধামরাই　　d) গাজীপুর　　***ans.* D**

***Solution:*** বাংলাদেশের জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর জেলায় অবস্থিত। এর মূল ক্যাম্পাসটি গাজীপুরের বোর্ড বাজার এলাকায় অবস্থিত। এটি বাংলাদেশের একটি অন্যতম বৃহৎ বিশ্ববিদ্যালয়, যেখানে দেশের বিভিন্ন কলেজ এবং শিক্ষা প্রতিষ্ঠান অধিভুক্ত রয়েছে।

**Q. কোন রাষ্ট্রীয় অনুষ্ঠানে জাতীয় সংগীতের কত চরণ বাজানো হয়?**

a) প্রথম ১০টি　　b) প্রথম ৪টি
c) প্রথম ৬টি　　d) প্রথম ৫টি　　***ans.* B**

***Solution:*** মুজিবনগরে বাংলাদেশের প্রবাসী সরকার এই গানটিকে বাংলাদেশের জাতীয় সংগীত হিসেবে স্বীকৃতি দেয় এবং মুক্তিযুদ্ধ চলাকালে গানটি স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে নিয়মিত পরিবেশিত হয়। স্বাধীনতার পর সাংবিধানিকভাবে (অনুচ্ছেদ ৪.১) 'আমার সোনার বাংলা' গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জাতীয় সংগীতরূপে ঘোষিত হয়। গানের প্রথম ১০ লাইন কণ্ঠ সংগীত এবং প্রথম ৪ লাইন যন্ত্র সংগীত হিসেবে পরিবেশনের বিধান রাখা হয়।

**Q. বাংলাদেশের কোন দ্বীপটি প্রবাল দ্বীপ নামে খ্যাত?**

a) নিঝুমদ্বীপ　　b) সেন্ট মার্টিন
c) হাতিয়া　　d) কুতুবদিয়া　　***ans.* B**

**Solution:** সেন্টমার্টিন বাংলাদেশের কক্সবাজার জেলার অন্তর্গত টেকনাফ উপজেলার একটি ইউনিয়ন। এটি বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ এবং এটি বাংলাদেশের সর্ব-দক্ষিণের ইউনিয়ন।

***Q.*** **নিম্নের কোনটির স্থপতি লুই আই ক্যান?**

a) শহীদ মিনার b) হাইকোর্ট

c) বাংলাদেশ জাতীয় সংসদ d) কার্জন হল ***ans.* C**

**Solution:** জাতীয় সংসদ ভবনের ডিজাইনার লুই আই কান। লুই ইসাডোর কান সংক্ষেপে লুই আই কান বিশ্বখ্যাত মার্কিন স্থপতি। তিনি মূলত আমেরিকার ফিলাডেলফিয়া আর পেনসিলভানিয়ায় স্থাপত্য চর্চা করে খ্যাতি অর্জন করেন। বাংলাদেশের জাতীয় সংসদ ভবন তার একটি বিখ্যাত কীর্তি। ১৯৭৪ সালের ১৭ মার্চ তিনি নিউইয়র্কে মৃত্যুবরণ করেন।

***Q.*** **বাংলাদেশের প্রথম অস্থায়ী প্রেসিডেন্ট কে ছিলেন?**

a) তাজউদ্দিন আহমেদ b) মুশতাক আহমেদ

c) সৈয়দ নজরুল ইসলাম d) মনসুর আলী ***ans.* C**

**Solution:** সৈয়দ নজরুল ইসলাম ছিলেন অস্থায়ী/উপ-রাষ্ট্রপতি; তাজউদ্দীন আহমেদ ছিলেন প্রধানমন্ত্রী; এম. মনসুর আলী ছিলেন অর্থ মন্ত্রী।

| নাম | পদবি |
|---|---|
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান | রাষ্ট্রপতি |
| সৈয়দ নজরুল ইসলাম | অস্থায়ী/উপ-রাষ্ট্রপতি |
| তাজউদ্দিন আহমদ | প্রধানমন্ত্রী |
| ক্যাপ্টেন এম. মনসুর আলী | মন্ত্রী |
| খন্দকার মোশতাক আহমদ | মন্ত্রী |
| আবুল হাসানাত মোহাম্মদ কামারুজ্জামান | মন্ত্রী |

***Q.*** **বাংলাদেশের প্রথম প্রধান সেনাপতি কে ছিলেন?**

a) মেজর জেনারেল শফিউল্লাহ

b) জিয়াউর রহমান

c) জেনারেল আতাউল গনি ওসমানী

d) এইচ এম এরশাদ ***ans.* C**

**Solution:** বাংলাদেশের প্রথম প্রধান সেনাপতি (Chief of Army Staff) ছিলেন মেজর জেনারেল এম.এ.জি ওসমানী। তিনি মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের মুক্তি বাহিনীর (মুক্তিবাহিনী) প্রধান সেনাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। স্বাধীনতার পর তিনি কিছু সময়ের জন্য এই দায়িত্বে ছিলেন। ১৯৭১ সালে ১৭ এপ্রিল বাংলাদেশের প্রথম সরকার গঠিত হলে তাকে দায়িত্ব প্রদান করেন।

## বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর

পদের নামঃ অফিস সহকারী

তারিখঃ ১৩.১২.২০২৪: সময়ঃ ৯০ মিনিট: পূর্ণমানঃ ৭০

***Q.*** **এশিয়ার ক্ষুদ্রতম দেশ কোনটি?**

a) ভুটান b) নেপাল

c) শ্রীলংকা d) মালদ্বীপ ***ans.* D**

**Solution:** এশিয়ার ক্ষুদ্রতম দেশ মালদ্বীপ (২৯৮ বর্গকিমি)। আয়তনে পৃথিবীর সবচেয়ে ছোট দেশ ভ্যাটিকান সিটি। আর বৃহত্তম দেশ রাশিয়া। আয়তনে ক্ষুদ্রতম দেশ:

| দেশ | আয়তন (বর্গ কিমি) | অবস্থান |
|---|---|---|
| ভ্যাটিকান সিটি | ০.৪৪ | ইউরোপ |
| মোনাকো | ২ | ইউরোপ |
| নাউরু | ২১ | ওশেনিয়া |
| টুভ্যালু | ২৬ | ওশেনিয়া |
| সান ম্যারিনো | ৬১ | ইউরোপ |

***Q.*** **এশিয়া মহাদেশে দেশের সংখ্যা কয়টি?**

a) ৩৩টি b) ৩৫টি

c) ৫৩টি d) ৪৪টি ***ans.* D**

**Solution:** এশিয়া মহাদেশে মোট ৪৪টি দেশ রয়েছে। তবে এটি জাতিসংঘ এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থার স্বীকৃতি অনুযায়ী কিছুটা ভিন্ন হতে পারে। এশিয়া মহাদেশকে সাধারণত ৫টি অঞ্চলে ভাগ করা হয়:

| | |
|---|---|
| পূর্ব এশিয়া (East Asia) | ৫টি |
| দক্ষিণ-পূর্ব এশিয়া (Southeast Asia) | ১১টি |
| দক্ষিণ এশিয়া (South Asia) | ৯টি |
| মধ্য এশিয়া (Central Asia) | ৫টি |
| পশ্চিম এশিয়া (West Asia) | ১৪টি |

এশিয়ার দেশগুলোর মধ্যে জনসংখ্যা এবং ভৌগোলিক বৈচিত্র্য অত্যন্ত উল্লেখযোগ্য।

***Q.*** **পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গ কোনটি?**

a) কাঞ্চনজঙ্ঘা b) অন্নপূর্ণ

c) এভারেস্ট d) মাউন্ট ব্ল্যাঙ্ক ***ans.* C**

**Solution:** মহাদেশভিত্তিক সর্বোচ্চ পর্বতশৃঙ্গের নামঃ

| | | |
|---|---|---|
| এশিয়া | মাউন্ট এভারেস্ট | ৮,৮৪৮.৮৬ মিটার |
| ইউরোপ | মাউন্ট এলব্রুস | ৫,৬৩৩ মিটার |
| আফ্রিকা | কিলিমাঞ্জারো | ৫,৯৬৩ মিটার |
| উত্তর আমেরিকা | মাউন্ট ডেনালি | ৬,১৯৪ মিটার |
| দক্ষিণ আমেরিকা | অ্যাকাঙ্কাগুয়া | ৬,৯৫৯ মিটার |
| ওশেনিয়া | পুঁসাক জায়া | ৪,৮৮৪ মিটার |
| এন্টার্কটিকা | ভিনসন ম্যাসিক | ৪,৮৯৭ মিটার |

**Q. ইন্টারনেট কবে চালু হয়?**

a) ১৯৮১ b) ১৯৭০

c) ১৯৬০ d) ১৯৬৯ ***ans.* D**

**Solution:** ইন্টারনেট চালু হয় ১৯৬৯ সালে। টেলিযোগাযোগ প্রযুক্তিকে ব্যবহার করে কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানের প্রযুক্তিকে ইন্টারনেট বলা হয়। ইন্টারনেট এর শব্দগত বিশ্লেষণ করলে তাকে International Network এর সংক্ষিপ্ত রূপ হিসেবে পাওয়া যায়। ইন্টারনেটের ব্যাপক ব্যবহার ১৯৯০ সাল থেকে শুরু হলেও এর প্রকৃত যাত্রা আরম্ভ হয় ১৯৬৯ সাল থেকে। যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর সে বছর Advance Research Projects Agency Network (ARPAnet) চালু করে। এটি কম্পিউটার নেটওয়ার্ক জগতে মানুষের প্রথম পদক্ষেপ। উল্লেখ্য, বাংলাদেশে প্রথম ইন্টারনেট চালু হয় ১৯৯৬ সালে।

**Q. ইন্টারনেট ব্যবহারে বর্তমানে শীর্ষ দেশ কোনটি?**

a) চীন b) জার্মানি

c) শ্রীলংকা d) ভারত ***ans.* A**

**Q. চীনের মহাপ্রাচীরের দৈর্ঘ্য কত?**

a) ২০০০ কি.মি

b) ২৪০০ কি.মি

c) ৩০০০ কি.মি

d) ২৯০০ কি.মি ***ans.* Note**

**Solution:** চীনের মহাপ্রাচীরের মোট দৈর্ঘ্য প্রায় ২১,১৯৬ কিলোমিটার (১৩,১৭১ মাইল)। এটি বিভিন্ন সময়ে বিভিন্ন রাজবংশ দ্বারা নির্মিত হয়েছিল, যার মধ্যে বেশিরভাগই মিং রাজবংশের সময় নির্মিত। মহাপ্রাচীরটি মূলত সামরিক প্রতিরক্ষার জন্য নির্মিত হলেও এটি ঐতিহাসিক এবং সাংস্কৃতিক দৃষ্টিকোণ থেকেও অত্যন্ত গুরুত্বপূর্ণ। উল্লেখ্য, বর্তমানে এর অস্বিত্ব আছে ৮,৮৪৮ কিলোমিটার।

**Q. অলিম্পিক পতাকার কয়টি রং থাকে?**

a) ৫টি b) ২টি

c) ৪টি d) ৭টি ***ans.* Note**

**Solution:** অলিম্পিক গেমসের ৫টি বৃত্ত দ্বারা ৫টি মহাদেশকে বুঝানো হয়। অলিম্পিকের পতাকায় রিংসগুলি হলো সাদা পটভূমির উপর নীল, হলুদ, কালো, সবুজ এবং লাল রংঙের পাঁচটি পরস্পর আলিঙ্গনাবদ্ধ চাকতি, যা অলিম্পিক রিংস নামে পরিচিত। অলিম্পিক গেমসের চিহ্নটি ১৯১২ সালে দে কোবার্টিন তৈরি করেন ঐক্যের প্রতীক হিসাবে।

**Q. প্রথম সাফ গেমস কোথায় অনুষ্ঠিত হয়?**

a) ঢাকা b) নয়াদিল্লী

c) কলম্বো d) কাঠমাণ্ডু ***ans.* D**

**Solution:** ১৯৮৩ সালে দক্ষিণ এশীয় ক্রীড়া সংস্থা গঠন করা হয়। সংস্থার নির্বাহী পরিচালনা পরিষদ কর্তৃক সর্বপ্রথম এ প্রতিযোগিতাটি ১৯৮৪ সালে নেপালের কাঠমান্ডুতে অনুষ্ঠিত হয়। ২০০৪ সাল পর্যন্ত এ প্রতিযোগিতার পূর্বেকার নাম ছিল দক্ষিণ এশীয় ফেডারেশন গেমস বা সাফ গেমস।

**Q. হিরোশিমায় নিক্ষিপ্ত আনবিক বোমার নাম কি?**

a) স্কাড b) প্যাট্রিয়ট

c) লিটল বয় d) ডেস্ট্রয়ার ***ans.* C**

**Solution:** দ্বিতীয় বিশ্বযুদ্ধে যুক্তরাষ্ট্র জাপানের হিরোশিমায় "লিটল বয়" নামক পারমাণবিক বোমা ফেলে ৬ই আগস্ট ১৯৪৫ সালে আর নাগাসাকিতে "ফ্যাট ম্যান" নামক আরেকটি পারমাণবিক বোমা ফেলে ঐ একই বছরের ৯ই আগস্টে।

**Q. জাতীয় বিশ্ববিদ্যালয় কোথায় অবস্থিত?**

a) রাঙ্গুনিয়া b) সাভার

c) ধামরাই d) গাজীপুর ***ans.* D**

**Solution:** বাংলাদেশের জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর জেলায় অবস্থিত। এর মূল ক্যাম্পাসটি গাজীপুরের বোর্ড বাজার এলাকায় অবস্থিত। এটি বাংলাদেশের একটি অন্যতম বৃহৎ

বিশ্ববিদ্যালয়, যেখানে দেশের বিভিন্ন কলেজ এবং শিক্ষা প্রতিষ্ঠান অধিভুক্ত রয়েছে।

***Q.*** **কোন রাষ্ট্রীয় অনুষ্ঠানে জাতীয় সংগীতের কত চরণ বাজানো হয়?**

a) প্রথম ১০টি b) প্রথম ৪টি

c) প্রথম ৬টি d) প্রথম ৫টি ***ans.* B**

**Solution:** মুজিবনগরে বাংলাদেশের প্রবাসী সরকার এই গানটিকে বাংলাদেশের জাতীয় সংগীত হিসেবে স্বীকৃতি দেয় এবং মুক্তিযুদ্ধ চলাকালে গানটি স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে নিয়মিত পরিবেশিত হয়। স্বাধীনতার পর সাংবিধানিকভাবে (অনুচ্ছেদ ৪.১) 'আমার সোনার বাংলা' গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জাতীয় সংগীতরূপে ঘোষিত হয়। গানের প্রথম ১০ লাইন কণ্ঠ সংগীত এবং প্রথম ৪ লাইন যন্ত্র সংগীত হিসেবে পরিবেশনের বিধান রাখা হয়।

***Q.*** **বাংলাদেশের কোন দ্বীপটি প্রবাল দ্বীপ নামে খ্যাত?**

a) নিঝুমদ্বীপ b) সেন্ট মার্টিন

c) হাতিয়া d) কুতুবদিয়া ***ans.* B**

**Solution:** সেন্টমার্টিন বাংলাদেশের কক্সবাজার জেলার অন্তর্গত টেকনাফ উপজেলার একটি ইউনিয়ন। এটি বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ এবং এটি বাংলাদেশের সর্ব-দক্ষিণের ইউনিয়ন।

***Q.*** **নিম্নের কোনটির স্থপতি লুই আই ক্যান?**

a) শহীদ মিনার b) হাইকোর্ট

c) বাংলাদেশ জাতীয় সংসদ d) কার্জন হল ***ans.* C**

**Solution:** জাতীয় সংসদ ভবনের ডিজাইনার লুই আই কান। লুই ইসাডোর কান সংক্ষেপে লুই আই কান বিশ্বখ্যাত মার্কিন স্থপতি। তিনি মূলত আমেরিকার ফিলাডেলফিয়া আর পেনসিলভানিয়ায় স্থাপত্য চর্চা করে খ্যাতি অর্জন করেন। বাংলাদেশের জাতীয় সংসদ ভবন তার একটি বিখ্যাত কীর্তি। ১৯৭৪ সালের ১৭ মার্চ তিনি নিউইয়র্কে মৃত্যুবরণ করেন।

***Q.*** **বাংলাদেশের প্রথম অস্থায়ী প্রেসিডেন্ট কে ছিলেন?**

a) তাজউদ্দিন আহমেদ b) মুশতাক আহমেদ

c) সৈয়দ নজরুল ইসলাম d) মনসুর আলী ***ans.* C**

**Solution:** সৈয়দ নজরুল ইসলাম ছিলেন অস্থায়ী/উপ-রাষ্ট্রপতি; তাজউদ্দীন আহমেদ ছিলেন প্রধানমন্ত্রী; এম. মনসুর আলী ছিলেন অর্থ মন্ত্রী।

| নাম | পদবি |
|---|---|
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান | রাষ্ট্রপতি |
| সৈয়দ নজরুল ইসলাম | অস্থায়ী/উপ-রাষ্ট্রপতি |
| তাজউদ্দিন আহমদ | প্রধানমন্ত্রী |
| ক্যাপ্টেন এম. মনসুর আলী | মন্ত্রী |
| খন্দকার মোশতাক আহমদ | মন্ত্রী |
| আবুল হাসানাত মোহাম্মদ কামারুজ্জামান | মন্ত্রী |

***Q.*** **বাংলাদেশের প্রথম প্রধান সেনাপতি কে ছিলেন?**

a) মেজর জেনারেল শফিউল্লাহ

b) জিয়াউর রহমান

c) জেনারেল আতাউল গনি ওসমানী

d) এইচ এম এরশাদ ***ans.* C**

**Solution:** বাংলাদেশের প্রথম প্রধান সেনাপতি (Chief of Army Staff) ছিলেন মেজর জেনারেল এম.এ.জি ওসমানী। তিনি মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের মুক্তি বাহিনীর (মুক্তিবাহিনী) প্রধান সেনাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। স্বাধীনতার পর তিনি কিছু সময়ের জন্য এই দায়িত্বে ছিলেন। ১৯৭১ সালে ১৭ এপ্রিল বাংলাদেশের প্রথম সরকার গঠিত হলে তাকে দায়িত্ব প্রদান করেন।

f) ডাটা ট্রান্সমিশন স্পিডকে কি বলা হয়? → ব্যান্ডউইথ।

g) কম্পিউটারের ব্যবহৃত আইসি চিপগুলি সাধারণত কি দিয়ে তৈরি হয়? → আইসি চিপ, ডিজিটাল ক্যালকুলেটর, ডিজিটাল ঘড়ি, কম্পিউটার এবং মোবাইলের চিপগুলো সাধারণ সিলিকোন দ্বারা তৈরি করা হয়।

h) অনুবাদ প্রোগ্রাম ছাড়া কম্পিউটার কোন ভাষা সরাসরি বুঝতে পারে? → মেশিন ভাষা।

## জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা

পদের নামঃ অফিস সহায়ক

তারিখঃ ২৫.১০.২০২৪: সময়ঃ ৬০ মিনিট: পূর্ণমানঃ ৭০

a) স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্যমতে, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে কতজন নিহত হয়েছেন? → ১ হাজার ৫৮১ জন।

b) 'Banker to the Poor' বইটির লেখক কে? → ড. মুহাম্মদ ইউনুস।

c) গাইবান্ধা জেলায় মোট কতটি সংসদীয় আসন রয়েছে? → ৫টি।

d) 'উত্তরা গণভবন' কোথায় অবস্থিত? → নাটোরের দিঘাপাতিয়া নামক স্থানে 'উত্তরা গণভবন' অবস্থিত। ১৯৬৭ সালে ২৪ জুলাই ইহাকে 'গভর্নর হাউস' হিসাবে ঘোষণা করা হয়।

e) পৃথিবীর দীর্ঘতম নদীর নাম কি? → নীলনদ। উল্লেখ্য, মিশরে অবস্থিত পৃথিবীর দীর্ঘতম নদী 'নীলনদ'। পৃথিবীর বৃহত্তম নদী 'আমাজান'। পৃথিবীর গভীরতম নদী 'কঙ্গো নদী'। ইউরোপের দীর্ঘতম নদী 'ভলগা'।

f) শিল্প বিপ্লব যে দেশে শুরু হয়েছিল → ইংল্যান্ড।

g) 'আবদুল্লাহ' উপন্যাসটির রচয়িতা কে? → কাজী ইমদাদুল হক।

h) সূর্য উদয়ের দেশ কোনটি? → জাপান।

i) বিশ্ব পরিবেশ দিবস পালিত হয় কত তারিখে? → বিশ্ব পরিবেশ দিবস প্রতি বছর ৫ জুন বিশ্বব্যাপী রাজনৈতিক কর্মোদ্যোগ আর জনসচেতনতার মাধ্যমে পরিবেশ সচেতনতার লক্ষ্যে পালিত দিবস।

j) বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের শিক্ষা উপদেষ্টার নাম লিখুন? → জনাব ওয়াহিদ উদ্দিন মাহমুদ।

## সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর

(প্রতিরক্ষা মন্ত্রণালয়)

পদের নামঃ কম্পিউটার মুদ্রাক্ষরিক (টাইপিস্ট কাম করণিক)/ এফডব্লিউএ/ মিউজিয়াম কেয়ারটেকার/ স্টোরম্যান

তারিখঃ ২৫.১০.২০২৪: সময়ঃ ৯০ মিনিট: পূর্ণমানঃ ৭০

a) পূর্ণরূপ লিখুন: GPA → Grade Point Average.

b) রাজধানীর নাম লিখুন: নেদারল্যান্ডস → অ্যামস্টারডাম।

c) ১ মাইলে কত কিলোমিটার? → ১.৬১ কি.মি. (প্রায়)।

d) 'রক্তাক্ত প্রান্তর' নাটকটির লেখক কে? → মুনীর চৌধুরী।

e) বাংলাদেশ কততম টেস্ট খেলুড়ে দেশ? → বাংলাদেশ ওয়ানডে ক্রিকেট মর্যাদা লাভ করে ১৯৯৭ সালের ১৫ জুন। আর ১০ম দল হিসেবে টেস্ট মর্যাদা লাভ করে ২০০০ সালের ২৬ জুন। উল্লেখ্য, বাংলাদেশ মহিলা ক্রিকেট দল ওয়ানডে স্ট্যাটাস লাভ করে ২০১১ সালের ২৪ নভেম্বর যুক্তরাষ্ট্রকে হারিয়ে। বাংলাদেশ নারী ক্রিকেট দল, আফগানিস্তান এবং জিম্বাবুয়ে নারী ক্রিকেট দলকে পূর্ণাঙ্গ টেস্ট স্ট্যাটাস দেওয়া হয় ২ এপ্রিল, ২০২১ সালে।

f) ভুটানের মুদ্রার নাম কি? → গুলট্রাম।

g) সুন্দরবনের কত শতাংশ বাংলাদেশে অবস্থিত? → ৬২%। উল্লেখ্য, বাংলাদেশের খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পটুয়াখালী ও বরগুনা জেলা। আর ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের দুই জেলা উত্তর চব্বিশ পরগনা ও দক্ষিণ চব্বিশ পরগনা জুড়ে বিস্তৃত। ১০,০০০ বর্গ কিলোমিটার জুড়ে গড়ে ওঠা সুন্দরবনের বাংলাদেশের অংশে রয়েছে ৬,০১৭ বর্গ কিলোমিটার (৬২%) এবং বাকি (৩৮%) অংশ রয়েছে ভারতের মধ্যে।

h) ২য় বিশ্বযুদ্ধ কত সালে শুরু হয়? → ১৯৩৯ সালের ১ সেপ্টেম্বর হিটলার পোল্যান্ড আক্রমণ করলে জার্মানির প্রতি তোষণ নীতি ত্যাগ করে ইংল্যান্ড ও ফ্রান্স জার্মানির বিরুদ্ধে ১৯৩৯ সালের ৩ সেপ্টেম্বর যুদ্ধ ঘোষণা করার মধ্য দিয়ে দ্বিতীয় বিশ্বযুদ্ধ আরম্ভ হয়। ১৯৩৯ থেকে ১৯৪৫ সাল পর্যন্ত একটানা ৬ বছর ধরে এশিয়া, আফ্রিকা ও ইউরোপের দেশগুলোতে এই ভয়ঙ্কর যুদ্ধ চলে। মিত্রশক্তির কাছে জাপান আত্মসমর্পণ করলে এ যুদ্ধের অবসান ঘটে। উল্লেখ্য, প্রথম বিশ্বযুদ্ধ ১৯১৪ সালের ২৮ জুলাই শুরু হয় এবং ১৯১৮ সালের ১১ নভেম্বর শেষ হয়।

i) 'পদ্মা নদীর মাঝি' উপন্যাসের রচয়িতা কে? → 'পদ্মা নদীর মাঝি' মানিক বন্দ্যোপাধ্যায় রচিত একটি উপন্যাস। উপস্যাটিতে জেলে জীবনের জীবন যাত্রার করুন চিত্র তুলে ধরা হয়েছে।

j) কোন তারিখের 'সশস্ত্র বাহিনী দিবস' পালিত হয়? → ২১ নভেম্বর।

## বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

পদের নামঃ সশস্ত্র নিরাপত্তা প্রহরী

তারিখঃ ০১.১১.২০২৪: সময়ঃ ৩০ মিনিট: পূর্ণমানঃ ১০০

a) মুদ্রার নাম লিখুনঃ বেলারুশ = রুবল/ বেলারুশিয়ান রুবল।
ইথিওপিয়া = বির/ইথিওপিয়ান বির।
মিয়ানমার = কিয়াট।
তুরস্ক = লিরা।

b) পূর্ণরূপ লিখুন: WTO, UNFPA, ILO, ICAO.

i) WTO = World Trade Organization.

ii) UNFPA = United Nations Population Fund.

iii) ILO = International Labour Organization.

iv) ICAO = International Civil Aviation Organization.

c) বাংলাদেশে জমিদারি প্রথা কবে উচ্ছেদ করা হয়? → ১৯৫০ সালে জমিদারি প্রথা বিলুপ্ত ঘোষণা করা হয়। উল্লেখ্য, বাংলার জমিদারি প্রথা উচ্ছেদে শেরে বাংলা এ. কে. ফজলুল হক মূখ্য ভূমিকা পালন করেন।

d) পলাশীর যুদ্ধ কত তারিখে হয়? → ১৭৫৭ খ্রিষ্টাব্দে ২৩ জুন ভাগীরথী নদীর তীরে পলাশীর আমবাগানে এই যুদ্ধ সংঘটিত হয়।

e) 'জগদ্দল বিহার' কোন জেলায় অবস্থিত? → নওগাঁ। 'জগদ্দল বিহার' বাংলাদেশের নওগাঁ জেলার ধামুরহাট উপজেলার প্রাচীন প্রত্নতাত্ত্বিক স্থান।

f) বাংলাদেশের সর্বোচ্চ পর্বত শৃঙ্গের নাম কী? → তাজিংডং (বিজয়)।

g) 'মসলা গবেষণা কেন্দ্র' কোন জেলায় অবস্থিত? → শিবগঞ্জ, বগুড়া।

h) 'নোবেল পুরষ্কার' বিজয়ী ১ম নারী কে? → নোবেলজয়ী প্রথম নারী হলেন মাদাম কুরি।

i) স্বর্ণ রিজার্ভে শীর্ষে কোন দেশ? → যুক্তরাষ্ট্র।

j) 'ব্ল্যাক ফরেস্ট' কোন দেশে অবস্থিত? → জার্মানি।

k) ট্রয় নগরী কোন দেশে অবস্থিত? → তুরস্কে।

l) বিশ্বে উচ্চতম জলপ্রপাত কোনটি? → অ্যাঞ্জেল ফলস (ভেনিজুয়েলা)।

m) ম্যাপল পাতা কোন দেশের জাতীয় প্রতীক? → কানাডা।

n) 'রদ্রির' ক্লাবের নাম কী? → ম্যানচেষ্টার সিটি।

## বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

পদের নামঃ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখঃ ০৮.১১.২০২৪: সময়ঃ ৯০ মিনিট: পূর্ণমানঃ ৮০

***Q.*** a) আন্তর্জাতিক বিমান চলাচল সংক্রান্ত শিকাগো কনভেনশন কত সালে স্বাক্ষরিত হয়? → ১৯৪৪ সালের ৭ ডিসেম্বরে।

b) আন্তর্জাতিক বিমান চলাচল সংস্থা (ICAO) এর সদস্য রাষ্ট্র কতটি? → ১৯৩ টি। ICAO এর পূর্ণরূপ হলো International Civil Aviation Organization.

***Q.*** a) IATA পূর্ণরূপ লিখুন। → IATA এর পূর্ণরূপ International Air Transport Association.

b) IATA এর সদর দপ্তর কোন শহরে অবস্থিত? → মন্ট্রিল, কানাডা।

***Q.*** **মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি নির্বাচনে কোন অঙ্গ রাজ্যের ইলেকটোরাল কলেজ ভোটের সংখ্যা সবচেয়ে বেশি?**

***Solution:*** ক্যালিফোর্নিয়া ৫৪ টি।

***Q.*** **কোন দেশে সর্বাধিক দরিদ্র মানুষ বসবাস করে?**

***Solution:*** ভারতে বিশ্বের সর্বাধিক দরিদ্র মানুষ বাস করে।

***Q.*** **নিম্নোক্ত আন্তর্জাতিক সংস্থাসমূহের পূর্ণরূপ লিখুন:**

a) ASEAN এর পূর্ণরূপ হলোঃ The Association of South East Asian Nations.

b) APEC এর পূর্ণরূপ হলোঃ Asia-Pacific Economic Co-operation.

c) NAM এর পূর্ণরূপ হলোঃ Non Aligned Movement.

d) CIS এর পূর্ণরূপ হলোঃ Commonwealth of Independent States.

***Q.*** **বাংলাদেশ বিশ্বের কতটি দেশে ওষুধ রপ্তানি করে?**

***Solution:*** ১৫৭ টি দেশে।

***Q.*** **২০২৪ সালে শান্তিতে নোবেল পুরস্কার কে পেয়েছেন?**

***Solution:*** নিহন হিদাঙ্কিও।

***Q.*** **বাংলাদেশে সবচেয়ে বেশি চর আছে কোন নদীতে?**

***Solution:*** যমুনা।

***Q.*** **বাংলাদেশে প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয় কত সালে?**

***Solution:*** বাংলাদেশে প্রথম আদমশুমারি হয় ১০-১৮ মে, ১৯৭৪ সালে।

***Q.*** **বাংলাদেশের মোট সীমান্তবর্তী জেলার সংখ্যা কত?**

***Solution:*** বাংলাদেশের মোট সীমান্তবর্তী জেলা ৩২টি। এর মধ্যে ভারতের সাথে ৩০টি এবং মিয়ানমারের সাথে ৩টি সীমান্তবর্তী জেলা রয়েছে। ভারত এবং মিয়ানমারের সাথে একমাত্র সীমান্তবর্তী জেলা রাঙামাটি।

***Q.*** **বাংলাদেশে সবচেয়ে বেশি চা উৎপাদন হয় কোন জেলায়?**

***Solution:*** মৌলভীবাজার।

***Q.*** **বাংলাদেশে রঙিন টিভি সম্প্রচার শুরু হয় কত সালে?**

***Solution:*** বাংলাদেশে রঙিন টিভি সম্প্রচার শুরু করে ১ ডিসেম্বর ১৯৮০ সাল থেকে এবং বাংলাদেশ টেলিভিশন চালু হয় ২৫ ডিসেম্বর ১৯৬৪ সালে।

***Q.*** **সুপারশপসমূহে কবে থেকে পলিথিন ব্যবহার নিষিদ্ধ হয়েছে?**

***Solution:*** ১ অক্টোবর, ২০২৪।

***Q.*** **আন্তর্জাতিক টি-২০ ম্যাচে বাংলাদেশের কোন বোলার প্রথম ৬ উইকেট নেওয়ার রেকর্ড গড়েন?**

***Solution:*** মোস্তাফিজুর রহমান।

## জেলা জজ আদালত, দিনাজপুর

পদের নামঃ সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর

তারিখঃ ০৮.১১.২০২৪: সময়ঃ ৯০ মিনিট: পূর্ণমানঃ ৭০

a) বাংলাদেশের বর্তমান প্রধান বিচারপতির নাম কী? → সৈয়দ রেফাত আহমেদ (২০২৪ সালের ১০ই আগস্ট প্রধান বিচারপতি হিসেবে নিয়োগপ্রাপ্ত হন)।

b) বাংলাদেশের সর্বোচ্চ আদালতের নাম কী? → বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

c) বাংলাদেশের জেলা পর্যায়ের সর্বোচ্চ ফৌজদারি আদালতের নাম কী? → জেলা ও দায়রা জজ আদালত।

d) যুক্তরাষ্ট্রের রিপাবলিকান দলের প্রতীক কী? → হাতি

e) তেভাগা আন্দোলনের জনক কে? → হাজী মোহাম্মদ দানেশ।

f) সম্প্রতি গণভবনকে কোন জাদুঘর করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে? → জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর।

g) দিনাজপুর জেলার আদি নাম কী? → ঘোড়াঘাট জেলা।

h) ই-জুডিসিয়ারি কী? → তথ্য প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়ালি আদালতের কার্যক্রম পরিচালনা করাকে ই-জুডিসিয়ারি বলে।

i) জুম প্ল্যাটফর্ম কী? → এটি একটি টেলিকনফারেন্স সফটওয়্যার যার মাধ্যমে অনেক মানুষ এক সাথে যুক্ত হতে পারে।

## মহানগর দায়রা জজ আদালত, ঢাকা

পদের নামঃ অফিস সহায়ক

তারিখঃ ০৯.১১.২০২৪; সময়ঃ ৯০ মিনিট; পূর্ণমানঃ ৫০

a) বাংলাদেশের প্রথম মহিলা বিচারপতির নাম কি? → নাজমুন আরা সুলতানা।

b) মুক্তিযুদ্ধে খেতাব প্রাপ্ত ০২ জন নারীর নাম লিখুন। → সেতারা বেগম ও তারামন বিবি।

c) 'বাংলাদেশ স্কোয়ার' কোথায় অবস্থিত? → লাইবেরিয়া।

d) ইউক্রেনের রাজধানীর নাম কি? → কিয়েভ।

e) অন্তর্বর্তী সরকার গঠিত 'বিচার বিভাগ সংস্কার কমিশন' এর প্রধান কে? → বিচারপতি শাহ্ আবু নাঈম মমিনুর রহমান।

f) বাংলাদেশের প্রথম মুদ্রা চালু হয় কত সালে? → বাংলাদেশে প্রথম ধাতব মুদ্রা চালু করা হয় ১৫ সেপ্টেম্বর, ১৯৭৩ সালে (৫ এবং ১০ পয়সা)। উল্লেখ্য, লর্ড ক্যানিং উপমহাদেশে প্রথম কাগজের মুদ্রা চালু করেন ১৮৫৭ সালে। উপমহাদেশে সর্বপ্রথম মুদ্রা আইন ১৮৩৫ সালে পাস করা হয়।

## মহানগর দায়রা জজ আদালত, ঢাকা

পদের নামঃ বেঞ্চ সহকারী


তারিখঃ ১০.১১.২০২৪; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ১০০

a) **বাংলাদেশের সর্বপ্রথম জাদুঘর কোথায় প্রতিষ্ঠিত হয়?** → বাংলাদেশের সর্বপ্রথম জাদুঘর প্রতিষ্ঠিত হয় দুর্লভ ঐতিহ্যের ধারক রাজশাহীর 'বরেন্দ্র জাদুঘর'। এটি দেশের প্রথম জাদুঘর এবং দক্ষিণ এশিয়ার অন্যতম প্রত্নতাত্ত্বিক সংগ্রহশালা। দুষ্প্রাপ্য সব প্রত্নসম্পদ নিয়ে আজও স্বমহিমায় দাঁড়িয়ে আছে এ জাদুঘর। যুগের পর যুগ ধরে প্রাচীন ঐতিহ্যের সাক্ষ্য বহন করে আসছে। রাজশাহী মহানগরের প্রাণকেন্দ্র হেতমখাঁ সদর হাসপাতালের সামনে অবস্থিত প্রাচীন সংগ্রহশালা বরেন্দ্র গবেষণা জাদুঘর। প্রত্নতাত্ত্বিক সংগ্রহশালা এ জাদুঘরে উত্তরের বরেন্দ্র অঞ্চলের পাল, সেন, মৌর্য ও গুপ্ত আমলসহ হাজার হাজার বছরের প্রাচীন সভ্যতার নিদর্শন সংরক্ষিত করে রাখা আছে। কয়েকটি গুরুত্বপূর্ণ জাদুঘরঃ

| জাদুঘর | অবস্থান |
|---|---|
| বাংলাদেশ লোকশিল্প জাদুঘর | সোনারগাঁও, নারায়ণগঞ্জ |
| স্বাধীনতা জাদুঘর | সোহরাওয়ার্দী উদ্যান |
| জাতীয় চার নেতা স্মৃতি জাদুঘর | ঢাকা কেন্দ্রীয় কারাগার |
| সামরিক জাদুঘর | বিজয় সরণী, ঢাকা |
| বিজ্ঞান জাদুঘর | আগারগাঁও, ঢাকা |
| মুদ্রা জাদুঘর | মিরপুর-২, ঢাকা |

b) **লাহোর প্রস্তাব কখন করা হয়?** → ১৯৪০ সালের ২৩ মার্চ পাকিস্তানের লাহোরে মুসলিম লীগের সম্মেলনে শেরে বাংলা এ কে ফজলুল হক কর্তৃক লাহোর প্রস্তাবটিই উত্থাপিত হয়।

c) **যে চতুর্ভুজের সবগুলো বাহু পরস্পর সমান এবং কোণগুলো সমকোণ নয়, তাকে কি বলে?** → যে চতুর্ভুজের সবগুলো বাহু পরস্পর সমান এবং কোণগুলো সমকোণ নয় তাকে রম্বস বলে।




d) **রাষ্ট্রপতির পদ শূন্য হলে কে রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন?** → পরবর্তী রাষ্ট্রপতি নির্বাচনের আগ পর্যন্ত জাতীয় সংসদের স্পিকার রাষ্ট্রপতির দায়িত্ব পালন করবেন।

e) **বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম আফ্রিকান দেশ কোনটি?** → বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম আফ্রিকান দেশ হলো সেনেগাল (১ ফেব্রুয়ারি, ১৯৭২)।

f) **ডঃ মুহাম্মদ ইউনূস কোন সালে কোন বিষয়ে নোবেল পুরস্কার লাভ করেন?** → ২০০৬ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন।

g) **বখতিয়ার খিলজি বাংলা জয় করেন কোন সালে?** → বখতিয়ার খিলজি ১২০৪ সালে মাত্র ১৭ জন সৈন্য নিয়ে অশ্ব বিক্রেতার বেশে লক্ষণ সেনের রাজধানী নদীয়ায় আক্রমণ করেন এবং প্রায় বিনা বাধায় বাংলা জয় করেন।

h) **বাংলাদেশের প্রথম সাইবার সিটি কোথায়?** → বাংলাদেশের প্রথম সাইবার সিটি সিলেট। সিলেট সিটি কর্পোরেশনের উদ্যোগে শহরের ১০টি পয়েন্টে ওয়াইফাই ইন্টারনেট সংযোগ দেয়া হয়েছে। এতে শহরবাসী নির্দিষ্ট এলাকায় ফ্রি ওয়াইফাই ইন্টারনেট ব্যবহারের সুযোগ পাবেন।

i) **বাংলাদেশের সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য ছিলেন কে?** → বাংলাদেশের সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য ছিলেন ড. রাজিয়া বানু। খসড়া সংবিধান রচনা কমিটির প্রধান বা সভাপতি ছিলেন ড. কামাল হোসেন। সংবিধান প্রণয়ন কমিটির সদস্য সংখ্যা ছিল ৩৪ জন (৩৩ জন আওয়ামী লীগ দলীয় গণপরিষদ সদস্য এবং একজন ন্যাপ সদস্য সুরঞ্জিত সেন গুপ্ত। খসড়া সংবিধান প্রণয়ন কমিটি সর্বমোট ৪৭টি (৩০০ ঘন্টা ব্যয় করে) বৈঠকের মাধ্যমে সংবিধানের খসড়া প্রনয়ণ করে। হস্তলিখিত সংবিধানের মূল লেখক ছিলেন এ কে এম আবদুর রউফ।

j) **অর্ন্তবর্তী সরকার গঠিত 'সংবিধান সংস্কার কমিশন' এর প্রধান কে?** → রাষ্ট্রবিজ্ঞানী ও লেখক আলী রীয়াজ।

k) **'হেলসিঙ্কি' কোন দেশের রাজধানীর নাম?** → ফিনল্যান্ডের রাজধানীর নাম হলো হেলসিঙ্কি।

l) **আন্তর্জাতিক আদালতের প্রথম মহিলা বিচারপতির নাম কি?** → ১৯৯৫ সালে আন্তর্জাতিক আদালতের প্রথম নারী বিচারপতি হলেন ডেম রোজালিন হিগিন্স। তিনি ২০০৬ থেকে ২০০৯ সাল পর্যন্ত আন্তর্জাতিক আদালতের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন।

## জেলা জজ আদালত, দিনাজপুর

পদের নামঃ অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর

তারিখঃ ১৫.১১.২০২৪: সময়ঃ ৯০ মিনিট: পূর্ণমানঃ ৭০

a) **'জেলা ও দায়রা জজ' ইংরেজিতে লিখুন।** → District and Sessions Judge.

b) **বাংলাদেশের প্রধান বিচারপতিকে কে নিয়োগ প্রদান করেন?** → রাষ্ট্রপতি।

c) **DCR কী?** → Digital Court Recording.

d) **ক্যাপস লক কী জন্য ব্যবহার করতে হয়?** → ক্যাপিটাল লেটার বা বড় হাতের অক্ষর নির্ধারণে ব্যবহৃত হয়।

e) **FIR কী** → First Information Report.

f) **তিন বিঘা করিডোর কোন নদীরে তীরে অবস্থিত?** → তিস্তা।

g) **প্রবাসী লাউঞ্জ কী?** → প্রবাসী শ্রমিকদের বিশ্রামের জন্য নির্ধারিত স্থান।

h) **বাংলাদেশের তৈরি পোশাকের বৃহত্তম বাজার কোন দেশ?** → যুক্তরাষ্ট্র।

i) **বাংলাদেশ রেওয়ের সববৃহৎ কারখানা কোথায়?** → সৈয়দপুর।

j) **আল-আকসা মসজিদটি কোথায় অবস্থিত?** → জেরুজালেম।

k) **MS Word এর Symbol কোন Menu তে আছে?** → Insert Menu.

l) **কোন ধরনের প্রিন্টার সবচেয়ে দ্রুতগতিতে উচ্চমানের প্রিন্ট প্রদানে সক্ষম?** → লেজার প্রিন্টার।

m) **Cursor কী?** → এটি একটি ছোট আলোকরেখা, যা দিয়ে মনিটরের পর্দায় কাজের স্থান নির্দিষ্ট করা হয়।

n) **ইন্টারপোল কী?** → ইন্টারপোল হলো আন্তর্জাতিক পুলিশ সংস্থা (International Criminal Police Organization)। সংস্থাটির কাজ সদস্য দেশসমূহের মধ্যে অপরাধী অনুসন্ধানের ব্যাপারে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে অপরাধীদের গতিরোধ ও গ্রেফতার করে সদস্য দেশকে সহযোগিতা করা। ১৯২৩ সালে প্রতিষ্ঠিত সংস্থাটির বর্তমান সদর দপ্তর ফ্রান্সের লিঁওতে অবস্থিত।

o) **AI কী?** → Artificial intelligence বা কৃত্রিম বুদ্ধিমত্তা।

## সাধারণ বীমা কর্পোরেশন (SBC)

পদের নামঃ সহকারী ব্যবস্থাপক

তারিখঃ ১৫.১১.২০২৪: সময়ঃ ৯০ মিনিট: পূর্ণমানঃ ১০০

a) **Main chemical ingredient of paper?** → Cellulose

b) **Bangladesh's first UN peacekeeping Mission** → 1988

c) $P^H$ of blood in healthy human → 7.35 to 7.45

d) IN MS Word, the ability to combine name and addresses with a standard document is called → Mail merge

e) Which type of computers are also called midrange computers? → Mini computer

f) Accordingly Economist Intelligence Unit (EIU)'s Global Liveability Index 2024 → Vienna (Austria).

g) Which country is top in global energy transition? → Sweden

h) Country's first digital district of Bangladesh → Jessore

i) What is the oldest insurance company? → Sadharan Bima Corporation (SBC)

j) What is replace shortcut key in Excel? → Ctrl + H

## ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড

পদের নামঃ অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর

তারিখঃ ২২.১১.২০২৪: সময়ঃ ৯০ মিনিট: পূর্ণমানঃ ৭০

a) রেডক্রস এর সদর দপ্তর কোথায় অবস্থিত? → আন্তর্জাতিক রেডক্রস এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত।

b) 'লাইন অব কন্ট্রোল' কোন দুটি রাষ্ট্রের সীমান্তবর্তী রেখা চিহ্নিত করে? → ১৯৪৭ সালে স্যার সাইরিল র‍্যাডক্লিফ ভারত-পাকিস্তানের মধ্যে 'লাইন অব কন্ট্রোল' সীমারেখার দিয়ে বিভক্ত করেন।

c) DOS কী? → DOS হচ্ছে Disk Operating System. এটি ৭০ এর দশকে মাইক্রোসফট কর্পোরেশন তৈরি করে। MS DOS যা ছিল তৎকালীন সর্বাধিক জনপ্রিয় অপারেটিং সিস্টেম। MS-DOS-ই ছিল মাইক্রোসফটের প্রথম প্রোগ্রাম। MS-DOS একটি বর্ণভিত্তিক অপারেটিং সিস্টেম বলে কী-বোর্ড দিয়ে কমান্ড লিখে কাজ করতে হতো।

d) আসাদ গেইটের পূর্ব নাম কী? → আইয়ুব গেট।

e) যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের সরকারি অফিসের নাম কী? → হোয়াইট হাউস।

f) ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুরাতন কলাভবন কোথায় ছিল? → ঢাকা মেডিকেল কলেজের স্থানে।

g) বেইসবল কোন দেশের জাতীয় খেলা? → আমেরিকা, কিউবা, তাইওয়ান, পানামা ও নিপরাগুয়ারের জাতীয় খেলা।

h) আন্তর্জাতিক বিচার আদালতে কতজন বিচারক থাকে? → আদালতের বিচারকের সংখ্যা ১৫ জন তাদের মেয়াদকাল ৯ বছর এবং সভাপতির মেয়াদকাল ৩ বছর।

i) সম্প্রতি উদ্ভাবিত বাংলা ফ্রন্টের নাম কী? → অমর একুশের শহিদদের স্মরণে বাংলা ভাষায় নিজেদের তৈরি তিনটি সফটওয়্যার ও বাংলা ফন্ট উন্মুক্ত করেছে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)। 'উচ্চারণ', 'কথা' ও 'বর্ণ' সফটওয়্যারসহ 'পূর্ণ' নামের বাংলা ফন্ট উদ্বোধন করেন।

| | |
|---|---|
| 'উচ্চারণ' | টেক্সট টু স্পিচ সফটওয়্যারটি ওয়েবসাইট বা যন্ত্রের পর্দায় থাকা সব তথ্য পড়ে শোনাতে পারে। ফলে সাধারণ মানুষের পাশাপাশি দৃষ্টি প্রতিবন্ধীরাও সফটওয়্যারটির মাধ্যমে সহজেই বিভিন্ন ফাইল বা ওয়েবসাইটের তথ্য জানতে পারবেন। এই ওয়েবসাইট থেকে সফটওয়্যারটি ব্যবহার করা যাবে। |
| 'পূর্ণ' | মুখের কথাকে লেখায় রূপান্তর করতে পারে 'কথা' সফটওয়্যারটি। ফলে গুরুত্বপূর্ণ বিভিন্ন বার্তা মুখে উচ্চারণ করে সহজেই লিখিত আকারে সংরক্ষণ করা যাবে। এই ওয়েবসাইট থেকে সফটওয়্যারটি ব্যবহার করা যাবে। |
| 'বর্ণ' | বাংলা ওসিআর সফটওয়্যার। পিডিএফ বা ছবিতে থাকা বার্তা লেখায় রূপান্তরের সুযোগ থাকায় সফটওয়্যারটির মাধ্যমে সহজেই সরকারি-বেসরকারি বিভিন্ন গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তির তথ্য লিখিত আকারে সংরক্ষণ করা যাবে। এই ওয়েবসাইট থেকে ব্যবহার করা যাবে সফটওয়্যারটি। |
| ফন্টটি মূলত ইউনিকোডভিত্তিক ফন্ট। স্বরবর্ণ, ব্যঞ্জনবর্ণ, বিরাম চিহ্ন, ইংরেজি বর্ণ, গাণিতিক চিহ্নসহ প্রয়োজনীয় সব সুবিধা থাকায় প্রাতিষ্ঠানিক ব্যবহারের পাশাপাশি মুদ্রণ কাজেও ব্যবহার করা যাবে ফন্টটিতে। এই ওয়েবসাইট থেকে ফন্টটি নামিয়ে ব্যবহার করা যাবে। | |

j) কম্পিউটারের ব্রেইন কাকে বলা হয়? → কম্পিউটারের ব্রেইন বা মস্তিষ্ক হলো CPU (Central Processing Unit).

## ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড

পদের নামঃ স্টোর কিপার

তারিখঃ ২২.১১.২০২৪: সময়ঃ ৬০ মিনিট: পূর্ণমানঃ ৭০

a) বাংলা একাডেমির মূল ভবনের নাম কী? → বর্ধমান হাউস।

b) কোন দেশের সংবিধান অলিখিত? → যুক্তরাজ্য।

c) FIFA কী? → FIFA হলো আন্তর্জাতিক ফুটবল নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান। আর এর পূর্ণরূপ হলো Federation of International Football Association

d) ভাষাভাষী জনসংখ্যার দিক থেকে বাংলা পৃথিবীর কততম ভাষা? → ৭ম (ইনোলগ রিপোর্ট -২০২৪ অনুযায়ী)।

e) ঢাকা মেট্রোরেলের দৈর্ঘ্য কত? → ২১.২৬ কিলোমিটার।

f) তিনবিঘা করিডোর বাংলাদেশের কোন জেলায় অবস্থিত? → লালমনিরহাট।

g) কোন সরকারি স্থাপনাকে 'জুলাই বিপ্লব স্মৃতি জাদুঘর' এ রূপান্তর করার সিদ্ধান্ত হয়েছে? → গণভবন।

h) বাংলাদেশের জাতীয় পতাকা প্রথম কত তারিখে উত্তোলন করা হয়? → ২ মার্চ, ১৯৭১ সালে।

i) ঢাকার পূর্ব নাম কী? → জাহাঙ্গীরনগর।

j) বাংলাদেশ বিমানের প্রতীক কী? → বলাকা।

## বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

পদের নামঃ হিসাব রক্ষক, অফিস সহকারী-
কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখঃ ২৯.১১.২০২৪: সময়ঃ ৯০ মিনিট: পূর্ণমানঃ ৪০

*Q.* জুলাই বিপ্লবের প্রথম শহিদ আবু সাঈদ কত তারিখে শহীদ হন? → ১৬ জুলাই, ২০২৪।

*Q.* বাংলাদেশের সমবায় আন্দোলনের প্রবক্তা কে? → আকতার হামিদ খান।

*Q.* জাতীয় সংসদে 'কাস্টিং ভোট' কে দেন? → স্পিকার। স্পিকার কর্তৃক প্রদত্ত ভোটকে কাস্টিং ভোট বলে।

*Q.* পৃথিবীর দীর্ঘতম নদীর নাম কি? → নীলনদ। উল্লেখ্য, মিশরে অবস্থিত পৃথিবীর দীর্ঘতম নদী 'নীলনদ'। পৃথিবীর বৃহত্তম নদী 'আমাজন'। পৃথিবীর গভীরতম নদী 'কঙ্গো নদী'। ইউরোপের দীর্ঘতম নদী 'ভলগা'।

*Q.* কত বিঘা পর্যন্ত জমির খাজনা মওকুফ করা হয়েছে? → ২৫ বিঘা।

*Q.* Knowledge is virtue কার উক্তি? → "Knowledge is virtue" (জ্ঞান হয় পূণ্য) এই উক্তিটি বিখ্যাত গ্রিক দার্শনিক ও দর্শনশাস্ত্রের জনক সক্রেটিসের উক্তি। তাঁর আরও কিছু উক্তি সমূহ:

০১. "Know Thyself" (নিজেকে জানো)।
০২. মানুষের আসল সৌন্দর্য হচ্ছে তার জ্ঞান।
০৩. অন্যায় করে লজ্জিত না হওয়া আরেকটি অন্যায়।
০৪. বিস্ময় হলো জ্ঞানের শুরু।

*Q.* যমুনা সার কারখানায় উৎপাদিত সারের নাম কি? → ইউরিয়া।

*Q.* জাতিসংঘের দাপ্তরিক ভাষা কয়টি? → জাতিসংঘের দাপ্তরিক ভাষা ৬টি। যথা: ইংরেজি, স্প্যানিশ, আরবি, ফরাসি, চীনা ও রুশ।

*Q.* বাংলাদেশের মুক্তবাজার অর্থনীতি কত সনে চালু হয়? → ১ জুলাই, ১৯৯১ সালে মুক্তবাজার অর্থনীতি বা Open Market Economy চালু হয়। আধুনিক বিশ্বে মুক্তবাজার অর্থনীতি একটি বহুল আলোচিত অর্থনৈতিক কর্মকান্ড।

*Q.* ভিয়েতনাম ও যুক্তরাষ্ট্রের মধ্যকার দ্বন্দ্ব নিরসনে কোন চুক্তি স্বাক্ষরিত হয়েছিল? → প্যারিস শান্তি চুক্তি|

*Q.* বাংলাদেশের জাতীয় প্রতীকে তারকা সংখ্যা কয়টি? → জাতীয় প্রতীকে ৪টি তারকা চিহ্ন রয়েছে। এই চারটি তারকা দিয়ে বুঝানো হয়ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চার মূলনীতি।

*Q.* নর্দান লিমিট লাইন কোন দুটি দেশের বিরোধপূর্ণ স্থান? → উত্তর কোরিয়া ও দক্ষিণ কোরিয়া।

*Q.* বাংলাদেশ সংবিধানের কোন ভাগে মৌলিক অধিকারের কথা বলা হয়েছে? → তৃতীয় ভাগে।

*Q.* গ্রিনল্যান্ড কোন মহাদেশে অবস্থিত? → উত্তর আমেরিকা মহাদেশে অবস্থিত। গ্রিনল্যান্ড উত্তর আটলান্টিক ও আর্কটিক মহাসাগরের মধ্যে অবস্থিত একটি সুবৃহৎ দ্বীপ যা ডেনমার্কের একটি স্ব-নিয়ন্ত্রিত অংশ হিসেবে স্বীকৃত। দ্বীপটির অধিকাংশই সুমেরীয় বৃত্তের উত্তর অংশে অবস্থিত। উল্লেখ্য, এর মালিকানা ডেনমার্ক।

***Q.*** **NATO এর পূর্ণরূপ?** → North Atlantic Treaty Organization.

***Q.*** **VIRUS শব্দের পূর্ণ অভিব্যক্তি কি?** → Vital Information Resources Under Seize.

***Q.*** **দুর্বল সিগন্যাল কে বর্ধিত করে টার্গেট কম্পিউটারে পাঠায় কি?** → সুইচ।

***Q.*** **কম্পিউটারের ইনপুট ও আউটপুট এর জন্য কোন কোডটি সর্বাধিক ব্যবহৃত হয়?** → ASCII

***Q.*** **এক কিলোবাইট সমান কত বাইট?** → ১ কিলোবাইট = ১০২৪ বাইট।

***Q.*** **ব্যাংকের চেকের চেক নম্বর লেখা ও পড়া হয় কোন পদ্ধতিতে?** → MICR.

***Q.*** **ইমেইল ঠিকানায় @ এর পরের অংশকে কি বলে?** → ডোমেইন নেম।

***Q.*** **সার্ভারের সাথে সংযুক্ত কম্পিউটারকে কি বলা হয়?** → ওয়ার্কস্টেশন।

***Q.*** **টুইটারের প্রতিষ্ঠাতা কে?** → সোস্যাল নেটওয়ার্কিং সাইট Twitter এর প্রতিষ্ঠাতা হলেন জ্যাক ডর্সি। এটি ২১ মার্চ ২০০৬ সালে চালু হয়। টুইটারের মূল কার্যালয় মার্কিন যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকো শহরে অবস্থিত।

***Q.*** **HTTP এর পূর্ণরূপ কি?** → HTTP পূর্ণরূপ হলো hypertext transfer protocol.

***Q.*** **অভ্র কিবোর্ড এর উদ্ভাবক কে?** → মেহেদী হাসান।

## কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিঃ

পদের নামঃ জুনিয়র এ্যাসিস্টেন্ট ম্যানেজার

তারিখঃ ০৬.১২.২০২৪: সময়ঃ ৯০ মিনিট: পূর্ণমানঃ ১০০

a) Which city is known as the "Silk City" of Bangladesh? → রাজশাহী।

b) Which famous architect designed the National Parliament House? → জাতীয় সংসদ ভবনের ডিজাইনার লুই আই কান। লুই ইসাডোর কান সংক্ষেপে লুই আই কান বিশ্বখ্যাত মার্কিন স্থপতি।

c) Which specific river delineates the majority of the border between Bangladesh and India? → The Ichamati River forms a 21 kilometer (13 mile) stretch of the international border between India and Bangladesh.

d) Under which specific article of the Bangladesh Constitution is the right to education guaranteed as a fundamental right? → বাংলাদেশের সংবিধানের ১৭ নং অনুচ্ছেদে শিক্ষার অধিকারকে একটি মৌলিক অধিকার হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে।

e) Which specific mangrove forest in Bangladesh holds the distinction of being a UNESCO World Heritage Site? → সুন্দরবন।

f) What is the minimum age requirement to be eligible to run for president of Bangladesh? → রাষ্ট্রপতি হওয়ার জন্য ৩৫ বছর বয়স হতে হবে (সংবিধানের ৪৮ এর ৪(ক) অনুচ্ছেদ অনুযায়ী)।

g) Which country was the largest foreign aid donor to Bangladesh in 2023? → ২০২৪ সালের অর্থনৈতিক সমীক্ষা অনুযায়ী দেশ হিসাবে সবচেয়ে বেশি বৈদেশিক সাহায্য করে জাপান।

h) What does BRDP of Bangladesh Bank stand for? → Banking Regulation & Policy Department.

i) Who is the present coach of Bangladesh cricket team? → ফিল সিমন্স।

j) What is the 'Three Zero Theory' of Dr. Muhammad Yunus? → দারিদ্র্য, বেকারত্ব ও কার্বন নিঃসরণ শূন্যে নামিয়ে আনা।

k) Which European country recognize Bangladesh first as independent nation? → East Germany (11 January 1972)

l) What is the full form of SDG? → Sustainable Development Goals.

m) Who was the first President of the United States? → George Washington.

n) When was the Treaty of Versailles signed? → ২৮ শে জুন ১৯১৯ ইং তারিখে।

o) In which year was the Paris Agreement on climate change adopted? → ২০১৫ সালে প্যারিস চুক্তি গৃহীত হয়।

p) Which currency is the most traded currency in the world? → মার্কিন ডলার বিশ্বের সবচেয়ে বেশি লেনদেন হওয়া মুদ্রা।

q) Which strait is a key shipping route connecting the Persian Gulf to the Arabian Sea? → হরমুজ প্রণালী।

r) Which country is leading in the development and development of 5G technology? → চীন।

s) What is the smallest planet in our solar system? → বুধ সৌরজগতের সবচেয়ে ক্ষুদ্র গ্রহ।

t) What is the national sport of China? → টেবিল টেনিস (পিং পং)।

## পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি

পদের নামঃ কারিগরি সহায়ক

তারিখঃ ০৬.১২.২০২৪: সময়ঃ ১২০ মিনিট: পূর্ণমানঃ ১০০

***Q.*** **বৈশ্বিক উষ্ণায়ন কী? বৈশ্বিক উষ্ণায়ন এর প্রভাব সম্বন্ধে লিখুন।**

***Solution:*** বৈশ্বিক উষ্ণায়ন বলতে পৃথিবীর ভূপৃষ্ঠের তাপমাত্রা বৃদ্ধিকে বুঝানো হয়। এর মূল কারণ Carbon dioxide ($CO_2$), methane, Nitrus Oxide ($N_2O$) and $CFC_s$ গ্যাসসমূহের নির্গমন ও সঞ্চয়ন।

**বৈশ্বিক উষ্ণতা ও বাংলাদেশে এর প্রভাবঃ**

| | |
|---|---|
| উষ্ণতার বৃদ্ধি | পৃথিবীর গড় তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে, যা বিভিন্ন অঞ্চলে তাপদাহের সৃষ্টি করছে। |
| বরফ গলার হার বৃদ্ধি | মেরু অঞ্চলের বরফ দ্রুত গলছে, যা সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি করছে। |
| প্রাকৃতিক দুর্যোগের বৃদ্ধি | ঘূর্ণিঝড়, বন্যা, খরা, এবং দাবানলের মতো প্রাকৃতিক দুর্যোগের তীব্রতা ও ঘনত্ব বৃদ্ধি পাচ্ছে। |
| জীববৈচিত্র্যের ক্ষতি | তাপমাত্রার পরিবর্তনে অনেক উদ্ভিদ এবং প্রাণীর প্রজাতি বিলুপ্তির পথে। |
| খাদ্য নিরাপত্তার হুমকি | কৃষি জমি ক্ষতিগ্রস্ত হওয়ায় খাদ্য উৎপাদন কমে যাচ্ছে। |
| মানব স্বাস্থ্য | তাপদাহ, পানিবাহিত রোগ এবং বায়ুদূষণের কারণে মানুষের স্বাস্থ্যে ক্ষতিকর প্রভাব পড়ছে। |

**সমাধানঃ** নবায়নযোগ্য শক্তির ব্যবহার (সৌরশক্তি, বায়ুশক্তি), গাছ লাগানো ও বন সংরক্ষণ, জীবাশ্ম জ্বালানির ব্যবহার হ্রাস, পুনর্ব্যবহারযোগ্য পণ্যের ব্যবহার, পরিবেশ সংরক্ষণে সচেতনতা বৃদ্ধি।

বৈশ্বিক উষ্ণায়ন আমাদের জন্য এক গভীর উদ্বেগের বিষয়। এটি নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ নেওয়া জরুরি। ভবিষ্যৎ প্রজন্মের জন্য পৃথিবীকে বাসযোগ্য রাখতে আমাদের সবার সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন।

***Q.*** **কম্পিউটারের মেমোরি বলতে কী বুঝায়? মেমোরি কত প্রকার ও কী কী?**

***Solution:*** কম্পিউটার মেমোরি বলতে কোন কম্পিউটার ব্যবস্থায় স্থায়ী বা অস্থায়ীভাবে উপাত্ত ধারণকারী যন্ত্রাংশকে বোঝায়। এগুলি মূলত অর্ধপরিবাহী চিপ দিয়ে বানানো হয়ে থাকে। একটি কম্পিউটার মেমোরি একটি মানুষের মস্তিষ্কের মত। এটি তথ্য এবং নির্দেশাবলী সংরক্ষণ করতে ব্যবহৃত হয়। কম্পিউটার মেমোরিতে তথ্য প্রক্রিয়াজাত করা এবং প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় নির্দেশাবলি সংরক্ষণ করা হয়। যাকে কম্পিউটারে স্টোরেজ স্পেস বলা হয়। মেমোরি ছোট ছোট অসংখ্য অংশে ভাগ করা হয়েছে। উদাহরণ স্বরূপ, কম্পিউটার 64K শব্দ আছে, তাহলে এই মেমোরি ইউনিটে 64 * 1024 = 65536 মেমোরি অবস্থান আছে। এই অবস্থানের ঠিকানা 0 থেকে 65535 পর্যন্ত পরিবর্তিত হয়।

কম্পিউটারে সাধারণত ৩ ধরনের মেমোরি থাকে। এগুলো হলোঃ Main Memory Or Primary Memory (প্রধান মেমোরি), Auxiliary Memory Or Secondary Memory (সহায়ক বা গৌণ মেমোরি) এবং Cache Memory (ক্যাশ মেমোরি)। কম্পিউটারের মেমোরি পরিমাপের একক হলো বিট।

***Q.*** **শব্দ দূষণ বলতে কী বুঝায়? শব্দ দূষণ এর ক্ষতিকর প্রভাব সম্বন্ধে লিখুন।**

***Solution:*** **শব্দ দূষণ বলতে কী বুঝায়ঃ** শব্দ দূষণ বলতে এমন ধরনের শব্দ বা ধ্বনি বোঝায়, যা মানুষের স্বাভাবিক জীবনযাত্রাকে বিঘ্নিত করে এবং শারীরিক ও মানসিক স্বাস্থ্যের উপর ক্ষতিকর প্রভাব ফেলে। এটি সাধারণত উচ্চমাত্রার শব্দ বা অযাচিত শব্দের ফলে সৃষ্ট হয়, যা মানুষের সহনক্ষমতার বাইরে চলে যায়। শব্দ দূষণকে পরিবেশ দূষণের একটি ধরণ হিসেবেও বিবেচনা করা হয়।

**শব্দ দূষণ এর ক্ষতিকর প্রভাবঃ** শব্দ দূষণ হল পরিবেশে অতিরিক্ত বা অনাকাঙ্ক্ষিত শব্দের উপস্থিতি, যা মানুষের শারীরিক এবং মানসিক স্বাস্থ্যের ওপর নেতিবাচক প্রভাব ফেলে। এটি পরিবেশ এবং জীববৈচিত্র্যের জন্যও ক্ষতিকর। শব্দ দূষণের প্রধান উৎস হলো যানবাহন, কলকারখানা, নির্মাণকাজ, লাউডস্পিকার এবং বিভিন্ন বৈদ্যুতিক যন্ত্রপাতি। শব্দ দূষণের বিভিন্ন ক্ষতিকর প্রভাব নিম্নরূপ:

| | |
|---|---|
| শারীরিক প্রভাব | শ্রবণশক্তির ক্ষতি: দীর্ঘ সময় ধরে উচ্চ শব্দের মধ্যে থাকলে শ্রবণশক্তি কমে যেতে পারে বা স্থায়ী বধিরতা হতে পারে।<br>হৃদযন্ত্রের সমস্যা: শব্দ দূষণ উচ্চ রক্তচাপ, হৃদস্পন্দনের হার বৃদ্ধি এবং হৃদরোগের ঝুঁকি বাড়ায়।<br>ঘুমের ব্যাঘাত: অতিরিক্ত শব্দ ঘুমে বিঘ্ন ঘটায়, যা শরীরের স্বাভাবিক কার্যক্ষমতায় নেতিবাচক প্রভাব ফেলে।<br>মাথাব্যথা এবং ক্লান্তি: উচ্চ শব্দের কারণে মানুষ দীর্ঘমেয়াদি মাথাব্যথা, মাইগ্রেন এবং মানসিক চাপ অনুভব করতে পারে। |
| মানসিক প্রভাব | মানসিক চাপ ও উদ্বেগ: শব্দ দূষণ দীর্ঘমেয়াদে মানসিক চাপ, উদ্বেগ এবং হতাশার সৃষ্টি করে।<br>মনোযোগ ও স্মৃতিশক্তির ক্ষতি: উচ্চ শব্দ শিশুদের এবং প্রাপ্তবয়স্কদের মনোযোগ এবং স্মৃতিশক্তি নষ্ট করতে পারে। |
| শিশুদের ওপর প্রভাব | শব্দ দূষণ শিশুদের শেখার প্রক্রিয়ায় বাধা সৃষ্টি করে এবং তাদের আচরণগত সমস্যার কারণ হতে পারে। |

| | |
|---|---|
| পরিবেশগত প্রভাব | বন্যপ্রাণীর ক্ষতি: বন্যপ্রাণীর যোগাযোগ ব্যবস্থা বিঘ্নিত হয়, যা তাদের খাদ্য সংগ্রহ, প্রজনন এবং চলাচলে বাধা সৃষ্টি করে।<br>বাস্তুতন্ত্রের ভারসাম্যহীনতা: অতিরিক্ত শব্দ প্রাকৃতিক বাস্তুতন্ত্রের ভারসাম্য নষ্ট করে। |
| অর্থনৈতিক প্রভাব | শব্দ দূষণজনিত স্বাস্থ্য সমস্যার চিকিৎসায় বড় অঙ্কের অর্থ ব্যয় হয়।<br>শিল্প ও বাণিজ্যিক কাজকর্মের দক্ষতা কমে যায়। |

প্রতিকারঃ শব্দ দূষণের ক্ষতি কমাতে সচেতনতা বৃদ্ধি, শব্দ নিয়ন্ত্রণের প্রযুক্তি ব্যবহার, আইন প্রয়োগ এবং সবুজায়নকে উৎসাহিত করা প্রয়োজন। শব্দ দূষণ নিয়ন্ত্রণে ব্যক্তিগত ও সামাজিক উদ্যোগ গ্রহণ করলে আমাদের জীবনযাত্রা আরও শান্তিপূর্ণ ও সুস্থ হতে পারে।

***Q.*** **অপটিক্যাল ফাইবার কী? এর ব্যবহার সম্বন্ধে লিখুন।**

***Solution:*** অপটিক্যাল ফাইবার একধরনের পাতলা, স্বচ্ছ তন্তু বিশেষ যা কাঁচ বা প্লাস্টিক দিয়ে তৈরি। এটি অধিক দূরত্বে টেলিযোগাযোগের ক্ষেত্রে আলো পরিবহনে ব্যবহৃত হয়। এর তিনটি অংশ। যথা: ১. কোর ২. ক্ল্যাডিং ও ৩. জ্যাকেট।

ব্যবহারঃ

১. যোগাযোগঃ টেলিফোন ট্রান্সমিশন পদ্ধতিতে - ফাইবার-অপ্টিক কেবল ব্যবহার করা হয়। অপটিক্যাল ফাইবার লাইট পালস এর আকারে সিগনাল প্রেরণ করে। এই প্রযুক্তি অনেকটা কোক্সিয়াল ক্যাবলের মতোই, তবে অপটিক্যাল ফাইবার এর মাধ্যমে একযোগে হাজার হাজার কথোপকথন পরিচালনা করতে পারে।
২. চিকিৎসা ব্যবহারঃ অপটিক্যাল ফাইবার এর - ব্যবহার চিকিৎসা ক্ষেত্রে নতুন দিক খুলে দিয়েছে। অপটিক্যাল ফাইবার অত্যন্ত পাতলা এবং নমনীয় হওয়ায় রক্তনালী, ফুসফুস এবং শরীরের অন্যান্য ফাঁপা অংশে প্রবেশের জন্য উপযুক্ত। অপটিক্যাল ফাইবারগুলি বেশ কয়েকটি যন্ত্রে ব্যবহৃত হয় যা ডাক্তারদের অস্ত্রোপচার না করেই শরীরের অভ্যন্তরীণ অংশগুলি দেখতে সাহায্য করে।
৩. সরল ব্যবহারঃ অপটিক্যাল ফাইবারের সহজতম - প্রয়োগ হল, এমন জায়গায় আলো পৌছান যেখানে অন্য কোন যন্ত্র পৌছাতে পারেনা।

***Q.*** **কৃত্রিম বুদ্ধিমত্তা বলতে কী বুঝায়? এর প্রয়োগ সম্বন্ধে লিখুন।**

***Solution:*** কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence - AI) বলতে এমন একটি প্রযুক্তি বা পদ্ধতিকে বোঝায়, যার মাধ্যমে কম্পিউটার বা মেশিনকে মানুষের মতো চিন্তা-ভাবনা, সিদ্ধান্ত নেওয়া, এবং কাজ করার ক্ষমতা দেওয়া হয়। কৃত্রিম বুদ্ধিমত্তা মানুষের জ্ঞান, বুদ্ধি, এবং শিখন প্রক্রিয়া অনুকরণ করে স্বয়ংক্রিয়ভাবে সমস্যার সমাধান করতে সক্ষম।

কৃত্রিম বুদ্ধিমত্তার গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যঃ

| | |
|---|---|
| শেখার ক্ষমতা (Machine Learning) | ডেটা ব্যবহার করে মডেলকে প্রশিক্ষণ দেওয়া হয়, যাতে ভবিষ্যতে সঠিক সিদ্ধান্ত নেওয়া যায়। |
| যুক্তি ও বিশ্লেষণ (Reasoning and Problem-Solving): | জটিল সমস্যার সমাধানে লজিক্যাল বিশ্লেষণ এবং সিদ্ধান্ত নেওয়ার দক্ষতা। |
| ভাষা বোঝা ও ব্যবহার (Natural Language Processing - NLP): | মানুষের ভাষা বুঝে তা ব্যবহারের ক্ষমতা। |
| দর্শন ও বস্তুর শনাক্তকরণ (Computer Vision): | ছবি ও ভিডিও বিশ্লেষণ করে তথ্য সংগ্রহ। |
| স্বয়ংক্রিয় কাজের ক্ষমতা (Automation): | বিভিন্ন কাজ মেশিনের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন করা। |

**কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগঃ**

| | |
|---|---|
| স্বাস্থ্যসেবা | রোগ নির্ণয় (Disease Diagnosis)<br>চিকিৎসার সুপারিশ (Treatment Planning)<br>অপারেশনে রোবটিক্স ব্যবহার (Surgical Robots) |
| ব্যবসা | গ্রাহক সেবা (Customer Support)<br>বিপণন ও বিক্রয় পূর্বাভাস (Sales Prediction)<br>ডেটা বিশ্লেষণ ও সিদ্ধান্ত গ্রহণ |
| শিক্ষা | শিক্ষার্থীদের জন্য ব্যক্তিগতকৃত শেখার পদ্ধতি<br>পরীক্ষার স্বয়ংক্রিয় মূল্যায়ন |
| পরিবহন | স্বয়ংচালিত যানবাহন (Self-driving Cars)<br>ট্রাফিক ম্যানেজমেন্ট |
| কৃষি | ফসলের মান নির্ধারণ<br>স্বয়ংক্রিয় সেচ ব্যবস্থা |
| বিনোদন | ভিডিও গেমের বুদ্ধিমত্তা উন্নয়ন<br>স্ট্রিমিং প্ল্যাটফর্মে সুপারিশ ব্যবস্থা |
| সামাজিক মাধ্যম | কন্টেন্ট সুপারিশ (Content Recommendation)<br>অশালীন বিষয়বস্তু ফিল্টার |
| অর্থনীতি ও ব্যাংকিং | জালিয়াতি শনাক্তকরণ (Fraud Detection)<br>ক্রেডিট স্কোরিং |

উপসংহারঃ কৃত্রিম বুদ্ধিমত্তা আজকের যুগে প্রযুক্তির একটি অপরিহার্য অংশ। এটি মানুষের জীবনযাত্রা সহজ এবং কার্যকর করে তুলেছে। তবে, এর অপব্যবহার রোধে নৈতিকতা ও দায়বদ্ধতার বিষয়েও সচেতন থাকা জরুরি।

***Q.*** **গ্রীন হাউজ ইফেক্ট বলতে কী বুঝায়? গ্রীন হাউজ গ্যাস কী কী?**

***Solution:*** গ্রীন হাউজ ইফেক্ট বলতে মূলত তাপ আটকে রেখে পৃথিবীর সার্বিক তাপমাত্রা বৃদ্ধিকে বুঝায়। এর ফলে উত্তাপ অনেক বেড়ে যাবে যাতে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বেড়ে যেতে পারে। গ্রিন হাউজ গ্যাসগুলো হলোঃ ১. কার্বন ডাই-অক্সাইড ২. মিথেন ৩. জলীয়বাষ্প ৪. ওজোন ৫. সিএফসি (ক্লোরো-ফ্লোরো কার্বন)।

## বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

পদের নামঃ উপ-সহকারী প্রকৌশলী

তারিখঃ ১৩.১২.২০২৪: সময়ঃ ১২০ মিনিট: পূর্ণমানঃ ২০০

***Q.*** **শান্তিতে নোবেল বিজয়ী ড. মুহম্মদ ইউনুস প্রধান উপদেষ্টা হিসেবে কবে শপথ গ্রহণ করেছেন?**

***Solution:*** অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে শপথ গ্রহণ করেন ৮ আগস্ট ২০২৪ সালে।

***Q.*** **আয়তনে বাংলাদেশের সবচেয়ে বড় জেলা কোনটি?**

**Solution:** আয়তনে বাংলাদেশের বৃহত্তম জেলা হলো রাঙামাটি (৬১১৬.১১ বর্গ কিলোমিটার বা ২৩৬১ বর্গ মাইল। আর ক্ষুদ্রতম জেলা হলো নারায়ণগঞ্জ (৬৮৪.৩৭ বর্গ কিলোমিটার বা ২৬৪ বর্গ মাইল)। জেলা নিয়ে কিছু কথাঃ বাংলাদেশের প্রথম জেলা গঠিত হয় ১৬৬৬ সালে; প্রথম গঠিত জেলা চট্টগ্রাম (১৬৬৬)।

***Q.*** **স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য 'বীরশ্রেষ্ঠ' উপাধি লাভ করেন কত জন?**

**Solution:** বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য ৭ জন বীরশ্রেষ্ঠ উপাধি লাভ করে।

***Q.*** **মার্কিন যুক্তরাষ্ট্রকে 'স্ট্যাচু অব লিবার্টি' উপহার দেয় কোন দেশ?**

**Solution:** ৪ জুলাই, ১৮৮৬ সাল। ফ্রান্স একটি বিশাল প্রতিমূর্তি উপহার দেয় যুক্তরাষ্ট্রকে। 'স্ট্যাচু অব লিবার্টি' নামে বিশ্ববিখ্যাত নান্দনিক ভাস্কর্যটি এখন আমেরিকা যুক্তরাষ্ট্রের অন্যতম 'সিম্বোলিক আইকন'।

***Q.*** **পৃথিবীর দিন রাত সমান হয় কখন?**

**Solution:** ২৩ সেপ্টেম্বর এবং ২১ মার্চ। উল্লেখ্য,

পৃথিবীর দিন ও রাত সমান হয় বছরে দুইবার, যা বিষুব (Equinox) নামে পরিচিত। এই দুটি সময় হলোঃ

| | |
|---|---|
| বসন্ত বিষুব (Vernal Equinox) | ২১ বা ২২ মার্চের দিকে। এই সময় সূর্য নিরক্ষরেখার (Equator) সোজাসুজি উপরে থাকে। |
| শরৎ বিষুব (Autumnal Equinox) | ২২ বা ২৩ সেপ্টেম্বরের দিকে। এই সময়ও সূর্য নিরক্ষরেখার উপর সোজাসুজি অবস্থান করে। |

এই সময় দিন ও রাতের দৈর্ঘ্য প্রায় সমান হয়ে থাকে (১২ ঘণ্টা দিন এবং ১২ ঘণ্টা রাত)। বিষুবের সময় পৃথিবীর সব স্থানে সূর্যের আলো সমানভাবে পড়ে।

***Q.*** **BSTI এর পূর্ণরূপ কী?**

**Solution:** Bangladesh Standards and Testing Institution (BSTI)

***Q.*** **'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটির স্থপতি কে?**

**Solution:** নিতুন কুন্ডু।

***Q.*** **সিরিয়ার কর্তৃত্ববাদী ক্ষমতাচ্যুত প্রেসিডেন্টের নাম কী?**

**Solution:** বাশার আল আসাদ।

***Q.*** **বাংলাদেশ টেস্ট ক্রিকেটে পাকিস্তানের বিরুদ্ধে প্রথম জয় লাভ করে কবে?**

**Solution:** ৪ সেপ্টেম্বর ২০২৪ সালে রাওয়ালপিন্ডি (পাকিস্তান)।

***Q.*** **তেঁতুলে কোন এসিড থাকে?**

**Solution:** তেতুলে প্রধানত টারটরিক অ্যাসিড (Tartaric Acid) থাকে।

## বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

পদের নামঃ অফিস সহায়ক

তারিখঃ ২০.১২.২০২৪: সময়ঃ ৬০ মিনিট: পূর্ণমানঃ ৪০

***Q.*** **বাংলাদেশের সর্বশেষ বিভাগের নাম কী?** ময়মনসিংহ।

***Q.*** **দেশের সর্বশেষ আবিষ্কৃত গ্যাসক্ষেত্রটির নাম কি?** ইলিশা-১ (২৯তম)।

***Q.*** **জাতীয় স্মৃতিসৌধের ফলক কয়টি?** ৭টি।

***Q.*** **বাংলাদেশের রণ সংগীতের রচয়িতা কে?** কবি কাজী নজরুল ইসলাম।

***Q.*** **তিনবিঘা করিডোর কোন জেলায় অবস্থিত?** লালমনিরহাট।

***Q.*** **রাখাইনের পূর্ব নাম কী?** আরাকান।

***Q.*** **বাংলাদেশের জাতীয় সংসদের ৩০০তম আসন কোনটি?** বান্দরবান।

***Q.*** **বাংলাদেশের বার্ষিক গড় বৃষ্টিপাত কত?** ২০৩ সেন্টিমিটার (২০৩০ মিলিমিটার)।

***Q.*** **কাপ্তাই জলবিদ্যুৎ কেন্দ্র কোথায় অবস্থিত?** কাপ্তাই (রাঙ্গামাটি)।

***Q.*** **আইফেল টাওয়ার কোথায় অবস্থিত?** প্যারিস (ফ্রান্স)।

## Combined 7 Banks

**Recruitment Test for Officer (Cash)**

Time: 120 minutes; Marks: 200;

Exam Held On: 05.07.2024

a) ২০২৪ সালের মোট জাতীয় আয়ের বিচারে পৃথিবীর সবচেয়ে বড় দেশ কোনটি? → যুক্তরাষ্ট্র।

b) কত সালে যুক্তরাজ্য আনুষ্ঠানিকভাবে ইউরোপিয়ান ইউনিয়ন ত্যাগ করে? → ২০২০ সালে।

c) কোন জলপ্রণালী ভৌগলিকভাবে ইউরোপ এবং আফ্রিকা মহাদেশকে আলাদা করে? → জিব্রাল্টার প্রণালী।

d) টক জাতীয় ফল যেমন কমলা বা লেবু মূলত কোন ভিটামিন সমৃদ্ধ? → ভিটামিন সি।

e) কোন খনিজ উপাদান মানব শরীরের হাড় এবং দাঁত তৈরি ও রক্ষায় অপরিহার্য? → ক্যালসিয়াম। উল্লেখ্য, এনামেল মানব শরীরের সর্বাপেক্ষা কঠিন বস্তু। এনামেল এর ৯০ শতাংশই ক্যালসিয়াম ও ফসফরাস দ্বারা তৈরি। তাই এটি হাড় ও দাঁতকে মজবুত রাখে।

f) জাতিসংঘের মানবধিকার রক্ষা সংক্রান্ত প্রতিষ্ঠান 'ইউএনএইচসিআর' এর সদর দপ্তর কোন শহরে অবস্থিত? → জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশন বা United Nations High Commissioner for Refugees (UNHCR) এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়। UNHCR প্রতিষ্ঠিত হয় ১৪ ডিসেম্বর, ১৯৫০ সালে। UNHCR এর প্রধানকে হাইকমিশনার বলা হয়।

g) বর্তমানে পোশাক খাতের পর বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ রপ্তানি আয়ের উৎস কোনটি? → হো টেক্সটাইল পণ্য।

h) শাখা সংখ্যার বিচারে বাংলাদেশের সবচেয়ে বড় বিশেষায়িত ব্যাংকের নাম কি? → বাংলাদেশ কৃষি ব্যাংক।

i) ২০২৪ সালে বাংলাদেশে বৈদেশিক মুদ্রা হিসাব পরিচালনা সংক্রান্ত একটি আইন পাশ হয়েছে। আইনটির পূর্ণ নাম কি? → অফশোর ব্যাংকিং আইন, ২০২৪।

j) জাতীয় কবি কাজী নজরুল ইসলামের প্রথম কবিতার বই 'অগ্নিবীণা' কোন সালে প্রকাশিত হয়েছিল। → ১৯২২ সালে।

k) ২০২৪ সালের টি-২০ ক্রিকেট বিশ্বকাপে মোট কতটি দেশ অংশগ্রহন করে? → ২০টি।

l) দক্ষিণ এশিয়ার সর্বশেষ সাফ নারী ফুটবল প্রতিযোগিতার বিজয়ী দেশ কোনটি? → বাংলাদেশ।

m) বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধকালীন অস্থায়ী মুজিবনগর সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর নাম কি ছিল? → তাজউদ্দীন আহমদ।

n) মার্কিন ডলার এর পর বৈদেশিক বাণিজ্যে বর্তমানে বিশ্বের সবচেয়ে বেশি ব্যবহৃত বৈদেশিক মুদ্রার নাম কি? → ইউরো।

o) সাহিত্যে সর্বশেষ নোবেল বিজয়ী লেখক কোন দেশের নাগরিক? → নরওয়ে।

## Janata Bank PLC

**Recruitment Test for Officer (RC)**

Exam Held On: 21.09.2024

***Q.* What is the number of blood groups of humans?**

***Solution:*** Four blood groups of humans. উল্লেখ্য, রক্তের গ্রুপকে ৪ ভাগে ভাগ করা হয় (A, B, AB, O). আর O গ্রুপের লোকদের রক্তে কোন অ্যাগ্লুটিনোজেন না থাকায় তাদের পক্ষে সবাইকে রক্ত দেওয়া সম্ভব। তাই তাদের সার্বজনীন দাতা বা Universal Donor বলে। আর AB গ্রুপের রক্তের লোকদের রক্তে কোন অ্যাগ্লুটিনিন না থাকায় তারা সব রক্ত নিতে পারে। তাই তাদের সার্বজনীন গ্রহীতা বা Universal Recipient বলে।

***Q.* Who is the Present Prime Minister of the UK?**

***Solution:*** Present Prime Minister of the UK is Keir Starmer. উল্লেখ্য, ৫ জুলাই ২০২৪ সালে কিয়ার স্টারমার ঋষি সুনাকের স্থলাভিষিক্ত হয়ে যুক্তরাজ্যের প্রধান মন্ত্রী হিসাবে দায়িত্ব গ্রহণ করেন।

***Q.* Who is the Present Governor of Bangladesh Bank?**

***Solution:*** Present Governor of Bangladesh Bank Ahsan H. Mansur. উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংকের বর্তমান ১৩তম গর্ভনর আহসান এইচ মুনসুর। তিনি ১৩ আগস্ট ২০২৪ সাল থেকে বাংলাদেশের ব্যাংকের গর্ভনর রয়েছে। আর ১১ আগস্ট থেকে ১৩ আগস্ট ২০২৪ সালে ভারপ্রাপ্ত গর্ভনর ছিলেন নুরুল নাহার।

***Q.* Which commission was formed for the establishment of Dhaka University?**

***Solution:*** The Nathan Commission. উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য ১৯১২ সালে ১৩ সদস্য বিশিষ্ট নাথান কমিশন গঠন করা হয়।

***Q.* Who is the Man of the series of the last Bangladesh VS Pakistan Test Match?**

***Solution:*** Mehidy Hasan Miraz.

***Q.* How many gold medals did the US and China get in the Paris Olympics?**

***Solution:*** The US and China won 40 gold medals each in the Paris Olympics (2024).

***Q.* When was the Right to Information Act implemented?**

***Solution:*** The Right to Information Act was implemented in Bangladesh on 29 March 2009.

**Q. Write the numbers of the countries in the EU.**

**Solution:** 27 countries. উল্লেখ্য, বর্তমান ইউরোপিয় ইউনিয়ন এর সদস্য দেশ হলো ২৭টি। সেনঝেন ভুক্ত রাষ্ট্র ২৯টি। ইউরোপিয় ইউনিয়নের ২৭টি দেশের মধ্যে ২০টি দেশে ইউরো মুদ্রা প্রচলিত রয়েছে।

**Q. Which is the 2nd largest continent by land size?**

**Solution:** Africa. উল্লেখ্য, আয়তনে বৃহত্তম মহাদেশ এশিয়া আর দ্বিতীয় বৃহত্তম আফ্রিকা। সব থেকে ক্ষুদ্রতম হলো অস্ট্রেলিয়া।

**Q. Name of the organization that delas with refugees in its full form.**

**Solution:** UNHCR. উল্লেখ্য, UNHCR এর পূর্ণরূপ United Nations High Commissioner for Refugees. এটি ১৯৫০ সালের ১৪ ডিসেম্বর প্রতিষ্ঠিত হয়। এটি ১৯৫৪ এবং ১৯৮১ সালে ২ বার শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে।

**Q. What is the Kyoto Protocol?**

**Solution:** বিশ্ব পরিবেশ রক্ষা করার জন্য বিশ্ব উষ্ণতা রোধে জাপানের প্রাচীন রাজধানী কিয়োটাতে অনুষ্ঠিত সম্মেলনে কিয়োটো প্রটোকল স্বাক্ষর করা হয়। প্রটোকলটি স্বাক্ষরিত হয় ১৯৯৭ সালে। এর মেয়াদ শেষ হয় ২০১২ সালে। প্রটোকলটি কার্যকর হয় ১৬ ডিসেম্বর ২০০৫ সালে। প্রটোকল বলা হয়, শিল্পোন্নত দেশসমূহ তাদের গ্রিন হাউজ গ্যাসের নির্গমন ২০০৮-১২ সাল নাগাদ ১৯৯০ সালের পর্যায়ে নিয়ে আসবে তথা গড়ে ৫ শতাংশ হারে হ্রাস করবে।

**Q. 'Critique of Pure Reason' is written by.**

**Solution:** Immanuel Kant. উল্লেখ্য, ইমানুয়েল কান্ট একজন জার্মান দার্শনিক তাঁর উল্লেখযোগ্য গ্রন্থ হলোঃ 'Theoretical philosophy Lectares and logic', 'Critique of pure Reason', 'Natural Science'.

**Q. Which agency is celebrating its 75th anniversary this year?**

**Solution:** NATO. উল্লেখ্য, ২০২৪ সালে NATO তার ৭৫তম প্রতিষ্ঠা বার্ষিক উৎযাপন করে। ১৯৪৯ সালের ৪ এপ্রিল NATO প্রতিষ্ঠাপায়।

**Q. What is the highest law in Bangladesh?**

**Solution:** Constitution. উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সর্বোচ্চ আইন হলো সংবিধান। সংবিধান এর রক্ষক হলো সুপ্রিম কোর্ট। বাংলাদেশের সংবিধানের জনকার ড. কামাল হোসেন।

**Q. When does the Roman Emperor end?**

**Solution:** 476. উল্লেখ্য, রোমুলুস আউগুস্তস এর সময় ৪৭৬ সালে রোমান সাম্রাজ্য শেষ হয়। এর রাজধানী ছিলো পর্যায়ক্রমে রোম ও কন্সটান্টিনোপল। সরকার ব্যবস্থা ছিলো রাজতন্ত্র।

## Combined 2 Banks

**Recruitment Test for Officer (IT)**

Examination Held On: 04.10.2024; Mark: 200; Time: 120 Minutes

a) Which organization was created as a result of the language movement? → Bangla Academy.

b) UNDP works in different countries and territories to eradicate poverty while protecting the planet. The headquarters of UNDP is located in which country? → The United States of America (New York city)

c) On 17 November 2015, UNESCO declared International Day for Universal Access to information. Which day is observed as information day? → 28th September.

d) In which year did the first coal-fired Ultra Super Critical Thermal Power Plant start the commercial power supply to the national grid of Bangladesh? → 13th January 2020.

e) What is the name of the first Bangladeshi film at the Oscars? → Matir Moyna by Tareque Masud.

f) Which campaign works toward building an international consensus and a sustained global movement of leaders and citizens to eliminate nuclear weapons? → Global zero

g) American poet and activist Allen Ginsberg wrote a poem, Inspired by the plight of the East Bengali refugees from the 1971 Bangladesh Liberation War. What is the name of the poem? → September on Jessore Road.

h) How many priority sector(s) fall under the Blue Economy for Bangladesh? → 4 priority sectors:

01. Tourism and recreation,
02. Marine fisheries and aquaculture,
03. Transport
04. Offshore oil and extraction.

i) What is the hardest substance available on earth? → Diamond.

j) As per the declaration of the government, Bangladesh will return into 'Smart Bangladesh' by which year? → 2041

# Islami Bank Bangladesh PLC
**Test for Recruitment of Field Officer**
**Exam Held on: 01.03.2024**

**Q. প্রাচীন গৌড় নগরীর অংশবিশেষ বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?**
a) কুষ্টিয়া　b) বগুড়া
c) কুমিল্লা　d) চাঁপাইনবাবগঞ্জ　**ans. D**

**Solution:** বাংলার প্রাচীন জনপদ সমূহের মধ্যে রয়েছে গৌড়, বঙ্গ, পুন্ড্র, হরিকেল, সমতট, বরেন্দ্র, তাম্রলিপ্ত, চন্দ্রদ্বীপ, উত্তর রাঢ়, দক্ষিণ রাঢ়, বাংলা, দণ্ডভুক্তি ইত্যাদি। গৌড় হলো বর্তমান বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ এবং পশ্চিম বাংলার মালদহ, মুর্শিদাবাদ, বীরভূম ও বর্ধমানের কিছু অংশ।

**Q. বাংলাদেশের সবচেয়ে ছোট জেলা কোনটি?**
a) নারায়ণগঞ্জ　b) নরসিংদী
c) মেহেরপুর　d) সাতক্ষীরা　**ans. A**

**Solution:** আয়তনে ক্ষুদ্রতম জেলা নারায়ণগঞ্জ। যার আয়তন ৬৮৪.৩৭ বর্গ কি:মি:। আর আয়তনে বাংলাদেশের বৃহত্তম জেলা রাঙামাটি। এ জেলাটি ২০ জুন ১৮৬০ প্রতিষ্ঠিত হয় যার আয়তন ৬,১১৬.১১ বর্গ কি:মি:।

| | | | |
|---|---|---|---|
| আয়তনে বড় | রাঙামাটি জেলা | চট্টগ্রাম বিভাগ | শ্যামনগর থানা |
| জনসংখ্যায় বড় | ঢাকা জেলা | ঢাকা বিভাগ | গাজীপুর সদর |

**Q. বাংলাদেশকে প্রাচুর্যপূর্ণ নরক বলে অভিহিত করেন-**
a) ফা হিয়েন　b) ইবনে বতুতা
c) ইবনে খালদুন　d) কোনটিই নয়　**ans. B**

**Solution:** তিনি বাংলাকে দোযখ-ই-পুর 'নিয়ামত' বা বলে অভিহিত করেন। ইবনে বতুতা ফখরউদ্দিন মুবারক শাহরে রাজত্বকালে ১৩৪৬ সালে বাংলায়।

**Q. তরাইনের দ্বিতীয় যুদ্ধে কে পরাজিত হন?**
a) মুহাম্মদ ঘুরী　b) লক্ষ্মণ সেন
c) পৃথ্বিরাজ　d) রামচন্দ্র　**ans. C**

**Solution:** তরাইনের দ্বিতীয় যুদ্ধে পৃথ্বিরাজ পরাজিত হন মুহাম্মদ ঘুরীর কাছে। উল্লেখ্য, তরাইনের মুহাম্মদ ঘুরী পৃথ্বিরাজের কাছে পরাজিত ও আহত হন।

**Q. সুলতান মাহমুদ গজনবী কতবার ভারতবর্ষ আক্রমণ করেন?**
a) ১৫ বার　b) ১৬ বার
c) ১৭ বার　d) ১৮ বার　**ans. C**

**Solution:** সুলতান মাহমুদ গজনবী ১৭ বার ভারতবর্ষ আক্রমণ করেন। তুর্কি বংশোদ্ভুত সুলতান মাহমুদ গজনবী ১০০০ খ্রিস্টাব্দ থেকে ১০২৭ খ্রিস্টাব্দের মধ্যে মাত্র ২৭ বছরে ১৭ বার ভারতীয় উপমহাদেশে অভিযান পরিচালনা করেন। উল্লেখ্য, সুলতান মাহমুদের সভাকবি ছিলেন মহাকবি ফেরদৌসী।

**Q. বঙ্গবন্ধু লাহোরে ঐতিহাসিক ছয়- দফা পেশ করেন?**
a) ১৮ ফেব্রুয়ারি ১৯৬৫　b) ৫ ফেব্রুয়ারি ১৯৬৬
c) ১০ এপ্রিল ১৯৬৯　d) ১১ মার্চ ১৯৬৮　**ans. B**

**Solution:** ঐতিহাসিক ৬ দফার প্রবক্তা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। পাকিস্তান রাষ্ট্র পূর্ব বাংলার জনগণের প্রতি চরম বৈষম্যমূলক আচরণ ও অবহেলার বিরুদ্ধে আন্দোলন সংগ্রাম গভীর ও সুস্পষ্ট রূপ লাভ করে ৬ দফার স্বায়ত্তশাসনের দাবিনামায়। ১৯৬৬ সালের ৫ থেকে ৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলসমূহের এক সম্মেলনে যোগদান করেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক শেখ মুজিবুর রহমান। সেখানে তিনি সংবাদ সম্মেলন করে পূর্ব পাকিস্তানের জনগণের অধিকার রক্ষার জন্য ৬ দফা দাবি তুলে ধরেন।

**Q. অর্ধপরিবাহী পদার্থ কোনটি?**
a) তামা　b) রূপা
c) সিলিকন　d) রাবার　**ans. C**

**Solution:** সিলিকন হল অর্ধপরিবাহী পদার্থ। কম্পিউটারের মেমোরিগুলো সাধারণত অর্ধপরিবাহী পদার্থ দিয়ে তৈরি করা হয়। মেমোরি তৈরিতে সিলিকন ব্যবহার করা হয়।

**Q. পানি বরফে পরিণত করা হলে এর আয়তন-**
a) বেড়ে যাবে　b) বাড়তে পারে, কমতে পারে
c) অপরিবর্তিত থাকবে　d) কমে যাবে　**ans. A**

**Solution:** একই পরিমাণ পানি যখন বরফে পরিণত হয় তখন বরফের আয়তন বাড়ে। সমপরিমাণ ওজনের বরফ পানির চেয়ে বেশি জায়গা দখল করে বলেই বরফ পানিতে ভাসে। এই সময় পানির তুলনায় বরফের ঘনত্ব বেড়ে যায়।

**Q. 'ছত্রপতি' নামে কে বিখ্যাত?**
a) অশোক　b) হর্ষবর্ধন
c) শিবাজী　d) কোনটিই নয়　**ans. C**

**Solution:** 'ছত্রপতি' শিবাজীর উপাধি। শিবাজী ভোঁসলে অথবা ছত্রপতি শিবাজী রাজে ভোঁসলে হলেন মারাঠা সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। তিনি ১৬৭৪ সালের ৬ জুন মারাঠা সাম্রাজ্যের রাজা 'ছত্রপতি' হিসেবে মুকুট ধারণ করেন।

**Q. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তানের কারাগার থেকে মুক্তি পান-**
a) ৯ জানুয়ারি ১৯৭২　b) ১৬ ডিসেম্বর ১৯৭২
c) ৮ জানুয়ারি ১৯৭২　d) ১০ জানুয়ারি ১৯৭২　**ans. C**

**Solution:** পাকিস্তানের কারাগার থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৮ জানুয়ারি ১৯৭২ সালে মুক্তি লাভ করেন। তিনি ১০ জানুয়ারি বাংলাদেশে আসেন। এজন্য ১০ জানুয়ারি স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়।

**Q. আরবদের আক্রমণের সময় সিন্ধু দেশের রাজা ছিলেন-**
a) মানসিংহ　b) জয়পাল
c) দাহির　d) দাউদ　**ans. C**

**Solution:** আরবদের আক্রমণের সময় সিন্ধু দেশের রাজা ছিলেন দাহির সেন। তিনি উমাইয়া খিলাফতের মুহাম্মদ বিন কাসিমের নেতৃত্বে ৭১১ খ্রিস্টাব্দে পরাজিত হন। উল্লেখ্য, রাজা দাহির সেন পাকিস্তান এর সিন্ধু প্রদেশের ব্রাহ্মণ রাজবংশের শেষ হিন্দু রাজা।

*Q.* **'হুমায়ুন নামা' কে লিখেছিলেন?**

a) হুমায়ূন b) ফিরদৌসী
c) আবুল ফজল d) গুলবদন বেগম ***ans.* D**

**Solution:** 'হুমায়ূন নামা' এর রচয়িতা হলেন গুলবদন বেগম। উল্লেখ্য, বিখ্যাত কিছু প্রবন্ধঃ

| | |
|---|---|
| জগদীশ চন্দ্র বসু | ➢ অব্যক্ত |
| ড. মুহম্মদ ইউনুস | ➢ দারিদ্র্যহীন বিশ্বের অভিমুখে (আত্মজীবনীমূলক) |
| গোপাল হালদার | ➢ সংস্কৃতির রূপান্তর |
| আকবর আলি খান | ➢ পরার্থপরতার অর্থনীতি |
| ড. আব্দুল্লাহ আল মুতী শরফুদ্দীন (কলিঙ্গ পুরস্কার প্রাপ্ত) | ➢ বিজ্ঞান বিষয়ক রচনার জন্য বিখ্যাত।<br>➢ সাগরের রহস্যপরী<br>➢ এসো বিজ্ঞানের রাজ্যে<br>➢ রহস্যের শেষ নেই<br>➢ আবিষ্কারের নেশায় |
| ড. আনিসুজ্জামান | ➢ স্বরূপের সন্ধানে |

*Q.* **হিজরতের পূর্বে যে সকল সুরা নাযিল হয়েছে সেগুলোকে কী বলে?**

a) মক্কি সূরা b) লাইলী সূরা
c) মাদানি সূরা d) কোনটিই নয় ***ans.* A**

**Solution:** হিজরতের পূর্বে যে সকল সুরা নাযিল হয়েছে সেগুলোকে মক্কি সুরা বলে। মক্কি সুরার সংখ্যা মোট ৮৬টি। হিজরতের পরে যে সকল সুরা নাযিল হয়েছে সেগুলোকে মাদানি সুরা বলে। মাদানি সুরার সংখ্যা মোট ২৮টি।

*Q.* **বিজ্ঞানের কোন শাখায় শক্তি নিয়ে আলোচনা করা হয়?**

a) উদ্ভিদ বিজ্ঞান b) রসায়ন
c) প্রাণিবিজ্ঞান d) পদার্থ বিজ্ঞান ***ans.* D**

**Solution:** বিজ্ঞানের পদার্থ বিজ্ঞান শাখায় শক্তি নিয়ে আলোচনা করা হয়। উল্লেখ্য, রসায়ন পদার্থের উপাদান, কাঠামো, ধর্ম ও পারস্পারিক ক্রিয়া বিক্রিয়া সংক্রান্ত বিজ্ঞান।

*Q.* **মহানবী (সাঃ) ব্যবসার উদ্দেশ্যে কোন দেশে এসেছিলেন?**

a) মিসর b) ইরাক
c) আবিসিনিয়া d) সিরিয়া ***ans.* D**

*Q.* **রক্তে হিমোগ্লোবিনের কাজ কি?**

a) অক্সিজেন পরিবহণ করা
b) রোগ প্রতিরোধ করা
c) রক্ত জমাট বাধতে সাহায্য করা
d) উপরের উল্লিখিত সব কয়টিই ***ans.* A**

**Solution:** রক্তের মধ্যে বিদ্যমান লৌহঘটিত জটিল গঠনের জৈব পদার্থ হল হিমোগ্লোবিন। এটি অক্সিজেনের সাথে মিশে অক্সিহিমোগ্লোবিন তৈরির মাধ্যমে সমগ্র দেহে অক্সিজেন সরবরাহ করে। হিমোগ্লোবিনের কারণে মানুষের রক্তের বর্ণ লাল হয়। হিমোগ্লোবিন রক্তের লোহিত কণিকায় থাকে। হিমোগ্লোবিন ৪ শতাংশ হিম এবং ৯৬ শতাংশ গ্লোবিন নাম সরল প্রোটিনের সমন্বয়ে গঠিত।

*Q.* **শ্যামদেশ কোন দেশের পুরাতন নাম?**

a) মিশর b) ইরাক
c) ইরান d) থাইল্যান্ড ***ans.* D**

**Solution:** শ্যামদেশ থাইল্যান্ডের পুরাতন নাম। 'থাইল্যান্ড' শব্দের অর্থ স্বাধীন ভূমি বা মুক্তভূমি। ১৯৩৯ সালের ২৩ জুন শ্যামদেশের নাম পরিবর্তন করে থাইল্যান্ড নামকরণ করা হয়।

*Q.* **জাপানের আইন সভার নাম কি?**

a) সিনেট b) কংগ্রেস
c) ডায়েট d) নেসেট ***ans.* C**

**Solution:** জাপানের আইন সভার নাম ডায়েট। ইসরাইলের আইনসভার নাম নেসেট। আর যুক্তরাষ্ট্রের আইনসভার নাম কংগ্রেস।

| দেশ | আইন সভা |
|---|---|
| বাংলাদেশ | জাতীয় সংসদ |
| পাকিস্তান | জাতীয় পরিষদ বা সিনেট |
| নেদারল্যান্ড | স্ট্যাটেড জেনারেল |
| আফগানিস্তান | লয়াজিরগা |
| মালদ্বীপ | মজলিস |
| যুক্তরাজ্য | পার্লামেন্ট |
| জার্মানি | রাইখস্ট্যাগ |

| দেশ | আইন সভা |
|---|---|
| জাপান | ডায়েট |
| ভারত | লোকসভা বা রাজ্যসভা |
| তুরস্ক | গ্রান্ড ন্যাশনাল অ্যাসেম্বলি |
| ভুটান | সোংডু |
| যুক্তরাষ্ট্র | কংগ্রেস |
| ডেনমার্ক | ফোকেটি |
| সুইডেন | রিক্সড্যাগ |

*Q.* **আমেরিকাকে এশিয়া থেকে পৃথক করেছে কোন প্রণালী?**

a) ফ্লোরিডা b) পক
c) জিব্রাল্টার d) বেরিং ***ans.* D**

**Solution:** আমেরিকাকে এশিয়া থেকে পৃথক করেছে বেরিং প্রণালী।

| নাম | ইংরেজি নাম | পৃথক করেছে | সংযুক্ত করেছে |
|---|---|---|---|
| জিব্রাল্টার প্রণালী | Strait of Gibraltar | আফ্রিকা -ইউরোপ | উত্তর আটলান্টিক -ভূমধ্যসাগর |
| ডোভার প্রণালী | Strait of Dover | ফ্রান্স-ব্রিটেন | ইংলিশ চ্যানেল-উত্তর সাগর |
| বেরিং প্রণালী | Bering Strait | এশিয়া-উত্তর আমেরিকা | উত্তর সাগর-বেরিং সাগর |
| পক প্রণালী | Palk Strait | ভারত ও শ্রীলংকা | ভারত মহাসাগর-আরব সাগর |

*Q.* **কম্পিউটারের মূল মেমোরি তৈরি হয় কী দিয়ে?**

a) অ্যালুমিনিয়াম b) সিলিকন
c) প্লাষ্টিক d) কোনটিই নয় ***ans.* B**

**Solution:** কম্পিউটারের মেমোরিগুলো সাধারণত অর্ধপরিবাহী পদার্থ দিয়ে তৈরি করা হয়। সিলিকন ও জার্মেনিয়াম হলো অর্ধপরিবাহী পদার্থ। তাই মেমোরি তৈরিতে সিলিকন ব্যবহার করা হয়।

*Q.* **নোবেল পুরস্কার বিজয়ী 'তাওয়াক্কুল কারমান' কোন দেশের নাগরিক?**

a) ইরান b) ইন্দোনেশিয়া
c) তুরস্ক d) ইয়েমেন ***ans.* D**

**Solution:** তাওয়াক্কুল কারমান ইয়েমেনের একজন নাগরিক। তিনি ২০১১ সালে শান্তিতে নোবেল পুরস্কার অর্জন করেন।

*Q.* **মৌমাছির চাষ হলো-**

a) এপিকালচার b) সেরিকালচার
c) পিসিকালচার d) হর্টিকালচার ***ans.* A**

**Solution:** বিজ্ঞানসম্মত উপায়ে মৌমাছি প্রতিপালন এবং মৌমাছির মধু সংগ্রহ করাকে এপিকালচার বলে। উল্লেখ্য,

| | |
|---|---|
| পিসিকালচার | বিজ্ঞানভিত্তিক উপায়ে মৎসচাষ তথা মৎস্য পালন, আহরণ ও সংরক্ষণ পদ্ধতিকে পিসিকালচার বলে। |
| সেরিকালচার | বৈজ্ঞানিক পদ্ধতিতে রেশম পোকার চাষপদ্ধতিকে বলে সেরিকালচার। |
| হর্টিকালচার | উদ্যান পালন বিজ্ঞান |

**Q. পেট্রোল ছাড়া গাড়ি চলা কোন ধরণের পরিবর্তন?**

a) রাসায়নিক পরিবর্তন b) ভৌত পরিবর্তন
c) ক ও খ d) কোনোটিই নয় ***ans.* C**

**Q. বাংলাদেশের একটি প্রাচীন জনপদ হলো?**

a) সোনারগাঁও b) হরিকেল
c) ভুলুয়া d) পঞ্চগড় ***ans.* B**

**Solution:** বাংলার প্রাচীন জনপদ সমূহের মধ্যে রয়েছে হরিকেল, গৌড়, বঙ্গ, পুন্ড্র, সমতট, বরেন্দ্র, তাম্রলিপ্ত, চন্দ্রদ্বীপ, উত্তর রাঢ়, দক্ষিণ রাঢ়, বাংলা, দণ্ডভুক্তি ইত্যাদি।

**Q. বাংলা একাডেমির মূল ভবনের নাম কী ছিল?**

a) বর্ধমান হাউস b) বাংলা ভবন
c) আহসান মঞ্জিল d) কোনটিই নয় ***ans.* A**

**Solution:** বাংলা একাডেমি বাংলা ভাষা সংক্রান্ত সর্ববৃহৎ গবেষণা প্রতিষ্ঠান। ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর ঢাকার বর্ধমান হাউজে এটি প্রতিষ্ঠিত হয়। ১৯৫২ ভাষা আন্দোলন এবং এদেশের মুসলিম মধ্যবিত্তের জাগরণ ও আত্মপরিচয় বিকাশের প্রেরণায় বাংলা একাডেমীর জন্ম হয়।

## Uttara Bank PLC
### Recruitment Test for Probationary Officer
Examination Held On: 09.11.2024; Mark: 100; Time: 60 Minutes

**Q. Which European country recognize Bangladesh first as independent nation?**

a) United Kingdom b) Finland
c) East Germany d) Austria ***ans.* C**

**Solution:** বাংলাদেশকে স্বীকৃতিতে প্রথমঃ

| | দেশ | তারিখ |
|---|---|---|
| প্রথম দেশ | ভুটান | ৬ ডিসেম্বর ১৯৭১ |
| আরব দেশ | ইরাক | ৮ জুলাই ১৯৭২ |
| উপসাগরীয় দেশ | কুয়েত | ৪ নভেম্বর ১৯৭৩ |
| ইউরোপীয় দেশ | পূর্ব জার্মানি | ১১ জানুয়ারি ১৯৭২ |
| উত্তর আমেরিকার দেশ | বার্বাডোস | ২০ জানুয়ারি ১৯৭২ |
| দক্ষিণ আমেরিকার দেশ | ভেনিজুয়েলা | ২ মে ১৯৭২ |
| ওশেনিয়া দেশ | টোঙ্গা | ২৪ জানুয়ারি ১৯৭২ |
| এশীয় মুসলিম দেশ | ইন্দোনেশিয়া ও মালয়েশিয়া | ২৫ ফেব্রুয়ারি ১৯৭২ |

**Q. What is the artificial intelligence developed by Google?**

a) Bird b) Gemini
c) GPT d) Hix AI ***ans.* B**

**Solution:** প্রযুক্তি জায়ান্ট গুগলের কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআইভিত্তিক মডেল জেমিনাই। ২০২৩ সালের ডিসেম্বরে জেমিনাই মডেলের প্রথম সংস্করণ ঘোষণা করে গুগল। গুগল জেমিনাই ২.০ মডেলটিকে ব্যাপকভাবে প্রযুক্তিপ্রেমীদের কাছে পৌছাতে চায়।

**Q. Which country constitution is known as "Peace constitution"?**

a) Japan b) Netherlands
c) United Arab Emirates d) Bhutan ***ans.* A**

**Solution:** ২০১৬ সাল পর্যন্ত জাপানের সংবিধানকে 'শান্তির সংবিধান' বলা হত আর এখন বলা হয় না কারণ ২য় বিশ্ব যুদ্ধের ধ্বংস লীলা থেকে শিক্ষা নিয়ে ২০১৬ সালের পূর্বে জাপানের সংবিধানে যুদ্ধ বিষয়ক অনুচ্ছেদে বলা হয় সামরিক বাহিনী শুধুমাত্র আত্মরক্ষা ছাড়া কোনো দেশের বিরুদ্ধে অস্ত্র ধরতে পারতো না, অস্ত্র উৎপাদন ও সংরক্ষণে নিষেধাজ্ঞা ছিলো। তারা ছিল শান্তিপ্রিয় জাতি। তাই তাদের সংবিধানকে 'শান্তির সংবিধান' বলা হত! কিন্তু ২০১৬ সালে এই বিধানটি রদ করে যোগ করা হয় কোনো দেশ আক্রমণ করলে তারা আত্মরক্ষার্থে যুদ্ধ করতে পারবে। সেজন্য জাপানের সংবিধানকে আর শান্তির সংবিধান বলা হয় না।

**Q. Who wrote the famous play "Waiting for Godot"?**

a) Samuel Beckett
b) Harold Pinter
c) Eugene Ionesco
d) Tom Stoppard ***ans.* A**

**Solution:** Samuel Beckett বিখ্যাত ছিলেন তাঁর নাটক Waiting for Godot" (1953). এটি একটি Absurd play. তিনি ১৯৬৯ সালে সাহিত্যে নোবেল পুরস্কার পান। তাঁর রচিত অন্যান্য গ্রন্থগুলো হলোঃ

| | |
|---|---|
| Murphy (1938) | Molloy (1951) |
| Malone Dies (1951) | The Unnamable (1953) |
| Watt (1953) | Endgame (1957) |
| Krapp's Last Tape (1958) | How It Is (1961) |

**Q. Which vitamin is known to help with blood clotting?**

a) Vitamin A b) Vitamin C
c) Vitamin D d) Vitamin K ***ans.* D**

**Solution:** ভিটামিন কে ক্ষতস্থান হতে রক্ত পড়া বন্ধ করতে সাহায্য করে। উল্লেখ্য, রক্তে ফাইব্রিনোজেন, প্রোথ্রোম্বিন, অনুচক্রিকা, থ্রম্বোপ্লাস্টিন ও ক্যালসিয়াম আয়ন থাকে। যখন কোন স্থান কেটে যায় তখন ফাইব্রিনোজেন ও অন্যান্য উপাদান মিলে জালকের মতো আবরণী তৈরি করে। এ প্রক্রিয়ার জন্য আরও বিভিন্ন ধরনের রাসায়নিক পদার্থ এবং ভিটামিন কে ও ক্যালসিয়াম আয়ন জড়িত থাকে। তবে রক্ত জমাট বাঁধার জন্য কোন হরমোনের প্রয়োজন নেই।

**Q. Who won the FIFA Women's World Cup 2023?**

a) USA b) Spain
c) England d) Germany ***ans.* B**

**Solution:** ২০২৩ সালের ফিফা মহিলা বিশ্বকাপের ফাইনালে স্পেন ১-০ গোলে ইংল্যান্ডকে হারিয়ে প্রথমবারের মতো শিরোপা জয় করে নিয়েছে।

**Q. Which treaty aims to reduce greenhouse gas emissions globally and was adopted in 2015?**

a) Kyoto Protocol
b) Paris agreement
c) Montreal protocol
d) Geneva Convention **ans. A**

**Solution:**

| | |
|---|---|
| প্যারিস চুক্তি | বৈশ্বিক কার্বন নিঃসরণ কমানোর (জলবায়ু সংক্রান্ত) লক্ষ্যে যুক্তরাষ্ট্রসহ বিশ্বের ১৯৫টি দেশের সম্মতিতে ১২ই ডিসেম্বর ২০১৫ সালে স্বাক্ষরিত হয় ঐতিহাসিক প্যারিস জলবায়ু চুক্তি। ৪ই নভেম্বর ২০১৬ প্যারিস চুক্তি বাস্তবায়ন শুরু হয়। চুক্তিটি যুক্তরাষ্ট্রের স্বার্থের অনুকূলে নয় এমন কারণ দেখিয়ে ১লা জুন ২০১৭ প্যারিস চুক্তি থেকে নিজেদের প্রত্যাহার করে নেয়ার আনুষ্ঠানিক ঘোষণা দেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। |
| কিয়োটো প্রটোকল | বিশ্ব পরিবেশ রক্ষা করার জন্য বিশ্ব উষ্ণতা (গ্রিন হাউস গ্যাস নির্গমন) রোধে জাপানের প্রাচীন রাজধানী কিয়োটাতে অনুষ্ঠিত সম্মেলনে কিয়োটো প্রটোকল স্বাক্ষর করা হয়। প্রটোকলটি স্বাক্ষরিত হয় ১৯৯৭ সালে। এর মেয়াদ শেষ হয় ২০১২ সালে। |
| মন্ট্রিল প্রটোকল | জাতিসংঘের পরিবেশ কর্মসূচি এবং পরিবেশ বিজ্ঞানীদের উদ্যোগে মন্ট্রিলে ওজোনস্তর রক্ষায় যে যুগান্তকারী চুক্তি স্বাক্ষরিত হয় তাই মন্ট্রিল প্রটোকল নামে খ্যাত। ওজোনস্তরকে রক্ষা করার উদ্দেশ্যে ১৯৮৭ সালের ১৬ই সেপ্টেম্বর স্বাক্ষরিত হয় মন্ট্রিল চুক্তি, যা কার্যকর হয় ১ লা জানুয়ারি ১৯৮৯ সালে। |

**Q. What was the name of the rocket Space X makes history after catching on landing?**

a) Starship b) Falcon 9
c) Polaris Dawn d) Blue origin **ans. A**

**Solution:** ইলন মাস্কের প্রতিষ্ঠান স্পেসএক্স মঙ্গল গ্রহ ও চাঁদে মানুষ এবং মালামাল বহনের জন্য তৈরি 'স্টারশিপ' রকেটের পঞ্চম পরীক্ষা চালিয়েছে টেক্সাস থেকে। আর এবারই প্রথম প্রতিষ্ঠানটি সফলভাবে এই রকেটের 'সুপার হেভি বুস্টার'-কে উৎক্ষেপণ প্যাডে নিরাপদে অবতরণ করাতে পেরেছে। বিশ্বে তৈরি হওয়া এ যাবৎকালের সবচেয়ে শক্তিশালী রকেট স্টারশিপের দুটি অংশ। একটি হচ্ছে 'সুপার হেভি বুস্টার' নামের তরল গ্যাসের জ্বালানিচালিত রকেট। আর অপর অংশটি হল 'স্টারশিপ' নামের মহাকাশযান - যা এই সুপার হেভি বুস্টারের ওপর বসানো আছে।

**Q. Which country unveiled the world's largest offshore wind firm, "Dogger Bank," in 2023?**

a) Germany b) Denmark
c) United Kingdom d) Netherlands **ans. C**

**Solution:** The world's largest offshore wind farm under construction has produced its first power. Dogger Bank wind farm, located in the North Sea off the UK's Yorkshire coast, has installed the first of a planned 277 turbines. As of 7 October, it is connected to the UK's national grid and is providing renewable power to homes and businesses.

**Q. What is the currency of South Africa?**

a) Rand b) Shilling
c) Naira d) Pula **ans. A**

**Solution:** দক্ষিণ আফ্রিকা মুদ্রার নাম হলো র‍্যান্ড। উল্লেখ্য,

| |
|---|
| নাইজেরিয়ার মুদ্রার নাম নাইরা। |
| উগান্ডার মুদ্রার নাম হলো শিলিং। |
| চেক রিপাবলিক মুদ্রার নাম চেক কোরুনা। |
| কিউবা, চিলি, কলম্বিয়া মুদ্রার নাম পেসো। |
| আইসল্যান্ড এবং নরওয়ে মুদ্রার নাম ক্রোনা। |
| ক্রোয়েশিয়া মুদ্রার নাম কুনা। |

**Q. Which language has the most native speakers in the world?**

a) English b) Spanish
c) Mandarin Chinese d) Hindi **ans. C**

**Solution:** ভাষা নিয়ে গবেষণাকারী প্রতিষ্ঠান Ethnologue এর ২৭তম সংস্করণ ২০২৩ অনুযায়ী, মাতৃভাষার অনুসারে শীর্ষ মাতৃভাষা মান্দারিন (Chinese), দ্বিতীয় শীর্ষ মাতৃভাষা স্প্যানিশ। উল্লেখ্য, বিশ্বের সর্বাধিক ব্যবহৃত ভাষা ইংরেজি, ২য় সর্বাধিক ব্যবহৃত ভাষা মান্দারিন।

**Q. Which of the following country has the highest life expectancy?**

a) Japan b) Switzerland
c) Monaco d) Singapore **ans. C**

**Solution:** আয়তনে বিশ্বের দ্বিতীয় ক্ষুদ্রতম দেশ মোনাকো। তবে ইউরোপের এই দ্বীপ রাষ্ট্রটির জনসংখ্যার ঘনত্ব বিশ্বে সবচেয়ে বেশি। মাত্র দুই বর্গকিলোমিটার ভূখণ্ডের এই স্বাধীন দেশটিতে বসবাস করে প্রায় ৩৮ হাজার লোক। মোনাকোর কোনো রাজধানী নেই, তবে শহরের অভিজাত এলাকা মন্টি কার্লোকে দেশের প্রধান স্থান হিসেবে বিবেচনা করা হয়।

২০২৪ সালের জাতিসংঘ কর্তৃক প্রকাশিত বিশ্ব জনসংখ্যা সম্ভবনা প্রতিবেদন অনুযায়ী সর্বাধিক গড় আয়ুর দেশ হলো মোনাকো এবং সর্বনিম্ন দেশ হলো নাইজেরিয়া।

**Q. In which year was Dhaka firstly established as the capital of Bangladesh?**

a) 1609 b) 1608
c) 1607 d) 1605 **ans. Note**

**Solution:** মুঘল সম্রাট জাহাঙ্গীরের নামানুসারে ঢাকার পূর্বনাম রাখা হয়েছিল জাহাঙ্গীরনগর। ১৬১০ সালে ঢাকা বাংলার প্রথম রাজধানী করা হয়। স্বাধীনতার পূর্বে ৪বার ঢাকা রাজধানীর মর্যাদা পায়। ইসলাম খান ঢাকা বাংলার রাজধানীতে রূপান্তরিত করেন।

**Q. Fathometer is used to measure-**

a) Earth quakes b) Sound intensity
c) Ocean depth d) Rainfall **ans. C**

**Solution:** সমুদ্রের গভীরতা মাপার যন্ত্রের নাম ফ্যাদোমিটার। উল্লেখ্য, কিছু বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও তার ব্যবহারঃ

| যন্ত্রপাতি | ব্যবহার |
|---|---|
| গ্যালভানো মিটার | ক্ষুদ্র মাপের বিদ্যুৎ প্রবাহ নির্ণায়ক যন্ত্র |
| ভোল্ট মিটার | বৈদ্যুতিক বিভব বা চাপ নির্ণায়ক যন্ত্র |
| ওহম মিটার | পরিবাহীর রোধ নির্ণায়ক যন্ত্র |
| ওডোমিটার | মোটরগাড়ির গতি নির্ণায়ক যন্ত্র |
| ম্যানোমিটার | গ্যাসের চাপ নির্ণায়ক যন্ত্র |
| হাইগ্রোমিটার | বায়ুতে আর্দ্রতা পরিমাপক যন্ত্র |
| ফ্যাদোমিটার | সমুদ্রের গভীরতা পরিমাপক যন্ত্র |

***Q.*** **Who is author of "The Apple Cart : A political Extravaganza"?**
a) Shakespeare  b) George Orwell
c) George Bernard Shaw  d) Mark Twain ***ans.*** **C**

**Solution:** The Apple Cart নাটকটির লেখন George Bernard Shaw. ইংল্যান্ডে Shakespeare এর পরবর্তী সময়কালে সবচেয়ে প্রভাবশালী নাট্যকার হলেন George Bernard Shaw. তাঁকে আধুনিক নাটকের রূপকার বলা হয়। তিনি 1925 সালে Nobel পান। তিনি আয়ারল্যান্ডের অধিবাসী। তাঁর রচিত সাহিত্যকর্মগুলো হলোঃ

| Novels | Drama |
|---|---|
| Immaturity<br>An unsocial Socialist<br>The Irrational Knot<br>Love Among the Artists | Caesar and Cleopatra (Play)<br>Man and Superman (Comedy)<br>Arms and the Man (Play)<br>The Man of Destiny (1895)<br>The Doctor's Dilemma<br>Mrs. Warren's Profession:<br>Audrocles and the Lion (Play)<br>The Apple Cart<br>The Devil's Disciple<br>You Never Can Tell (Play)<br>Candida |

***Q.*** **Which is the highest dormant volcano in Antarctica?**
a) Mount Rainer  b) Mount Erebus
c) Mount Dukono  d) Mount Sidley ***ans.*** **D**

**Solution:** Mount Sidley is the tallest volcano in Antarctica, with a summit of 14,058 feet (4,285 meters), and located on the continent's Pacific Coast near the Thwaites Glacier.

***Q.*** **Which two countries share the location of the European lake "Lake Geneva"?**
a) Switzerland and Germany
b) Switzerland and Italy
c) Switzerland and France
d) Switzerland and Australia ***ans.*** **C**

**Solution:** লেক জেনেভা বা লেক লেমান ৫৮০ বর্গ কিলোমিটার আয়তন নিয়ে ফ্রান্স এবং সুইজারল্যান্ডের অংশ। লেকের শুরু হয়েছে জেনেভা প্রান্ত থেকে, এর উত্তর পাড় ঘেষে নয়ন মনোহর সুইজারল্যান্ডের নিওন, মরজ, লোজান, ভেভে হয়ে মন্ত্রো প্রান্তে গিয়ে থেমেছে।

***Q.*** **When is 'International Day for the Preservation of the Ozone Layer' observed?**
a) September 16  b) July 4
c) January 23  d) May 1 ***ans.*** **A**

**Solution:** ১৬ সেপ্টেম্বর ১৯৮৭ সালে পৃথিবীর বায়ুমণ্ডলে স্ট্রাটোস্ফিয়ার স্তরে অবস্থিত ওজোন স্তরকে রক্ষার জন্য জাতিসংঘ পরিবেশ কর্মসূচি ও বিজ্ঞানীদের সময়োচিত তৎপরতায় কানাডার মন্ট্রিল শহরে ওজোন ক্ষয়কারী বস্তু সামগ্রি ফেজ আউট করার লক্ষ্যে 'মন্ট্রিল প্রটোকল' স্বাক্ষরিত হয়। আর এটি কার্যকর হয় ১ জানুয়ারি ১৯৮৯ সালে। বাংলাদেশ ২ আগস্ট ১৯৯০ সালে মন্ট্রিল প্রটোকল অধিগত বা সমর্থন করে। 'মন্ট্রিল প্রটোকল' এর পূর্ণরূপ হলো Montreal Protocol on Substances the Deplete the Ozone Layer.

***Q.*** **Who established Asiatic Society?**
a) Sir William Jones
b) Sir William James
c) Sir William Karry
d) Sir William Bond? ***ans.*** **A**

**Solution:** এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয় কলকাতা সুপ্রিমকোর্টের গ্রান্ড জুরির কক্ষে ১৭৮৪ সালের ১৫ জানুয়ারি। গবেষণা প্রতিষ্ঠানটির প্রস্তাব করেন ব্রিটিশ সিভিলিয়ান ও আইনজীবী উইলিয়াম জোন্স। এশিয়ার জনজীবন ও প্রকৃতি নিয়ে গবেষণা পরিচালনা করা হবে-এ অর্থে এশিয়াটিক সোসাইটি। ৩০ জন ব্রিটিশ নাগরিককে নিয়ে প্রতিষ্ঠিত হয় এ সোসাইটি। ১৭৮৪-১৮২৮ সাল পর্যন্ত সোসাইটিতে এ দেশীয়দের কোনো প্রবেশাধিকার ছিল না। ১৮২৯ সালে প্রবেশাধিকার লাভ করেন দ্বারকানাথ ও প্রসন্নকুমার ঠাকুর। ১৯৫২ সালের ৩ জানুয়ারি পূর্ব পাকিস্তানে এর নামকরণ করা হয় এশিয়াটিক সোসাইটি অব পাকিস্তান। এর পুনর্গঠনে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যক্ষ ও প্রফেসর ড. মুহম্মদ শহীদুল্লাহ এবং ইতিহাস বিভাগের শিক্ষক আহমদ হাসান দানী। স্বাধীনতার পর পুনর্গঠিত সোসাইটির নামকরণ করা হয় এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ। এর পুনর্গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন প্রফেসর এবিএম হাবিবউল্লাহ, ড. আহমদ শরীফ, সৈয়দ মুর্তজা আলী, কামরুদ্দিন আহমদ, প্রফেসর সিরাজুল হক প্রমুখ।

## *Recent Question*

***Q.*** **Who is President of Maldives making his first bilateral visit to India from October 6-10, 2024?**
a) Ibrahim Mohammed Solih
b) Abdullah Yameen
c) Dr. Mohammad Muizzu
d) Maumoon Abdul Gayoom. ***ans.*** **C**

**Solution:** মালদ্বীপের পার্লামেন্ট নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে জয় পেয়েছে প্রেসিডেন্ট মোহাম্মদ মুইজ্জুর দল পিপলস ন্যাশনাল কংগ্রেস (পিএনসি)। মালেতে জন্মগ্রহণ করা মুইজ্জু যুক্তরাজ্যে সিভিল ইঞ্জিনিয়ারিং অধ্যয়ন করেন এবং ২০০৯ সালে লিডস বিশ্ববিদ্যালয়ে পিএইচডি সম্পন্ন করেন । তিনি ২০১২ সালে আবাসন মন্ত্রী নিযুক্ত হন এবং ২০১৮ সাল পর্যন্ত দায়িত্ব পালন করেন। তারপর তিনি মালের মেয়র হন। পিপলস ন্যাশনাল কংগ্রেসের সদস্য হিসাবে , মুইজ্জুকে দুর্নীতির অভিযোগে সাবেক রাষ্ট্রপতি আবদুল্লাহ ইয়ামিনের কারাবাসের পর রাষ্ট্রপতি প্রার্থী হিসাবে মনোনীত করা হয়েছিল ।

## Uttara Bank PLC

**Recruitment Test for Probationary Officer**

Examination Held On: 23.11.2024; Mark: 100; Time: 120 Minutes

a) **Who won the 2024 Nobel Prize in Literature?** → Han Kang (দক্ষিণ কোরিয়া)। অবদানঃ মানব মনের ভাঙাগড়া ও ঐতিহাসিক বিভিন্ন ট্রমা লেখা কাব্যিকভাবে ফুটিয়ে তোলেন।

b) **Who prepared the map of Bangladesh?** → Major James Rennell. উল্লেখ্য, ১ জানুয়ারি ১৭৬৭ সালে 'Bengal Survey' নামে প্রতিষ্ঠানের মাধ্যমে জেমস্ রেনেল সর্বপ্রথম ভারতের মানচিত্র অঙ্কন করেন, যা ১৯৪৭ সাল পর্যন্ত বলবৎ ছিলো। পরবর্তীতে ১৯৭১ সালে স্বাধীনতা-পরবর্তী এই প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করে 'Survey of Bangladesh' রাখা হয়।

c) In which year first interim government was formed in Bangladesh? → 1990.

d) On October 1, 2024 in which area "Silent Zone" initiative was launched to zero noise pollution? → A 3-km area around Hazrat Shahjalal International Airport has been launched as 'Silent Zone'.

e) Who is the author of "Dreams from My Father"? → Barack Obama. বারাক ওবামার উল্লেখযোগ্য গ্রন্থগুলোঃ 'The Audacity of Hope', 'Change we can Believe in' এবং শিশুদের জন্য লেখা 'Of the Eye Sing'.

f) When was the first currency introduced in Bangladesh? → 4 March, 1972.

g) Which is the smallest union in Bangladesh? → Saint Martin (8sq. km)

h) What does BAPEX stand for? → Bangladesh Petroleum Exploration and Production Company Limited.

i) Which ecosystem does cover the largest area of the earth's surface? → Marine ecosystem

j) Who won the prestigious Ballor d'or in 2024? → Rodri (Manchester City's Spanish midfielder) and Aitana Bonmati (Barcelons's Spanish midfielder)

k) In which year did Bangladesh adapt its first constitution? 4 November, 1972.

l) What is the old capital of Bangla? → Gaur. Also known as Laknauti was the capital of Bengal during the medieval period.

m) Recently which Bangladeshi was named in "TIME100 Next list"? → In 2024, Nahid Islam was named one of Time Magazine's 100 emerging leaders in the world.

n) Which is the biggest ocean on the earth? → The biggest ocean on the earth is The Pacific Ocean.

o) Which mountain is known as the "Roof of the World"? Pamir Mountains.

p) Who established the Muslim rule in Bengal? → Muhammad Bakhtiyar Khalji,

q) Which river does connect both Myanmar and Bangladesh? → The Naf River.

r) Who is the first centurion in ODI cricket for Bangladesh? → Mehrab Hossain

s) Who is the 46th president of the United States of America? → Joe Biden.

t) Who was the artist of the famous artwork 'Guernica'? → Pablo Picasso.

## Global Islami Bank PLC

**Recruitment Test for Probationary Officer**

Total Marks: 110; Time: 90 Minutes; Examination Held On: 10.02.2024

***Q.*** **In which sport slam dunk is performed?**

a) Soccer b) Basketball
c) Tennis d) Golf ***ans.* B**

**Solution:** Slam dunk is also known as dunk. It is a type of basketball shot that is performed when a player jumps in the air, controls the ball above the horizontal plane of the rim, and scores by shoving the ball directly through the basket with one or both hands. It is a type of field goal that is worth two points. Such a shot was known as a 'dunk shot'.

***Q.*** **What is the currency of Vietnam?**

a) Yen b) Won
c) Yuan d) Dong ***ans.* D**

**Solution:** ভিয়েতনামের রাজধানী হ্যানয়। আর মুদ্রার নাম হলো ডং এবং অফিসিয়াল ভাষা হলো ভিয়েতনামিজ।

**Q. Which company became the first to reach a market capitalization of $3 trillion?**

a) Amazon    b) Microsoft
c) Apple    d) Google    ***ans.* C**

***Solution:*** বিশ্বের অন্যতম শীর্ষ প্রযুক্তি প্রতিষ্ঠান অ্যাপলের বাজার মূল্য ৩ ট্রিলিয়ন ডলার। একক প্রতিষ্ঠান হিসেবে অ্যাপল এই খ্যাতি অর্জন করেছে। অ্যাপলের শেয়ার ২ শতাংশ বেড়ে রেকর্ড ১৯৩ ডলার ৯৭ সেন্ট হওয়ায় প্রতিষ্ঠানটি পুঁজিবাজারে এমন ঐতিহাসিক খ্যাতি অর্জন করেছে।

**Q. Which book was written by Harper Lee?**

a) The Scarlet Letter
b) To Kill a Mockingbird
c) Great Expectations
d) The Adventures of Tom Sawyer    ***ans.* B**

***Solution:*** টু কিল আ মকিংবার্ড (To Kill a Mockingbird) বইটি মার্কিন সাহিত্যিক হার্পার লি রচিত একটি উপন্যাস যা ১৯৬০ সালে প্রথম প্রকাশিত হয়। প্রকাশের সাথে সাথেই বইটি সাফল্যের মুখ দেখে এবং পুলিৎজার পুরস্কার অর্জন করে। বর্তমানে বইটি আধুনিক মার্কিন সাহিত্যের একটি ধ্রুপদী গ্রন্থ বা 'ক্লাসিক' হিসেবে স্বীকৃত। উপন্যাসটির কাহিনি ও চরিত্রগুলি Harper Lee তাঁর নিজের পরিবার ও তাদের প্রতিবেশী সম্পর্কে নিজস্ব পর্যবেক্ষণ এবং তার ১০ বছর বয়সে জন্মশহর অ্যালাবামা অঙ্গরাজ্যের মনরোভিলে ১৯৩৬ সালে ঘটা একটি ঘটনার ছায়া অবলম্বনে সৃষ্টি করেন। উপন্যাসের গল্পটি ছয়-বছর-বয়সী জঁ-লুই ফিঞ্চের জবানীতে বলা হয়েছে।

**Q. What is the name of the grasslands found in the African continent?**

a) Prairies    b) Steppes
c) Pampas    d) Savannah    ***ans.* D**

***Solution:*** Savanna is the biggest tropical grassland in Africa. উল্লেখ্য, বিভিন্ন দেশের তৃণভূমি গুলো হলোঃ

| তৃণভূমির নাম | দেশ | তৃণভূমির নাম | দেশ |
|---|---|---|---|
| ক্যান্টারবেরি | নিউজিল্যান্ড | পম্পাস | দঃ আমেরিকা |
| প্রেইরী | উঃ আমেরিকা | পুস্তাজ | হাঙ্গেরি |
| ল্যানোস | ভেনেজুয়েলা | ভেল্ডস | দঃ আফ্রিকা |
| তৈগা | ইউরোপ ও এশিয়া | স্তেপন | ইউরোপ ও উঃ এশিয়া |
| সাভানা | আফ্রিকা ও অস্ট্রেলিয়া | মিচেল | ওশিয়ানিয়া, অস্ট্রেলিয়া |
| ক্যাম্পাস | ব্রাজিল | পার্কল্যান্ড | জিম্বাবুয়ে |
| তুষক | নিউজিল্যান্ড | ডাউনস | অস্ট্রেলিয়া |
| এল গ্রান চাকো | আর্জেন্টিনা | আলাং আলাং | ইন্দোনেশিয়া, এশিয়া |

**Q. What is the term for a malicious software that disguises itself as legitimate software to gain unauthorized access to a computer system?**

a) Firewall    b) Malware
c) Encryption    d) Phishing    ***ans.* B**

***Solution:*** Malware হলো এক ধরনের ইচ্ছাকৃতভাবে তৈরি software যেটা কম্পিউটার বা সার্ভারের ক্ষতি করতে পারে। কিছু Malware হল Virus, torjon, horse, spyware, adware ইত্যাদি। উল্লেখ্য,

| | |
|---|---|
| Firewall | অনাদিষ্ট (Unauthorized) বা অবাঞ্ছিত ব্যবহারকারীর (Intruder) হাত হতে সিস্টেম রক্ষা করা বা সাইবার আক্রমণ এড়াতে Firewall ব্যবহার করা হয়। Firewall কে বিশেষ কিছু বৈশিষ্ট্য সম্পন্ন একটি সিস্টেম হিসেবে গণ্য করা হয় যার সাহায্যে ব্যবহারকারীকে সংরক্ষিত কোন নেটওয়ার্কে প্রবেশ করার অনুমতি প্রদান করা কিংবা বাধা প্রদান করা হয়। বর্তমানে বিভিন্ন ধরনের Firewall আছে যা বিভিন্ন লেভেলে নিরাপত্তা প্রদান করে থাকে। তাদের মধ্যে Simple Traffic Logging System, IP Packet Screening Routers, Hardened Firewall Host, Proxy Application Gateways উল্লেখযোগ্য। |
| Encryption | ডেটার নিরাপত্তা নিশ্চিত করার জন্য ডেটাকে উৎস হতে গন্তব্য প্রেরণের পূর্বে যে বিশেষ পদ্ধতিতে পরিবর্তন করা হয় তাকে ডেটা এনক্রিপশন পদ্ধতি বলে। যিনি ওই ডাটা টি Send করছেন এবং যাকে পাঠাচ্ছে শুধু ওই দুই user ডাটা টি পড়তে পারবে। উদাহরণ হিসেবে, আপনি যদি গুগল ড্রাইভ এ Hello এটি লিখে save করেন। গুগল ওই hello টিকে এমনভাবে save করে রাখবে, যা আপনি যদি দেখেন তা বুঝতেই পারবেন না। ওটা শুধুমাত্র গুগলই বুঝতে পারবে। (ধরুন google hello লেখাটিকে &^%#* এভাবে লিখে রাখলো) যখন আপনি ওই hello লেখাটি দেখতে চাইবেন, তখন google drive এর মধ্যে ওই লেখাটিকে hello তে পরিবর্তন করার ক্ষমতা শুধু google drive এর কাছে আছে। অন্য কেউ বুঝতে পারবে না। |
| Phishing | ফিশিং হলো এক ধরনের হ্যাকিং মেথড যা মূলত প্রতারণামূলক কৌশল ব্যবহার করে ব্যবহারকারীর ডাটা। যেমনঃ লগ ইন ইনফরমেশন, ক্রেডিট কার্ড নাম্বার, ইত্যাদি চুরি করতে ব্যবহৃত হয়। সাধারণত একজন অ্যাটাকার বা হ্যাকার ছদ্মবেশ ধারণ করে একজন ভিক্টিমকে কোনো ইমেইল বা মেসেজে পাঠানো লিংক ক্লিক করাতে সক্ষম হয়। |

**Q. USA's second biggest city is -**

a) Seattle    b) Atlanta
c) New York city    d) Los Angeles ***ans.* D**

***Solution:*** লস অ্যাঞ্জেলেস ক্যালিফোর্নিয়া রাজ্যের বৃহত্তম শহর এবং যুক্তরাষ্ট্রের দ্বিতীয় বৃহত্তম শহর।

**Q. G-20 consists of-**

a) 19 Countries + Common Wealth of Nations
b) 19 Countries + European Union
c) 19 Countries + NATO
d) 19 Countries + ASEAN    ***ans.* Note**

***Solution:*** **G-20 consists of:** 19 countries + EU (European Union) & AU (African Union).

**Q. International Day for the Preservation of the Ozone Layer is observed on-**

a) 17 September    b) 16 September
c) 16 November    d) 17 October    ***ans.* B**

**Solution:** আন্তর্জাতিক ওজোন স্তর সুরক্ষা দিবস ১৬ সেপ্টেম্বর। দিবসটি বিশ্ব ওজোন দিবস হিসেবেও পরিচিত। ওজোন স্তরের ক্ষয় ও এর ক্ষতিকর প্রভাব সম্পর্কে বিশ্বব্যাপী গণসচেতনতা তৈরিতে প্রতি বছরের ১৬ সেপ্টেম্বর আন্তর্জাতিকভাবে দিবসটি পালন করা হয়। উল্লেখ্য, ১৭ অক্টোবর পালিত হয় আন্তর্জাতিক দারিদ্র দূরীকরণ দিবস এবং ১৬ নভেম্বর পালিত হয় আন্তর্জাতিক সহনশীলতা দিবস।

***Q.*** **Great Barrier Reef is in-**

a) the UK b) the USA
c) Germany d) Australia ***ans.*** **D**

**Solution:** অস্ট্রেলিয়ার উপকূলীয় শহর কুইন্সল্যান্ডের কোরাল সাগরে পৃথিবীর সর্ববৃহৎ প্রবাল প্রাচীর গ্রেট ব্যারিয়ার রিফ অবস্থিত।

এটি ২ হাজার ৯০০টির বেশি প্রবাল প্রাচীর এবং শত শত দ্বীপ নিয়ে গঠিত। লাখ লাখ বছর ধরে লক্ষ লক্ষ জীবন্ত প্রাণী একত্র হয়ে বিশাল প্রবাল প্রাচীর গঠিত হয়েছে। যা পৃথিবীর সবচেয়ে বিচিত্র বাস্তুতন্ত্রের একটি এবং অস্ট্রেলিয়ার দর্শনীয় স্থানগুলোর অন্যতম।

## South Bangla Agriculture and Commerce Bank PLC

**Recruitment Test for Trainee Junior Officer**

Examination Held On: 28.09.2024; Mark: 100; Time: 90 Minutes

***Q.*** **Which one of the following ecosystems the largest area of the earth's surface?**

a) Desert b) Grassland
c) Mountain d) Marine ***ans.*** **D**

**Solution:** পৃথিবী পৃষ্ঠের প্রায় ৭০ শতাংশ পানি। এই জলভাগের প্রায় ৯৭ শতাংশ সামুদ্রিক পানি। তাই পৃথিবী পৃষ্ঠের সবচেয়ে বেশি জায়গা জুড়ে বিদ্যমান Marine Ecosystem বা সামুদ্রিক বাস্তুতন্ত্র।

***Q.*** **With which game is the Double Fault associated?**

a) Lawn tennis b) Football
c) Cricket d) Hockey ***ans.*** **A**

**Solution:** টেনিস ব্যাট হাতে দুই পক্ষ জালের দুই দিকে অবস্থান নেয়। প্রথমে এক পক্ষকে বল সার্ভ করতে হয়। তিনি তার প্রান্তের কোর্টের বেস লাইনের বাইরে থেকে বল সার্ভ করতে হয়। যিনি বল সার্ভ করেন তাকে বলা হয় সার্ভার। সার্ভারকে বেস লাইনের বাইরে থেকে বল সার্ভ করতে হলেও অপর প্রান্তে যিনি বল মোকাবেলা করবেন তিনি কোর্টের যে কোনো জায়গা থেকে তা করতে পারবেন। যে পক্ষ বল মোকাবেলা করে তাকে বলা হয় রিসিভার। সার্ভিসের বল খেলোয়াড়ের বিপরীত দিকের সার্ভিস কোর্টে পাঠাতে হয় মাঝখানে যে জালটি রয়েছে সেটি না স্পর্শ করিয়ে। প্রথমবার বল সার্ভ করার সময় কোনো ভুল হলে তাহলে সার্ভার দ্বিতীয় বার সার্ভ করার সুযোগ পায়। তবে দ্বিতীয় বার সার্ভ করতে কোনো ভুল করলে 'ডাবল ফল্ট' হিসেবে রিসিভার পয়েন্ট পায়।

***Q.*** **Under who's leadership the Genome of Jute was invented?**

a) Maqsudul Alam
b) Mahabubul Alam
c) Abed Chowdhury
d) Gregor Mendel ***ans.*** **A**

**Solution:** পাটের জীবনরহস্য বা জিনোম সিকোয়েন্স প্রথম আবিষ্কার করেন বাংলাদেশের বিজ্ঞানী ড. মাকসুদুল আলম। জিনোম সিকোয়েন্সকে কাজে লাগিয়ে প্রথম উৎপাদিত পাট হলো রবি-১। উল্লেখ্য মাকসুদুল আলম যুক্তরাষ্ট্রের হয়ে পেঁপে, মালয়েশিয়ার হয়ে রাবার এবং বাংলাদেশের হয়ে পাট ও ছত্রাকের জীবন রহস্য উন্মোচন করেন। বাংলাদেশি জিনতত্ত্ববিদ মাকসুদুল আলম ২০ ডিসেম্বর ২০১৪ সালে যুক্তরাষ্ট্রে মারা যান।

***Q.*** **A company called American Ferment, started in 1888, selling health food and other medical products is a big multinational now. What is its name now?**

a) Reckitt Benckiser b) Johnson and Johnson
c) Kellogg's d) Sandoz ***ans.*** **B**

**Solution:** জনসন অ্যান্ড জনসন হলো ১৮৮৬ সালে প্রতিষ্ঠিত একটি মার্কিন বহুজাতিক কোম্পানি; যা চিকিৎসা যন্ত্র, ঔষধ এবং মোড়কজাত ভোক্তা ব্যবহার্য পণ্য উৎপন্ন করে। এর সদর দফতর নিউ জার্সির নিউ ব্রন্সউইকে এবং ভোক্তা সহায়তা বিভাগ স্কিলম্যানে অবস্থিত।

***Q.*** **Hydrogen is used instead of Helium to fill ballons for metrology because**

a) of its low density
b) It is almost insoluble in water
c) It is not very reactive under normal conditions
d) It can be prepared easily ***ans.*** **A**

**Solution:** হিলিয়াম হলো বর্ণ, গন্ধ ও স্বাদহীন একটি নিষ্ক্রিয় গ্যাস। এটি পর্যায় সারণির দ্বিতীয় মৌল। এর ঘনত্ব ২০ ডিগ্রি সেলসিয়াসে এবং একক বায়ুমণ্ডলীয় চাপে ০.১৬৬৪ গ্রাম/লিটার। নিজস্ব কিছু গুণের কারণে হিলিয়াম বেশ কিছু দরকারি কাজে ব্যবহার করা হয়। সব মৌলের মধ্যে শুধু হাইড্রোজেন হিলিয়ামের চেয়ে হালকা; কিন্তু হাইড্রোজেন দাহ্য গ্যাস। তাই আবহাওয়া পরীক্ষার জন্য যে বেলুন আকাশে ওড়ানো হয়, তার ভেতর ব্যবহার করা হয় হিলিয়াম গ্যাস। হাঁপানি রোগীদের চিকিৎসায় এটি ব্যবহৃত হয়। হিলিয়াম নিঃশ্বাসের সঙ্গে নিলে হাঁপানি রোগীর শ্বাসকষ্ট লাঘব হয়। জলে লম্বা ডুব দিয়ে উঠে আসার পর

ডুবুরিকে চাঙ্গা করে তোলার জন্য এর দরকার পড়ে। এ ছাড়া লেজার আলোকরশ্মি তৈরি করতে নিয়ন গ্যাসের সঙ্গে হিলিয়াম ব্যবহৃত হয়।

***Q.*** **The international Date Line is the**

a) 180° Longitude b) 0° Longitude
c) 88°Longitude d) Equator ***ans.*** **A**

*Solution:* ১৮০ ডিগ্রি দ্রাঘিমারেখা বরাবর বিস্তৃত যে কাল্পনিক রেখার সাহায্যে পৃথিবীর বিভিন্ন অংশের দিন বা তারিখ নির্ণয় করা হয়, তাকে আন্তর্জাতিক তারিখ রেখা বলে। ১৮০ ডিগ্রি দ্রাঘিমারেখাকে পূর্ব বা পশ্চিম দিক থেকে অতিক্রম করলে একদিন বেড়ে বা কমে যায় বলে এই রেখাকে আন্তর্জাতিক তারিখরেখা হিসাবে গ্রহণ করা হয়েছে। এই আন্তর্জাতিক তারিখ রেখা অতিক্রম করে পূর্ব গোলার্ধে প্রবেশ করলে একদিন বেড়ে যায় এবং পশ্চিম গোলার্ধে প্রবেশ করলে একদিন কমে যায়।

***Q.*** **The study which deals with secret writing is known as**

a) Cryptography b) Secretology
c) Cytography d) Cryptology ***ans.*** **A**

*Solution:* Cryptography হলো কোডি ব্যবহারের মাধ্যমে তথ্য আদান প্রদান করা যাতে শুধু মাত্র যে তথ্য পাঠায় ও যার কাছে তথ্য যায় সে শুধু বুঝাতে পারে। Cryptography অর্থ হলো তথ্যগুলি বিদ্যা।

***Q.*** **Electronic payment system is a(n) . . . . .**

a) Software b) Package
c) Application d) Hardware ***ans.*** **C**

*Solution:* Application software হেলো এমন এক ধরনের সফটওয়ার যা ১টি বিশেষ কাজ করার জন্য তৈরি করা হয়। যেমনঃ MS Word, Electronic payment system, Mozilla, Excel, Outlook, Google, Chrome, Firefox, Skype ইত্যাদি।

***Q.*** **The fourth industrial revolution is termed as**

a) Industry 4.0 b) Industry 4.1
c) Industry 4.04 d) Industry 4.4 ***ans.*** **A**

*Solution:* Industry 4.0 also called the Fourth Industrial Revolution or 4IR is the next phase in the digitization of the manufacturing sector, driven by disruptive trends including the rise of data and connectivity, analytics, human-machine interaction and improvements in robotics.

***Q.*** **U Thant Award is given for**

a) Contribution to east understanding
b) Social service
c) Community leadership Journalism
d) Journalism ***ans.*** **Note**

*Solution:* শান্তি, কুটনৈতিক এবং মানবাধিকারের উপর U Thant Award প্রদান করা হয়।

## Dutch Bangla Bank PLC

**Recruitment Test for Sales Manager**

Examination Held On: 18.10.2024; Mark: 100; Time: 60 Minutes

***Q.*** **Choose the odd one out from the followings.**

a) OTP b) ABA c) SZX
d) UVB e) None of these ***ans.*** **B**

*Solution:* অপশন *b*) তে A ২ বার ব্যবহার হয়েছে। যা অন্যগুলো থেকে আলাদা। তাই উত্তর অপশন *b*).

***Q.*** **Pointing to a woman, Nazim said, "Her granddaughter is the only daughter of my brother." How is the woman related to Nazim?**

a) Mother b) Mother-in-law c) Grandmother
d) Sister e) None of these ***ans.*** **A**

*Solution:* একজন নারীকে লক্ষ্য করে নাজিম বলল, 'তার নাতনী আমার ভাইয়ের একমাত্র কন্যা'। ঐ নারীর সাথে নাজিমের সম্পর্ক কি? উত্তর হলো অপশন *a*).

***Q.*** **Sea Robins, a unique fish species known for their "walking" abilities, are primarily found in which type of habitat?**

a) Underground caves
b) Temperate oceans
c) Tropical and subtropical oceans
d) Saline takes
e) None of these ***ans.*** **C**

*Solution:* These bottom-dwelling fish, found in tropical and subtropical oceans, have six leg-like appendages that are extensions of their fins. This adaptation allows them to walk on the seafloor and taste hidden prey.

***Q.*** **When sending and e-mail, which of the following must be mentioned?**

a) Subject of the e-mail
b) Receiver's address
c) Attachment
d) Both (A) and (B)
e) None of these ***ans.*** **D**

***Q.*** **21st February was declared as the international Mother Language Day which organization?**

a) UNICEF b) UNCHR c) UNESCO
d) EU e) None of these ***ans.*** **C**

*Solution:* ১৯৯৯ সালের ১৭ নভেম্বর অনুষ্ঠিত ইউনেস্কোর প্যারিস অধিবেশনে একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয় এবং ২০০০ সালের ২১ ফেব্রুয়ারি থেকে দিবসটি জাতিসংঘের সদস্যদেশসমূহে যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে।

***Q.*** **Which of the following is a constitution organization of Bangladesh?**
a) University Grants Commission
b) Information Commission
c) Election commission
d) Bangladesh Bank
e) None of these ***ans.*** **C**

*Solution:* যেসকল প্রতিষ্ঠান বা সংস্থা প্রতিষ্ঠার ব্যাপারে সাংবিধানিক নির্দেশ আছে সেসকল প্রতিষ্ঠান বা সংস্থাকে সাংবিধানিক সংস্থা বলে।

| সাংবিধানিক প্রতিষ্ঠান বা সংস্থাগুলো হলঃ | বাংলাদেশে সাংবিধানিক পদ রয়েছে ৯টি। সেগুলো হলঃ |
|---|---|
| ১. নির্বাহী বিভাগ বা শাসন বিভাগ; | ১. রাষ্ট্রপতি; |
| ২. আইন বিভাগ; | ২. প্রধানমন্ত্রী; |
| ৩. বিচার বিভাগ; | ৩. স্পিকার; |
| ৪. নির্বাচন কমিশন; | ৪. প্রধান বিচারপতি; |
| ৫. সরকারি কর্ম কমিশন; | ৫. নির্বাচন কমিশনার; |
| ৬. অ্যাটর্নি জেনারেলের কার্যালয়; | ৬. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক; |
| ৭. মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়। | ৭. সংসদ সদস্য; |
| | ৮. এটর্নি জেনারেল; |
| | ৯. সরকারি কর্ম কমিশনের চেয়ারম্যান। |

***Q.*** **The total amount of interest earned from keeping money in a bank account for a year including compound interest is called-**
a) Annual Percentage Yield (APY)
b) Annual Percentage Rate (APR)
c) Total Interest Earned (TIE)
d) Total Annual Profit (TAP)
e) None of these ***ans.*** **A**

*Solution:* The annual percentage yield (APY) is the interest rate earned on an investment in one year, including compounding interest. A higher APY is better as your return will be higher. But Interest rates are usually given as an annual percentage rate (APR) – the total interest that will be paid in the year. If the interest is paid in smaller time increments, the APR will be divided up.

***Q.*** **If the stars are seen to rise perpendicular to horizon by an observer, he is located on which of the following places?**
a) Equator b) Tropic of cancer c) South pole d) North pole e) None of these ***ans.*** **A**

*Solution:* If the stars are seen to rise perpendicular to the horizon by an observer then the observer is at the equator because celestical equator is an imaginary circle around the sky directly above the earths equator. It is always 90° from the pole. All the stars rotate in a path that is parallel to the celestical equator.

***Q.*** **How many countries have got the status of the member state of the United Nations?**
a) 192 b) 193 c) 194
d) 195 e) None of these ***ans.*** **B**

*Solution:* বর্তমানে বিশ্বের মোট স্বাধীন দেশের সংখ্যা ১৯৫টি। এর মধ্যে ১৯৩টি দেশ জাতিসংঘের সদস্য। কিন্তু ভ্যাটিকান সিটি এবং ফিলিস্তিন এই দুটি দেশ জাতিসংঘের সদস্য দেশ নয়। তবে তারা জাতিসংঘের পর্যবেক্ষক দেশ।

***Q.*** **In banking, ACH stands for which of the following?**
a) Automatic Check Host
b) Annual Clearing House
c) Automated Closing Home
d) Automated Clearing House
e) None of these ***ans.*** **D**

*Solution:* An ACH transfer is an electronic, bank-to-bank money transfer processed through the Automated Clearing House (ACH) Network. The ACH network is a batch processing system that banks and other financial institutions use to aggregate these transactions for processing.

## *Recent Question*

***Q.*** **How many City Corporation are there in Bangladesh?**
a) 11 b) 12 c) 13
d) 14 e) None of these ***ans.*** **B**

*Solution:* সিটি কর্পোরেশন ১২টি (সর্বশেষ সিটি কর্পোরেশন ময়মনসিংহ)।

***Q.*** **Highest single contribution to the GDP in Bangladesh comes from which sector?**
a) Agricultural b) Service c) Industrial
d) Garments e) None of these ***ans.*** **B**

*Solution:* বর্তমানে বাংলাদেশের জিডিপিতে সেবা খাতের অবদান ৫০ শতাংশের বেশি। অন্য দুটি খাত হলো কৃষি ও শিল্প যাদের অবদান ৫০ শতাংশের কম।

## NRBC Bank PLC

**Recruitment Test for Trainee Assistant Officer**
**Examination Held On: 26.10.2024; Mark: 100; Time: 90 Minutes**

***Q.*** **Which of the following countries is the closest competitor of Bangladesh in the global RMG business?**
a) India b) China
c) Vietnam d) Sri Lanka ***ans.*** **C**

**Solution:** পোশাক শিল্পপণ্য রপ্তানিতে বাংলাদেশের নিকটবর্তী প্রতিযোগী দেশ হলো ভিয়েতনাম। পোশাক রপ্তানিতে কখনও বাংলাদেশ এগিয়ে যায়, আবার কখনও বাংলাদেশকে পেছনে ফেলে ভিয়েতনাম এগিয়ে যায়।

**Q. 1 kilogram is equal to-**

a) 2.21 Ibs b) 2.32 Ibs
c) 2.00 Ibs d) 1.89 Ibs ***ans.* A**

**Solution:** 1 kilogram = 2.21 Ibs. উল্লেখ্য,

| পাউন্ড | 0.01 পাউন্ড | 0.1 পাউন্ড | 1 পাউন্ড | 2 পাউন্ড |
|---|---|---|---|---|
| কিলোগ্রাম | 0.00453 কেজি | 0.04535 কেজি | 0.45359 কেজি | 0.90718 কেজি |

**Q. Qatar is located in-**

a) Western Asia b) Northern Asia
c) East Asia d) South Asia ***ans.* A**

**Solution:** কাতার পারস্য উপসাগরের একটি দেশ। এটি আরব উপদ্বীপের পূর্ব উপকূল থেকে উত্তর দিকে প্রসারিত কাতার উপদ্বীপে অবস্থিত। কাতারের আয়তন ১১,৪৩৭ বর্গ কিলোমিটার। কাতার বিশ্বের ষষ্ঠ সর্বোচ্চ মাথা পিছু আয়ের দেশ। কাতার বিশ্বের দ্বিতীয় সর্বোচ্চ গ্যাস রপ্তানি কারক দেশ। কাতার ব্রিটিশদের কাছ থেকে ৩ সেপ্টেম্বর ১৯৭১ সালে স্বাধীনতা পায়। এই দেশের মুদ্রাকে বলা হয় কাতারি রিয়্যাল। কাতারের রাজধানী দোহা।

**Q. Which of the following is the hardest rock?**

a) Granite b) Coal
c) Chalk d) Diamond ***ans.* D**

**Solution:** হীরা বর্ণহীন, স্বচ্ছ, স্ফটিকাকার কঠিন পদার্থ। প্রাকৃতিক জগতের সর্বাপেক্ষা কঠিন পদার্থ হলো হীরক। হীরকের আপেক্ষিক গুরুত্ব সবচেয়ে বেশি। হীরককে হীরক ব্যতিত অন্য কোন পদার্থ দ্বারা কাটা যায় না। এতে কার্বনের পরিমাণ শতকরা ১০০%। আসল হীরা চেনার উপায় হল এর ভেতর দিয়ে রঞ্জন রশ্মি যেতে পারে না। কাঁচ কাটার জন্য হীরক ব্যবহৃত হয়। হীরকের বৈশিষ্ট্য: আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ঘটে। সংকট কোণ ২৪ ডিগ্রী। এরা সবচেয়ে কঠিন পদার্থ এবং বিদ্যুৎ অপরিবাহী। চূর্ণ রং তৈরিতে ব্যবহার করা হয় ও কাঁচ কাটতে ব্যবহার করা হয়।

**Q. Which one is the top country in terms of per capita greenhouse gas emission?**

a) Japan b) China
c) USA d) Brazil ***ans.* C**

**Solution:** মাথাপিছু গ্রিনহাউজ গ্যাস নিঃসরণে প্রথম USA এবং $co_2$ গ্যাস নিঃসরণে প্রথম কাতার।

**Q. The Sustainable Development Goals (SDGs) consist of ___ goals.**

a) 27 b) 21
c) 17 d) 30 ***ans.* C**

**Solution:** Sustainable Development Goals বা সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা মোট ১৭টি লক্ষ্যমাত্রা এবং ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে। ২০১৫ সালে শেষ হওয়ার পর "টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা" নির্ধারণ করা হয়। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল পর্যন্ত।

**Q. The famous Satire 'Gulliver's Travel' was written by-**

a) J. K. Rowling
b) Jonathan Swift
c) William Shakespeare
d) Jane Austen ***ans.* B**

**Solution:** Gulliver's travels লিখেছেন Jonathan Swift. তাঁর আরো কিছু বিখ্যাত রচনা হলো A Modest Proposal, A tale of a Tub, Drapier's letters ইত্যাদি।

**Q. What is the name of the river that does not cross by any bridges?**

a) Yangtze b) Amazon
c) Nile d) Mwogo ***ans.* B**

**Solution:** নদী দিয়ে প্রবাহিত পানির পরিমান হিসাবে আমাজন নদী হল বিশ্বের বৃহত্তম। দৈর্ঘের হিসাবে নদীটি প্রায় ৬,৯০০ কিলোমিটার লম্বা। দীর্ঘপথে দক্ষিণ আমেরিকা মহাদেশের একপ্রান্ত থেকে অন্য প্রান্তে ভাগ করে দুপাশে বিশ্বের বৃহৎ আমাজন বনকে আগলে রেখেছে এই বন। এই নদীতে কোন সেতু আজ পর্যন্ত কেউ নির্মাণ করেনি।

**Q. The Designer of the National Martyrs` Monument is -**

a) Syed Mainul Hasan
b) Hamidur Rahman
c) Shaymol Chowdhury
d) Syed Abdullah Khalid ***ans.* A**

**Solution:** এক নজরে জাতীয় স্মৃতিসৌধঃ

| | | | |
|---|---|---|---|
| স্থপতি | সৈয়দ মঈনুল হোসেন | স্থাপিত হয় | ১০৯ একর জমির উপর |
| অবস্থিত | ঢাকার সাভারে | উচ্চতা | ৪৬.৫ মিটার বা ১৫০ ফুট |
| ভিত্তি প্রস্তর স্থাপন | ১৬ ডিসেম্বর, ১৯৭২ | ফলক | ৭ টি |
| ভিত্তি প্রস্তর স্থাপন করেন | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান | উদ্বোধন | ১৬ ডিসেম্বর, ১৯৮২ সালে |

**Q. Time difference of Bangladesh with 'Greenwich Mean Time' is -**

a) 6 hours b) 12 hours
c) 18 hours d) 24 hours ***ans.* A**

**Solution:** গ্রিনিচ মানমন্দির অবস্থিত যুক্তরাজ্যের লন্ডন শহরে। এই স্থান থেকে সময় পরিমাপের আদর্শ মান হিসেব করা হয়। গ্রিনিচ মান মন্দিরের নামানুসারে GMT বা গ্রিনিচ মিন টাইম ঠিক করা হয়। গ্রিনিচ মান সময় এমন একটি সময় পরিমাপক সিস্টেম যা মূলত সৌর সময়কে নির্দেশ করে। লন্ডনের উপকণ্ঠে গ্রিনিচ মানমন্দিরের উপর দিয়ে সুমেরু থেকে কুমেরু (উত্তর মেরু থেকে দক্ষিণ মেরু) পর্যন্ত যে রেখা কল্পনা করা হয় তাকে মূল মধ্যরেখা বলে। মূল মধ্যরেখার দ্রাঘিমা 0°. এটি ১৮৮৪ সালে স্থির করা হয়।



Daily ePapers
BD
Click here to join the channel